18. **The plural of 'thesis' is—** ইবি ইউনিট বি (1st Shift) ২০১৮-১৯ উত্তর খ
ক thesises খ theses গ theseses ঘ none of the above
Hints : *Thesis (যুক্তির দ্বারা সমর্থিত বা সমর্থনীয় বিবৃতি বা তত্ত্ব)-এর plural হলো theses।*

19. **Which one is singular number?** ইবি ইউনিট জি ২০১৮-১৯ উত্তর ঘ
ক data খ media গ criteria ঘ glass
Hints : *Option গুলোর মধ্যে singular number হলো glass যার plural number glasses। অন্যদিকে option-এর বাকি শব্দগুলো plural যাদের singular form যথাক্রমে datum, medium এবং criterion।*

20. **The plural form of 'radius' is —.** ইবি ইউনিট জি ২০১৮-১৯ উত্তর ঘ
ক radic খ radi গ radiusis ঘ radiuses
Hints : *Radius (ব্যাসার্ধ)-এর plural form হলো radiuses বা radii।*

21. **'Alumni' is the plural form of—** কুবি 'বি' ইউনিট ২০১৮-১৯ উত্তর ক
ক Alumnus খ Alummous গ Aluminus ঘ Aluminise
Hints : *Alumni হলো alumnus-এর plural form। Alumnus অর্থ স্কুল কলেজ বা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র।*

22. **Choose the correct singular form.** জাককানইবি ইউনিট এ-এল ২০১৮-১৯ উত্তর ঘ
ক corrigenda খ formulae গ oases ঘ radius
Hints : *Optionগুলোর মধ্যে singular number হলো radius যার plural form হলো radii। অন্যদিকে বাকি optionগুলো plural number যাদের singular number হলো যথাক্রমে corrigendum, formula এবং oasis।*

23. **Which of the following has no plural form?** জাককানইবি ইউনিট এ-এল ২০১৮-১৯ উত্তর গ
ক analysis খ crisis গ soap ঘ louse
Hints : *Option গুলোর মধ্যে plural form নেই এমন word হলো Soap। Soap-কে plural করতে two bars of soap, three bars of soap ইত্যাদি লিখতে হয়।*

www.boighar.com

বইঘর.কম

24. **The correct plural form of 'spectrum' is—** জাককানইবি ইউনিট এ-এল ২০১৮-১৯ উত্তর খ
ক spectrum খ spectra গ species ঘ imagery
Hints : *Spectrum (বর্ণালি)-এর plural form হলো spectra।*

25. **One of the most significant <u>phenomenons</u> of our time has been the development of cinema.** বশেমুরবিপ্রবি ইউনিট D (মানবিকী) ২০১৮-১৯ উত্তর খ
ক phenomenon খ phenomena গ phenomenonna ঘ phenomenonns

26. **Which of the following nouns is in plural form?** বশেমুরবিপ্রবি ইউনিট D (মানবিকী) ২০১৮-১৯ উত্তর খ
ক Radius খ Data
গ Medium ঘ Oasis

27. **Which of the following word is the plural form of brother?** জবি ইউনিট ই ২০১৭-১৮ উত্তর খ
ক gaudy খ brethren খ buddy ঘ bro
Hints : *Brother-এর plural form হলো brethren এবং brothers উভয়। দুভাবেই brother-এর plural form লেখা যায়।*

28. **Which plural word can be used as singular?** রাবি ইউনিট B ২০১৭-১৮ উত্তর খ
ক books খ ethics
গ princes ঘ universities

29. **Which one is plural?** রাবি ইউনিট G-L ২০১৭-১৮ উত্তর ক
ক Genera খ Agendum
গ Formula ঘ Genus

30. **Which of the following is a singular noun?** জবি ইউনিট A ২০১৬-১৭ উত্তর গ
ক Syllabi খ Phenomena গ Premium ঘ Media
Hints : *Syllabi (pl.) – syllabus (sing.); phenomena (pl.)– phenomenon (sing.); premium (sing.)– premia (pl); media (pl.)– medium (sing.)।*

31. **'Data' is a plural form of —** জবি ইউনিট E ২০১৬-১৭ উত্তর ক
ক Datum খ Datu গ Dates ঘ Dative

32. **The plural form of 'thief' is :** রাবি ইউনিট A (জোড়) ২০১৬-১৭ উত্তর খ
ক thiefs খ thieves গ thiefes ঘ thiefee
Hints : *যেসব শব্দের শেষে ef, fe, if থাকে তাদের plural করার সময় ef /fe/if এর পরিবর্তে ves বসে।*

33. **Change the word 'oasis' into plural :** রাবি ইউনিট E (জোড়) ২০১৬-১৭ উত্তর খ
ক oasas খ oases গ oasess ঘ oasises
Hints : *Singular noun শব্দের শেষে 'is' থাকলে তা plural করতে শেষে 'is' এর পরিবর্তে 'es' যোগ করতে হয়।*

34. **Singular form of 'agenda' is—** রাবি ইউনিট E (জোড়) ২০১৬-১৭ উত্তর ক
ক agendum খ agendam গ agendem ঘ agendua

35. **Identify the word that can be used as both singular and plural :** রাবি ইউনিট E (বিজোড়) ২০১৬-১৭ উত্তর খ
ক wood খ fish গ issue ঘ light

36. **Identify the singular number—** রাবি ইউনিট E (বিজোড়) ২০১৬-১৭ উত্তর গ
ক crises খ data গ axis ঘ phenomena

37. **Which one is singular?** রাবি ইউনিট G (কৃষি অনুষদ) ২০১৬-১৭ উত্তর গ
ক data খ mitochondria গ focus ঘ fungi
Hints : *Focus-singular, Plural-foci.*

www.boighar.com

Boighar.com

বইঘর.কম

CHAPTER 07 Uncountable Problems

সংখ্যার দিক দিয়ে Noun-কে প্রথমত দুই ভাগে ভাগ করা হয়। যথা : 1. Countable Noun— যেসব Noun কে গণনা করা যায়। যেমন— boy, ball, cat ইত্যাদি। Countable Noun-কে আবার দুইভাগে বিভক্ত করা হয়; Singular Noun ও Plural Noun। 2. Uncountable Noun— যেসব Noun গণনা করা যায় না, অথবা যেসব Noun দ্বারা দোষ, গুণ বা কাজের নাম বুঝায়। যেমন : water, rice, sugar, gold, driving ইত্যাদি।

7.1 **Common Uncountable Nouns : কিছু কিছু uncountable noun আছে যাদের সহজেই চেনা যায়। তাদের একটি সংক্ষিপ্ত তালিকা নিচে দেয়া হলো :** Tea, sugar, water, air, rice, beauty, coffee, milk, oxygen, wood, metal, sand, cheese, hair, French, chemistry, economics, science, math, salt, food.

▶ **Which of the following words does fall under uncountable noun?** শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২০০৮-০৯

ক Star খ Rice √
গ Field ঘ Foe

▶ **Which of the following is an uncountable noun?** কারা অধিদপ্তরের অধীন করা তত্ত্বাবধায়ক ২০১৩

ক Pen খ Shirt
গ Book ঘ Food √

7.2 **The Uncommon Uncountables : ভাষাভেদে Uncountable noun-এর ধারণা ভিন্ন হতে পারে। যেমন— বাংলা ভাষায় 'কাজ' শব্দটি সাধারণভাবে countable হলেও ইংরেজিতে work শব্দটি uncountable হিসেবে বিবেচিত হয়। পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ এমন কিছু uncommon uncountable noun-এর একটি তালিকা নিচে দেয়া হলো :** Accommodation, advice, baggage, bread, brick, chess, chewing gum, corn, courage, danger, equipment, expenditure, fun, furniture, grass, homework, ignorance, information, knowledge, leisure, lightning, luck, luggage, machinery, money, music, news, patience, permission, poetry, poverty, progress, publicity, research, rubbish, scenery, slang, soap, thunder, time, traffic, vocabulary, weather, work.

▶ **Which kind of noun 'money' is?** ইসলামী বিশ্ববিদ্যালয় বি ইউনিট ২০১৪-১৫

ক Collective noun খ Abstract noun
গ Countable noun ঘ Uncountable noun √

▶ **We had some <u>fun</u>. The underlined word is—** জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞান) ২০১৪-১৫

ক an uncountable noun √ খ a countable noun
গ a proper noun ঘ a mass noun

www.boighar.com

বইঘর.কম

7.3 ইংরেজিতে কিছু uncountable noun আছে যাদের বিকল্প countable noun পাওয়া যায়। নিচের তালিকাটি দেখুন।

SL	Uncountable Noun	Countable Alternative
1	Accommodation	A house
2	Advice	Tip, suggestion
3	Baggage	Bag
4	Corn	Crops
5	Electricity	Battery
6	Equipment	Tool
7	Furniture	Table/Chair
8	Information	Fact, Report
9	Jewellery	Ornament
10	Luggage	Suitcase
11	Machinery	Machine
12	Money	Dollar
13	Music	Song
14	Population	People
15	Scenery	View
16	Traffic	Vehicle
17	Travel	Journey
18	Vocabulary	Word
19	Weather	Climate
20	Wine	Bottle
21	Work	Job

7.4 Uncountable Noun-এর পূর্বে a/an বসে না বা এদের পর s/es যুক্ত হয় না।

▶ **In order to improve farming methods, we need—.**

ⓚ machine ⓚ machinery

ⓖ a machinery ⓖ machineries

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
এ২ ইউনিট ২০১৪-১৫

Hints : *Machinery (কলকজা) uncountable noun। তাই এর পূর্বে a বসানো যাবে না এবং এর plural form (machineries) হবে না। তাছাড়া machine (যন্ত্র) countable noun হওয়ায় এর পূর্বে a বসানো উচিত ছিল অথবা plural form ব্যবহৃত হওয়া উচিত ছিল। তাই এটি ভুল।*

7.5 Uncountable Noun-এর ক্ষেত্রে 'একটি' বুঝাতে চাইলে এর পূর্বে a piece of বা এ জাতীয় শব্দগুচ্ছ বসাতে হবে।

Uncountable Noun	Uncountable Noun with a
Advice	a piece of advice
Baggage	a piece/an item of baggage
Bread	a piece/slice of bread, a loaf, a roll
Chess	a game of chess
Chewing gum	a piece of chewing gum
Equipment	a piece of equipment
Furniture	a piece/an article of furniture
Information	a piece of information

www.boighar.com

Uncountable Noun	Uncountable Noun with a
Lightning	a flash/bolt of lightning
Luck	a piece/bit/stroke of luck
Wind	a gust of wind
Luggage	a piece/an item of luggage
News	a piece of news
Jewellery	a piece of jewellery
Grass	a blade of grass
Research	a piece of research
Rubbish	a piece of rubbish
Music	a piece of music
Soap	a bar/piece of soap
Work	a piece of work
Thunder	a clap of thunder
Corn	an ear of corn

▶ **I need — soap to wash my dress with.** ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ ইউনিট ২০০২-০৩

ক any খ a piece of √ গ a ঘ much

7.6 **যেসব uncountable noun-কে a piece of বা অনুরূপ শব্দগুচ্ছ দ্বারা singular করা যায়, সেগুলোর pluralও করা যায়। যেমন— two pieces of information, three pieces of furniture etc.।**

▶ **I bought — for my laboratory last week.** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ঘ ইউনিট ২০১১-১২

ক two equipments খ two pieces of equipments
গ two pieces of equipment√ ঘ two equipment pieces

7.7 **Uncountable Noun-এর পূর্বে সাধারণত the বসে না, তবে নির্দিষ্ট করে বুঝালে the বসতে পারে।**

▶ **Nasrin is an interior decorator, designs—** ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ ইউনিট ২০০০-০১

ক furniture √ খ the furniture
গ furniture's ঘ some furniture

Hints : এখানে সাধারণভাবে furniture-কে বুঝানো হয়েছে, তাই the বসেনি। কিন্তু নিচের Example টি দেখুন—

▶ **The — of the office will be sold.** ঢাকা বিশ্ববিদ্যালয় ২০০২-০৩

ক furniture √ খ furnitures
গ the lover ঘ the patriots

Hints : এখানে নির্দিষ্ট অফিসের furniture কে বুঝানো হয়েছে, তাই এর পূর্বে the বসেছে।

7.8 **Uncountable Noun-এর পূর্বে uncountable determiner বসে অথবা এমন determiner বসে যা countable ও uncountable উভয় প্রকার noun-এর পূর্বে বসতে পারে।**

▶ **She wants to satisfy her thirst. But there is — water in the glass.** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বি ইউনিট ২০১৪-১৫

ক few খ not many
গ a little √ ঘ a few

বইঘর.কম

Hints : *এখানে 'water' uncountable noun যার পূর্বে uncountable determiner বসবে। প্রদত্ত option ক. খ. ও ঘ. তে countable determiner আছে, তাই এগুলো ভুল। একমাত্র (গ) তে আছে uncountable determiner আর এটিই সঠিক উত্তর।*

▶ **Choose the correct sentence.** ঢাকা বিশ্ববিদ্যালয় ইউনিট গ ২০১১-১২

ⓚ We have many works to do in summer
ⓚ We have much works to do in summer
ⓖ We have a lot of work to do in summer √
ⓖ We have lot of works to do in summer
ⓖ We have many a lot of works to do in summer

Hints : *Work একটি uncountable noun, তাই এর সাথে s যুক্ত হবে না। সুতরাং (ক), (খ), (ঘ) ও (ঙ) উত্তরগুলো ভুল। সঠিক উত্তর (গ), কারণ a lot of এমন একটি determiner যা countable ও uncountable উভয় noun-এর পূর্বে বসতে পারে।*

7.9 যতই আধিক্য বুঝাক না কেন, uncountable noun যদি subject হিসেবে থাকে তাহলে verb টি সর্বদা singular হবে। যেমন— A lot of money has been spent.

▶ **No news — good news.** জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঘ ইউনিট ২০০৯-১০

ⓚ is √ ⓚ are ⓖ was ⓖ were

Hints : *এখানে news শব্দটি uncountable আর বাক্যটি সাধারণ প্রবাদ বাক্য হওয়ায় সঠিক উত্তর হবে is।*

7.10 Few অথবা Little-এর পূর্বে যদি only আসে তাহলে only a few বা only a little বসাতে হয়। যেমন—

▶ **— can be grown on arid land** ঢাকা বিশ্ববিদ্যালয় বি ইউনিট ২০০২-০৩

ⓚ Only a few crops √ ⓚ Only few crop
ⓖ Only a little crops ⓖ Only little crop

Hints : *Crops countable হওয়ায় সঠিক উত্তর হয়েছে Only a few crops।*

7.11 ভাষার নাম সাধারণত uncountable হয়। তাই এর পূর্বে uncountable determiner বসে।

▶ **Tamara speaks very — Russian, but she knows — words.** ইসলামী বিশ্ববিদ্যালয় বি ইউনিট ২০১১-১২

ⓚ little, a little ⓚ little, a few √
ⓖ few, little ⓖ a few, few

Hints : *রুশ ভাষা uncountable হওয়ায় এর পূর্বে uncountable determiner little বসবে, আর words শব্দটি countable হওয়ায় এর পূর্বে বসবে a few।*

7.12 কিছু কিছু uncountable noun আছে যাদের সাথে–s যোগ করলে অর্থের পরিবর্তন ঘটে এবং এগুলো countable হয়ে যায়। যেমন—

Uncountable	Countable with-s
Food	Foods (বিভিন্ন প্রকার খাবার)
Time	Times (বার, বিভিন্ন সময়)
Sand	Sands (বিস্তৃত বালুকারাশি)
Water	Waters (জলাশয়, সমুদ্র)
Work	Works (সাহিত্যকর্ম, শিল্পকর্ম)

▶ I have finished reading the works of Shakespeare.
▶ We pray five times a day.

www.boighar.com

Boighar.com

THE REAL TEST 07

BCS & Other Exams' Questions

01. **— is not the only thing that tourists want to see.** (২৪তম বিসিএস, উত্তর ঘ)
ক A scenery খ Sceneries
গ The sceneries ঘ Scenery
Hints : *Scenery শব্দটি Uncountable Noun হওয়ায় এর পূর্বে a বসবে না এবং এর পর s/es যুক্ত হবে না। তাই (ক), (খ) ও (গ) উত্তরগুলো ভুল। সঠিক উত্তর হবে (ঘ)।*

02. **We need to buy some new—** (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ ধাপ) ২০১৯, উত্তর খ)
ক furnishers খ furniture
গ furnisher ঘ furnitures
Hints : *Furniture (আসবাবপত্র; গৃহসজ্জা) শব্দটি Uncountable-এর কোনো plural form নেই। সুতরাং শূন্যস্থানে furniture শব্দটি ব্যবহৃত হবে।*

03. **The countable form of 'laughter' is—** (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় ধাপ) ২০১৯, উত্তর খ)
ক all of the above খ Laugh
গ a laugh ঘ The laugh
Hints : *'Laughter' (সশব্দ হাসি) শব্দটি uncountable noun যার countable form হলো laugh। কেননা laugh-এর ক্ষেত্রে আমরা বলতে পারি a laugh, two laughs ইত্যাদি।*

04. **I need some — . The correct answer is —** (পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৯, উত্তর ঘ)
ক advices খ advise
গ advises ঘ advice
Hints : *Advice শব্দটি uncountable। সুতরাং এর কোনো plural form নেই। আর advice-এর পূর্বে some বসতে পারে। কারণ some, any determiner-গুলো countable এবং uncountable উভয় noun-এর পূর্বে বসতে পারে।*

05. **We need as— people as possible.** (বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) ২০১৮, উত্তর ক)
ক many খ much
গ most ঘ enough
Hints : *Countable noun people-এর পূর্বে countable determiner many বসবে। আর many বসিয়ে বাক্যটির বাংলা : আমাদের যতটা সম্ভব অনেক লোকজন প্রয়োজন।*

06. **The — of the office will be sold.** (SESIP সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ২০১৫, উত্তর ক)
ক furniture খ furnitures
গ furnish ঘ furnishing
Hints : *Furniture এমন একটি word যার কোনো plural রূপ নেই।*

07. **Which of the following is an uncountable noun?** (কারা অধিদপ্তরের অধীন করা তত্ত্বাবধায়ক ২০১৩, উত্তর ঘ)
ক Pen খ Shirt
গ Book ঘ Food

www.boighar.com

বইঘর.কম

08. Questions will be answered by a— of experts.

ক panel খ staff গ bunch ঘ band

Hints : *বিশেষজ্ঞদের (expert) দল বোঝাতে panel ব্যবহৃত হয়। Staff— কোনো প্রতিষ্ঠানের কর্মচারীবৃন্দ, উর্ধ্বতন সামরিক কর্মকর্তাদের গোষ্ঠী, bunch— গুচ্ছ, band— দল।*

Uttara Bank Ltd. Assistant Officer (Cash) 2017 উত্তর ক

09. The jacket costs —.

ক too much খ too many

গ expensive ঘ none of these

Hints : *Cost শব্দটি uncountable হওয়ায় তার পরে too many না হয়ে too much হবে।*

Janata Bank Ltd. Senior Officer (IT) 2016 উত্তর ক

University & Medical Questions

01. Which expression is correct?

ক ten cattles খ one cattle

গ ten head of cattle ঘ ten heads of cattle

Hints : *এক ঝাঁক পাখি বা একদল পশু বোঝাতে head ব্যবহৃত হলে head-এর plural অপরিবর্তিত থাকে। সুতরাং সঠিক expression হলো ten head of cattle।*

রাবি ইউনিট A কলা অনুষদ (সকাল, গ্রুপ-১) ২০১৯-২০ উত্তর গ

02. — in this display is for sale.

ক Each furniture খ Each pieces of furniture

গ Each piece of furniture ঘ Each furniture's

বশেমুরবিপ্রবি ইউনিট E (সামাজিক বিজ্ঞান) ২০১৯-২০ উত্তর গ

03. He is one of the honest —— in our society.

ক man খ mans

গ men ঘ mens

Hints : *One of the-এর পর noun-এর plural form ব্যবহৃত হয়। আর singular noun man-এর plural form হলো men। সুতরাং শূন্যস্থানে men বসবে।*

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (বিজ্ঞান অনুষদ) ২০১৮-১৯ উত্তর গ

04. The word 'poetry' is—

ক a countable noun খ an uncountable noun

গ a plural noun ঘ an abstract noun

Hints : *Poetry শব্দের অর্থ a collection of poems যা uncountable noun হিসেবে পরিচিত।*

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিট বি ২০১৭-১৮ উত্তর খ

05. Although Shakespeare received — formal education, he was influenced by the works of classical authors. Choose the right option to fill in the sentence.

ক much খ none

গ a lot ঘ little

Hints : *'নাই বললেই চলে'—এ ধরনের expression এর ক্ষেত্রে uncountable noun এর পূর্বে 'determiner' হিসেবে little ব্যবহৃত হয়।*

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ব ইউনিট C ২০১৬-১৭ উত্তর ঘ

06. She wanted to serve some coffee to her guests; however, — .

ক she hadn't sugar much

খ there was not a great amount of the sugar

গ she did not have much sugar

ঘ she was lacking in amount of the sugar

Hints : *'Sugar' uncountable noun হওয়ায় এর পূর্বে uncountable determiner 'much' বসে।*

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় B 1 ইউনিট ২০১৫-১৬ উত্তর গ

www.boighar.com

07. **The plural form of 'information' is — .**
ক) informations খ) none
গ) information ঘ) informationes
Hints : *Information শব্দটি uncountable বলে এর কোনো plural form নেই।*

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় B ইউনিট ২০১৫-১৬ উত্তর : খ

08. **I don't have — spare time these days.**
ক) many খ) much
গ) some ঘ) more

বইঘর.কম

রাজশাহী বিশ্ববিদ্যালয় ই ইউনিট ২০১০-১১ উত্তর খ

09. **There is — on the roads today.**
ক) too many traffic খ) very much traffic
ঘ) too much traffic ঘ) few trffics

রাজশাহী বিশ্ববিদ্যালয় এ ইউনিট ২০১০-১১ উত্তর গ

10. **Choose the correct sentence.**
ক) I need a few furnitures খ) I do not need many furnitures.
গ) I do not need some furnitures ঘ) I need some furniture

ঢাকা বিশ্ববিদ্যালয় বি ইউনিট ২০০৪-০৫ উত্তর ঘ

11. **— is currently available to researchers and physicians who study the indigenous life of Bangladesh.**
ক) A little information খ) Few information
গ) Little information ঘ) A few information
Hints : *Non-count noun-এর পূর্বে little এবং a little উভয়ই ব্যবহৃত হয়। Little ব্যবহার করে negative idea (not much) বোঝায় এবং a little দ্বারা positive idea (some) বোঝায়। [Ref : BARRON'S TOEFL, Problem 69 এবং Oxford Advanced Learner's Dictionary 10th edition]*

ঢাকা বিশ্ববিদ্যালয় ডি ইউনিট ২০০৩-০৪ উত্তর Note

12. **I'm trying to calculate— .**
ক) how many money you owe me খ) you owe me how much money
গ) you owe me how many money ঘ) how much money you owe me

ঢাকা বিশ্ববিদ্যালয় ডি ইউনিট ২০০৪-০৫ উত্তর ঘ

13. **I did not have — luggage, just two small bags.**
ক) little খ) a little
গ) much ঘ) many
ঙ) few

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বি ইউনিট ২০০৯-১০ উত্তর গ

14. **I am going to buy — bread for breakfast.**
ক) a খ) the
গ) some ঘ) lot
ঙ) two

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ব. এ১ ইউনিট ২০১৪-১৫ উত্তর গ

15. **We will need only— food for the picnic.**
ক) a few খ) a little
গ) a many ঘ) the little

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ব. বি ইউনিট ২০১২-১৩ উত্তর খ

16. **There are too many — during television shows.**
ক) advertising খ) advertisement
গ) advertisings ঘ) advertisements

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ব. বিবিএ ইউনিট ২০১২-১৩ উত্তর ঘ

বইঘর.কম

CHAPTER

08 Gender of Noun

ইংরেজি ভাষায় এমন কিছু সুনির্দিষ্ট শব্দ আছে যেগুলো দিয়ে শুধু পুরুষ বা নারীকে বুঝায় অথবা উভয়কে বুঝায় অথবা এদের কাউকে না বুঝিয়ে অন্য কোনো অচেতন পদার্থকে বুঝায়। এই শব্দ বা word-গুলোকে Gender বলে। যেহেতু Gender ইংরেজি ব্যাকরণের একটি উল্লেখযোগ্য বিষয়, তাই এ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হলো।

8.1 Gender প্রধানত চার প্রকার। যথা— i. Masculine gender (পুং লিঙ্গ); ii. Feminine gender (স্ত্রী লিঙ্গ); iii. Common gender (উভয় লিঙ্গ) এবং iv. Neuter gender (ক্লীব লিঙ্গ)।

▶ **How many types of Gender are there?** প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বিটা) ২০১৪

ⓚ One type ⓚ Two types
ⓖ Three types ⓖ Four types√

▶ **Which one is not a kind of gender?** ইসলামী বিশ্ববিদ্যালয় ২০১০-১১

ⓚ Masculine ⓚ Feminine
ⓖ Neuter ⓖ Abstract√

8.2. Gender পরিবর্তন হয়ে থাকে সাধারণত Masculine থেকে Feminine বা Feminine থেকে Masculine। আর সম্পূর্ণ ভিন্ন শব্দ ব্যবহার করে অধিকাংশ ক্ষেত্রে এ পরিবর্তন করা হয়। যেমন—

Masculine	Feminine
Bachelor (অবিবাহিত পুরুষ)	Spinster/Maid (অবিবাহিতা স্ত্রীলোক)
Beau (সুন্দর পুরুষ)	Belle (সুন্দর নারী)
Boar (শূকর)	Sow (শূকরী)
Brother (ভাই)	Sister (বোন)
Buck (হরিণ)	Doe (হরিণী)
Drake (পাতিহাঁস)	Duck (পাতিহাঁসী)
Drone (পুং মৌমাছি)	Bee (স্ত্রী মৌমাছি)
Gander (রাজহংস)	Goose (রাজহংসী)
Lad (বালক)	Lass (বালিকা)
Monk, Friar (মঠবাসী)	Nun (মঠবাসিনী)
Sloven (নোংরা ও অগোছালো পুরুষ)	Slut (নোংরা ও অগোছালো মহিলা)

www.boighar.com

Masculine	Feminine
Stag (হরিণ)	Hind (হরিণী)
Swain (নাগর)	Nymph (রূপসী নারী)
Tailor (দর্জি)	Seamstress (মহিলা দর্জি)
Wizard (যাদুকর)	Witch (যাদুকরী)

▶ **The feminine gender of 'drone' is—** রাজশাহী বিশ্ববিদ্যালয় 'ই' ইউনিট ২০১৪-১৫

ⓚ bee √ ⓚ hind
ⓖ ewe ⓖ lass

▶ **The feminine form of 'tailor' is—** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় 'এ' ইউনিট ২০১৪-১৫

ⓚ seamstress √ ⓚ tailoress
ⓖ tailorise ⓖ she-tailor
ⓖ none

▶ **The masculine gender of 'hind' is—** ইসলামী বিশ্ববিদ্যালয় এইচ ইউনিট ২০১৪-১৫

ⓚ stage ⓚ stag √
ⓖ hindes ⓖ hinddess

৪.৩ কিছু Masculine noun আছে যাদের মূল শব্দের কোনো পরিবর্তন না করে শেষে ess যোগ করে Feminine noun গঠন করা যায়। যেমন—

Masculine	Feminine
Author (লেখক)	Authoress (লেখিকা)
God (দেবতা)	Goddess (দেবী)
Heir (উত্তরাধিকারী)	Heiress (উত্তরাধিকারিনী)
Host (অতিথিসেবক)	Hostess (অতিথিসেবিকা)
Lion (সিংহ)	Lioness (সিংহী)
Manager (ব্যবস্থাপক)	Manageress (মহিলা ব্যবস্থাপক)
Patron (পৃষ্ঠপোষক)	Patroness (পৃষ্ঠপোষিকা)
Poet (কবি)	Poetess (মহিলা কবি)
Prince (রাজপুত্র)	Princess (রাজকন্যা)

▶ **What is the feminine gender of 'heir'?** রাজশাহী বিশ্ববিদ্যালয় ২০০৫-০৬

ⓚ heiress √ ⓚ heires
ⓖ haires ⓖ heirs

▶ **What is the opposite gender of 'poet'?** ইসলামী বিশ্ববিদ্যালয় ২০০৫-০৬

ⓚ Poetess √ ⓚ Female poet
ⓖ Poet ⓖ Poetress

৪.৪ যেসব Masculine gender-এর শেষে or, er, ro, ary রয়েছে, তাদেরকে Feminine gender-এ পরিবর্তিত করার জন্য e, o, a উঠিয়ে দিয়ে r-এর পর ess যোগ করতে হয়। যেমন—

Masculine	Feminine
Actor (অভিনেতা)	Actress (অভিনেত্রী)
Emperor (সম্রাট)	Empress (সম্রাজ্ঞী)

বইঘর.কম

Masculine	Feminine
Governor (অভিভাবক)	Governess (অভিভাবিকা)
Hunter (পুরুষ শিকারি)	Huntress (মহিলা শিকারি)
Tiger (বাঘ)	Tigress (বাঘিনী)
Tutor (শিক্ষক)	Tutress (শিক্ষিকা)
Waiter (পরিচারক)	Waitress (পরিচারিকা)

▶ **What is the feminine gender of "Tiger"?** প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০১২

ⓚ trigren ⓚ tigress √
ⓖ tigeri ⓖ tigerian

8.5 Compound noun-এর masculine অংশকে feminine-এ রূপান্তর করে gender পরিবর্তন করা যায়। এই পরিবর্তন compound noun-এর প্রথম অংশে বা দ্বিতীয় অংশে হতে পারে। যেমন—

Masculine	Feminine
Boy-baby (ছেলে শিশু)	Girl-baby (মেয়ে শিশু)
Billy-goat (পাঠা)	Nanny-goat (পাঠী)
Father-in-law (শ্বশুর)	Mother-in-law (শাশুড়ি)
Fisherman (জেলে)	Fisherwoman (জেলেনি)
Jack-ass (পুরুষ গাধা)	She-ass (মাদী গাধা)
Milk-man (গোয়ালা)	Milk-maid (গোয়ালিনী)
Peacock (ময়ূর)	Peahen (ময়ূরী)

▶ **Which one is the correct masculine form of 'she-ass'?** ঢাকা বিশ্ববিদ্যালয় ২০০২-০৩

ⓚ He-ass ⓚ Pea-ass
ⓖ Jack-ass √ ⓖ Jhone-ass

8.6 কিছু Noun আছে যাদেরকে masculine থেকে feminine-এ রূপান্তরের কোনো সুনির্দিষ্ট নিয়ম নেই। যেমন—

Masculine	Feminine
Abbot (মঠাধ্যক্ষ)	Abbess (মঠাধ্যক্ষা)
Duke (সম্ভ্রান্ত পুরুষ)	Duchess (সম্ভ্রান্ত নারী)
Marquis/Marquess (সম্ভ্রান্ত ব্যক্তি)	Marchioness (সম্ভ্রান্ত মহিলা)
Master (কুমার)	Miss (কুমারী)

▶ **Masculine gender of 'abbot'.** ইসলামী বিশ্ববিদ্যালয় 'বি' ইউনিট ২০১৪-১৫

ⓚ abess ⓚ abbes
ⓖ abbess √ ⓖ abbotess

▶ **'Duchess' is feminine of—** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা ২০১০

ⓚ Dramatist ⓚ Dutchman
ⓖ Duke √ ⓖ Earl

8.7 ইংরেজি ভাষায় কতগুলো বিদেশি শব্দ তাদের Feminine form সহ প্রবেশ করেছে। নিচে এগুলোর একটি list দেওয়া হলো। যেমন—

www.boighar.com

Masculine	Feminine
Administrator (পরিচালক)	Administratrix (পরিচালিকা)
Alexander	Alexandra
Czar (রাশিয়ার সম্রাট)	Czarina (রাশিয়ার সম্রাজ্ঞী)
Charles	Charlotte/Caroline
Comedian	Comedienne
Don (মহাশয়)	Donna/Dona (মহাশয়া)
Hero (বীর)	Heroine (বীরাঙ্গনা)
Henry	Henrietta/Harriet
Joseph	Josephine
John	Jane
Sultan (সুলতান)	Sultana (সুলতানা)
Signor	Signora
Viceroy	Vicereine
William	Wilhelmina

বইঘর.কম

▶ **Which one is the opposite gender of the word 'Administrator'?** সরকারি মাধ্যমিক সহকারী শিক্ষক ১৯৯৮

ⓚ Administratrix √ ⓚ Administratee
ⓖ Administraten ⓖ Female Administrator

▶ **The feminine gender of 'signor' is—** ইসলামী বিশ্ববিদ্যালয় 'সি' ইউনিট ২০১৪-১৫

ⓚ signora √ ⓚ signonr
ⓖ signoress ⓖ signorer

5.8 এমন কিছু Noun আছে যেগুলোর masculine gender হয় কিন্তু feminine gender হয় না। যেমন—

Chairman (সভাপতি)
Coward (কাপুরুষ)
Judge (বিচারক)
Knight (বীর)
Parson (পাদ্রী)
Squire (সম্ভ্রান্ত পুরুষ) ইত্যাদি

▶ **Which one is a masculine gender?** রাজশাহী বিশ্ববিদ্যালয় ২০০৯-১০

ⓚ nurse ⓚ judge √
ⓖ virgin ⓖ shrew

5.9 আবার এমন কিছু Noun আছে যাদের দ্বারা শুধুমাত্র feminine gender কে বোঝানো হয়, এবং এদের কোনো masculine form নেই। যেমন—

Amazon (পুরুষালী স্বভাবের নারী)
Blonde (সোনালী চুল ও বর্ণ বিশিষ্ট রমণী)
Brunette (কালো চুল ও চোখ বিশিষ্ট রমণী)
Coquette (ছিনাল মহিলা)
Flirt (ছিনাল)
Laundren (ধোপানী)
Nurse (সেবিকা)
Prude (কৃত্রিম লজ্জাবতী)
Shrew (কলহপ্রিয় মহিলা)
Siren (কুহকিনী)
Termagant (ঝগড়াটে মহিলা)
Virgin (পবিত্র নারী) ইত্যাদি

▶ **Which of the following is always feminine?** রাজশাহী বিশ্ববিদ্যালয় ২০০৫-০৬

ⓚ fowl ⓚ foal
ⓖ spouse ⓖ shrew √

বইঘর.কম

8.10 এমন কিছু Noun আছে যেগুলো স্ত্রী-পুরুষ উভয়ের ক্ষেত্রে প্রয়োগ করা যায় এবং এজন্যই তাদেরকে common gender বলা হয়। যেমন—

Ass (পুরুষ গাধা বা মাদী গাধা)
Beggar (ভিখারী বা ভিখারিণী)
Baby (ছেলে বা মেয়ে শিশু)
Chairperson (পুরুষ/মহিলা সভাপতি)
Captain (পুরুষ/মহিলা অধিনায়ক)
Cat (পুরুষ বা মাদী বিড়াল)
Child (খোকা/খুকী)
Cousin (চাচাত, খালাত, মামাত ভাই বা বোন)
Deer (হরিণ বা হরিণী)
Elephant (পুরুষ বা মাদী হাতি)
Enemy (পুরুষ বা মহিলা শত্রু)
Foal (মর্দা বা মাদী ঘোড়ার বাচ্চা)
Fox (মর্দা বা মাদী খেক শিয়াল)
Fowl (মোরগ বা মুরগী)
Friend (বন্ধু বা বান্ধবী)
Infant (কন্যা বা পুত্র শিশু)
Parent (পিতা বা মাতা)
Monarch (সম্রাট বা সম্রাজ্ঞী)
Orphan (এতিম বালক বা বালিকা)
Person (নারী বা পুরুষ)
Pig (শূকর/শূকরী)
Pupil (ছাত্র বা ছাত্রী)
Rat (মর্দ বা মাদী ইঁদুর)
Relation (আত্মীয় বা আত্মীয়া)
Spouse (স্বামী বা স্ত্রী)
Servant (চাকর বা চাকরানী)

▶ **Which of the following can be both masculine and feminine?** তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ২০১৯
ক Nun খ Monk গ Spinster ঘ Spouse √

8.11 আবার কিছু অচেতন পদার্থকে সচেতন হিসেবে ধরে নিয়ে Masculine বা Feminine gender রূপে ব্যবহার করা যায়। এক্ষেত্রে sun, winter, summer, thunder, death, war, danger, fear, love, time, day, june, revenge ইত্যাদি Masculine এবং earth, hope, moon, spring, solitude, liberty, modesty, nature, mercy, religion, justice, autumn, night, truth, church, virtue ইত্যাদি Feminine gender হিসেবে ব্যবহৃত হয়। এছাড়াও দেশের নাম, বিমান, ট্রেন, জাহাজ ইত্যাদির নামকে Feminine gender হিসেবে ধরা হয়। যেমন—

▶ **Which one is masculine gender?** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ২০০৫-০৬
ক Miss খ Spring
গ Liberty ঘ Death √

▶ **Which of the following noun is used in the masculine form?** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় খ ইউনিট ২০১০-১১
ক Time √ খ Autumn
গ Moon ঘ Peace
ঙ All

8.12. বস্তুর নাম, শিশু, ইতর প্রাণী, collective noun ইত্যাদিকে neuter gender হিসেবে ধরা হয়। যেমন—

▶ **The dog ate—meat.** পাসপোর্ট অ্যান্ড ইমিগ্রেশন সহকারী পরিচালক ২০০৬
ক its √ খ it
গ it's ঘ his

www.boighar.com

THE REAL TEST 08

BCS Preliminary Questions

1. **Which one of the following words is masculine?**
   ক mare খ lad গ pillow ঘ pony
   Hints : *Option-গুলোর মধ্যে masculine (পুরুষবাচক) শব্দ হলো lad যার অর্থ বালক; কিশোর; ছোকরা। Option-এর বাকি তিনটি শব্দ mare অর্থ ঘোটকী; মাদি ঘোড়া, pillow অর্থ বালিশ এবং pony অর্থ টাট্টুঘোড়া।*
   ৪০তম বিসিএস
   উত্তর খ

2. **What is the masculine gender of 'mare'?**
   ক Mermaid খ Bear গ Stallion ঘ Dog
   Hints : *Mare অর্থ ঘোটকী। Mermaid— মৎস্যকন্যা, Bear— ভল্লুক, Stallion— ঘোটক বা ঘোড়া, Dog—কুকুর। প্রশ্নে Mare বা ঘোটকীর Masculine বা পুংলিঙ্গ জানতে চাওয়া হয়েছে।*
   ৩৪তম বিসিএস; বাংলাদেশ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মাঠ কর্মকর্তা ২০১৩
   উত্তর গ

PSC & Other Exams' Questions

1. **A noun that denotes a thing that is neither male nor female is called —**
   ক masculine gender খ feminine gender
   গ neuter gender ঘ none
   Hints : *Noun, pronoun বা adjective দ্বারা পুরুষবাচক অর্থ প্রকাশ পেলে তাকে masculine gender বলে। স্ত্রীবাচক অর্থ প্রকাশ পেলে তাকে feminine gender বলে। আর যদি পুরুষ বা মহিলার কোনোটিই না বুঝায় তবে তাকে neuter gender বলে।*
   স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কোস্ট গার্ড-এর উপ-সহকারী প্রকৌশলী (পূর্ত) ২০২০
   উত্তর গ

2. **Select the feminine gender :**
   ক Nun খ Bishop গ Clergy ঘ Hare
   Hints : *Feminine gender (স্ত্রীবাচক শব্দ)টি হলো Nun (সন্ন্যাসিনী)। তাছাড়া Bishop অর্থ উচ্চপদস্থ খ্রিস্টীয় যাজক, Clergy অর্থ গির্জার যাজকমণ্ডলী আর Hare অর্থ খরগোশ।*
   সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ২০১৯
   উত্তর ক

3. **Select the masculine gender.**
   ক Bitch খ Witch গ Doe ঘ Drake
   Hints : *Drake (পাঁতিহাস) শব্দটি masculine gender। তাছাড়া বাকি শব্দগুলো feminine যেখানে Bitch অর্থ মাদি কুকুর, Witch অর্থ যাদুকরী আর Doe অর্থ হরিণী।*
   সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ২০১৯; প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর ২০১৯
   উত্তর ঘ

4. **Which one is the opposite gender of deer?**
   ক Goose খ Doe গ Pea hen ঘ Hare
   Hints : *Deer (হরিণ)-এর বিপরীত লিঙ্গ হলো doe (হরিণী)।*
   সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ২০১৯
   উত্তর খ

5. **What is the masculine form of 'Duchess'?**
   ক King খ Duke গ Dutch ঘ Lord
   Hints : *Duchess (অভিজাত মহিলা)-এর masculine form হলো Duke যার অর্থ অভিজাত ব্যক্তি।*
   তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ২০১৯
   উত্তর খ

6. **What is the feminine gender of 'swain'?**
   ক swainess খ witch গ nymp ঘ bitch
   Hints : *Swain (নাগর)-এর feminine gender হলো nymp (nymph) যার অর্থ রূপসী মহিলা।*
   তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ২০১৯
   উত্তর গ

বইঘর.কম

07. Which one of the following words is an odd to the others?
ক Joey খ Filly গ Vixen ঘ Calf
Hints : *আলাদা শব্দ হলো vixen (শৃগালী; বদমেজাজি)। Option-এ বাকি শব্দগুলো joey অর্থ ক্যাঙারুর বাচ্চা, filly অর্থ female বাচ্চা ঘোড়া আর calf অর্থ বাছুর।*
তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যাডেরম্যান ২০১৯
উত্তর: গ

08. The Feminine of 'Ram' is—
ক Ewe খ Hind গ Mare ঘ Sow
Hints : *Ram (পুরুষ ভেড়া)-এর স্ত্রীলিঙ্গ হলো ewe যার অর্থ (ভেড়ী)। অন্যদিকে hind অর্থ হরিণী, mare অর্থ ঘোটকী আর sow অর্থ শূকরী।*
প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় ধাপ) ২০১৯
উত্তর: ক

09. The feminine form of the word 'Author' is :
ক Authorss খ Authoress গ Authores ঘ Authors
Hints : *Author (লেখক, রচয়িতা)-এর feminine form অর্থাৎ স্ত্রীবাচক রূপ হলো authoress (লেখিকা, রচয়িত্রী)।*
প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম ধাপ) ২০১৯
উত্তর: খ

10. Find out the masculine gender :
ক witch খ drone গ nun ঘ mare
Hints : *Drone (পুংমৌমাছি) হলো masculine (পুংলিঙ্গ)। Option-এর বাকি শব্দগুলো feminine gender, যাদের অর্থ witch (মোহিনী নারী), nun অর্থ সন্ন্যাসিনী আর mare অর্থ ঘোটকী।*
সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১৯
উত্তর: খ

11. Identify the feminine gender :
ক buck খ bitch গ groom ঘ actor
Hints : *Option গুলোর মধ্যে feminine gender (স্ত্রীলিঙ্গ) হলো bitch (মাদি কুকুর)। Option-এর বাকি word গুলো masculine gender, যেখানে buck অর্থ পুরুষ জাতীয় হরিণ, groom অর্থ বর আর actor অর্থ অভিনেতা।*
সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১৯
উত্তর: খ

12. Select the masculine gender.
ক duck খ ewe গ ram ঘ mare
Hints : *Option গুলোতে masculine gender (পুংলিঙ্গ) word টি হলো ram যার অর্থ পুরুষ মেষ; ভেড়া। তাছাড়া অন্য তিনটি শব্দ হলো feminine gender যেখানে duck অর্থ পাতিহাঁস, ewe অর্থ ভেড়ী এবং mare অর্থ ঘোটকী।*
ডাক অধিদপ্তরের এসিস্টেন্ট ২০১৮
উত্তর: গ

13. Which of the following is feminine gender?
ক host খ cock গ mare ঘ drake
Hints : *Option গুলোর মধ্যে feminine gender (স্ত্রীবাচক) সমৃদ্ধ একমাত্র word হলো mare যার অর্থ ঘোটকী। তাছাড়া অন্যান্য শব্দগুলো masculine gender যেখানে host অর্থ গৃহকর্তা কিন্তু plural hosts উভয়লিঙ্গ হিসেবে ব্যবহৃত হতে পারে, cock অর্থ মোরগ আর drake অর্থ পুরুষ পাতিহাঁস।*
ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার ২০১৮
উত্তর: গ

14. Which one of the following words is in feminine form?
ক nun খ boar গ drone ঘ emperor
Hints : *Option গুলোতে একমাত্র feminine gender হলো nun (সন্ন্যাসিনী) যার masculine gender হলো monk (সন্ন্যাসী)। বাকি তিনটি শব্দ masculine gender এবং তাদের feminine gender হলো boar (শূকর) → sow (শূকরী), drone (পুরুষ মৌমাছি) → bee (স্ত্রী মৌমাছি), emperor (সম্রাট) → empress (সম্রাজ্ঞী)।*
পরিবার পরিকল্পনা অধি. পরিবার কল্যাণ পরিদর্শিকা ২০১৮ স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী ২০১৬
উত্তর: ক

15. Which one of the following is a neuter gender?
ক student খ chairman গ vixen ঘ table
Hints : *যে noun দ্বারা স্ত্রী বা পুরুষ কোনোটিকে না বুঝিয়ে অচেতন পদার্থকে বোঝায় তাকে neuter gender বলে। Option-এ একমাত্র table শব্দটি দ্বারা অচেতন পদার্থ নির্দেশ করে। সুতরাং table হলো neuter gender।*
পরিবার পরিকল্পনা অধি. পরিবার কল্যাণ পরিদর্শিকা ২০১৮
উত্তর: ঘ

www.boighar.com

Which one of the following is a masculine gender?

(ক) Stag (খ) Doe
(গ) Roe (ঘ) Vixen

Hints : *Stag (পুরুষ হরিণ) একটি masculine gender ।*

প্রতিরক্ষা মন্ত্রণালয়, সহ. পরিচালক ২০১৮
উত্তর : ক

Which of the nouns is used in the feminine form?

(ক) anger (খ) time (গ) moon (ঘ) none

Hints : *কিছু কিছু word দ্বারা (যেমন peace, hope, earth, moon) সৌন্দর্য, কমনীয়তা প্রভৃতি নারীসুলভ গুণ বোঝানোর কারণে feminine gender ধরা হয় । আর পুরুষসুলভ গুণের জন্য anger, time ইত্যাদিকে masculine gender ধরা হয় ।*

প্রা. সহ. শিক্ষক ২০১৮ (স্থগিত ২০১৪) ১৫ জেলা
উত্তর : গ

18. Which one of the following is a common gender?

(ক) Teacher (খ) Book (গ) Boy (ঘ) Madam

Hints : *Teacher শব্দটি common gender কারণ teacher শব্দটি দ্বারা পুরুষ এবং স্ত্রী উভয়কেই বোঝায় । তাছাড়া option-এর book শব্দটি neuter gender, boy শব্দটি masculine gender আর madam শব্দটি feminine gender ।*

প্রা. সহ. শিক্ষক ২০১৮ (স্থগিত ২০১৪) ২০ জেলা; বিআরটিএ'র মোটরযান পরিদর্শক ২০১৭
উত্তর : ক

19. Find out the feminine gender.

(ক) Tutor (খ) Duck (গ) Bachelor (ঘ) Prince

Hints : *Duck (পাতিহাঁস) শব্দটি feminine gender এবং এর masculine gender হলো drake । Tutor হলো common gender । Bachelor এবং prince-এর feminine gender যথাক্রমে spinster এবং princess ।*

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালক ২০১৭
উত্তর : খ

20. Which of the following is a common gender?

(ক) prince (খ) ewe (গ) spouse (ঘ) mare

Hints : *Common gender দ্বারা স্ত্রী-পুরুষ উভয়কে বোঝায় । Spouse অর্থ স্বামী অথবা স্ত্রী । অপরদিকে prince (রাজকুমার) হলো masculine gender; ewe (ভেড়ি) ও mare (ঘোটকী) উভয়ই হলো feminine gender ।*

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র স্টাফ নার্স (বাতিলকৃত) ২০১৭
উত্তর : গ

21. Which one is opposite gender of doctor?

(ক) lady doctor (খ) doctress
(গ) nurse (ঘ) doctorex

Hints : *Doctor-এর opposite gender (ক) lady doctor ।*

বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৬
উত্তর : ক

22. Which of the following is not used as a dual gender?

(ক) Professor (খ) Doctor (গ) Steward (ঘ) Cook

Hints : *যেসব noun masculine এবং feminine উভয় gender হিসেবে ব্যবহৃত হয় তাদের dual gender form বলে । প্রদত্ত চারটি option-এর মধ্যে professor, doctor এবং cook masculine ও feminine উভয় gender হিসেবেই ব্যবহৃত হয় । তবে steward বা বিমানবালা মহিলা হিসেবেই দেখা যায় । তাই (গ) steward-ই সঠিক উত্তর ।*

বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার, উপসহকারী প্রকৌশলী, প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা ২০১৬
উত্তর : গ

23. কোনটি স্ত্রীবাচক শব্দ?

(ক) Moon (খ) Queen (গ) Boy (ঘ) None of these

[Note : *Earth (পৃথিবী), Hope (আকাঙ্ক্ষা), Moon (চন্দ্র), Spring (বসন্তকাল), Solitude (একাকিত্ব), Virtue (গুণ) প্রভৃতি word-কে এদের কোমলতার জন্য feminine gender বলে ধরা হয় । Queen অর্থ রানি এবং Boy অর্থ বালক । অপশনগুলোর (ক) ও (খ) উভয়কেই feminine gender হিসেবে ব্যবহার করা যায় ।]*

সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী ২০১৬
উত্তর : Note

বইঘর.কম

Govt. & Private Bank Questions

01. What is the feminine gender of the word 'comedian'?
ক Comedienne খ Female-comedian
গ Comedianess ঘ Comedienees
Hints : *'Comedian' শব্দের feminine gender হলো 'comedienne' (the female equivalent of comedian)। তাই option (ক) সঠিক।*

Sonali Bank Ltd. & BDBL Senior Officer (IT) 2020
উত্তর : ক

02. Which one of the following words is an odd to the others?
ক Joey খ Filly গ Vixen ঘ Calf
Hints : *Optionগুলোর মধ্যে আলাদা শব্দটি হলো vixen যার অর্থ খেঁকশিয়ালী। Vixen শব্দটি দ্বারা প্রাপ্তবয়স্ক প্রাণীকে বোঝায়। তাছাড়া অন্য optionগুলো অপ্রাপ্তবয়স্ক প্রাণী বা বাচ্চাদের বোঝায়।*

ICB Capital Management Ltd. Asst. Programmer 2019
উত্তর : গ

03. Which of the following is masculine gender?
ক mare খ duck গ deer ঘ buck
Hints : *Optionগুলোর মধ্যে একমাত্র masculine gender (পুংলিঙ্গ) হলো buck (পুরুষ হরিণ)। তাছাড়া mare শব্দের অর্থ মাদি ঘোড়া, duck অর্থ পাতিহাঁস আর deer শব্দটি দ্বারা পুরুষ-স্ত্রী উভয় জাতের হরিণ বোঝায়।*

Islami Bank Ltd. Probationary Officer 2019; Southeast Bank Ltd. Trainee Officer 2018
উত্তর : ঘ

04. A female 'administrator' is called—
ক an administratoress খ an administress
গ an administratrix ঘ an administre
Hints : *Administrator (প্রশাসক; অন্যের সম্পত্তি ব্যবস্থাপনা, কোনো এস্টেটের দায়িত্ব গ্রহণ প্রভৃতিতে সরকারিভাবে নিযুক্ত ব্যক্তি)-এর female বা স্ত্রীবাচক শব্দ হলো administratrix।*

Sonali Bank Ltd. Senior Officer 2018
উত্তর : গ

05. Which of the following is a neutral gender?
ক Rooster খ Server গ Stallion ঘ Waiter
Hints : *Neutral (নিরপেক্ষ) gender বা common gender হলো server যার অর্থ যে ব্যক্তি রেস্টুরেন্টে খাবার পরিবেশন করে; পরিচারক বা পরিচারিকা। Rooster অর্থ পোষা মোরগ, stallion অর্থ পুরুষ ঘোড়া আর waiter অর্থ পরিচারক।*

Sonali Bank Ltd. Officer 2018
উত্তর : খ

06. Which is the correct feminine gender of Nephew?
ক Niece খ Nice গ Nephews ঘ Nisei
Hints : *Nephew (ভ্রাতুষ্পুত্র বা ভাইপো)-এর feminine gender (স্ত্রীলিঙ্গ) হলো niece (ভ্রাতুষ্পুত্রী বা ভাইঝি)। Nice অর্থ সুন্দর, প্রীতিকর এবং nephews হলো nephew-এর বহুবচন। আর nisei অর্থ জাপানি অভিবাসীর কন্যা বা পুত্র।*

Investment Corporation of Bangladesh Cashier 2018
উত্তর : ক

University & Medical Questions

01. Which one does denote a feminine gender?
ক rooster খ dog গ gander ঘ doe
Hints : *Option-গুলোর মধ্যে একমাত্র স্ত্রীবাচক শব্দ হলো doe (হরিণী)। তাছাড়া অন্য শব্দগুলো masculine (পুরুষবাচক)। Rooster অর্থ পোষা মোরগ, dog অর্থ কুকুর আর gander অর্থ রাজহাঁস।*

খুবি B ইউনিট (Set-B) ২০১৯-২০
উত্তর : ঘ

www.boighar.com

02. **What does the word 'spouse' mean?**
ইবি Unit-C (Set-A) ২০১৯-২০ উত্তর: গ
ক Parents খ Wife গ Husband or wife ঘ Husband and wife
Hints : *Spouse শব্দটির অর্থ স্বামী বা স্ত্রী (husband or wife)। Spouse শব্দটি common gender হিসেবে ব্যবহৃত হয়। এমন আরও কয়েকটি common gender-এর উদাহরণ হলো parent, student, child।*

03. **The feminine of the word 'Drone' is — .**
বইঘর.কম
জাককানইবি C ইউনিট ২০১৯-২০; শবিপ্রবি ইউনিট B ২০১৯-২০ উত্তর: ক
ক Bee খ Droness
গ Duck ঘ Drones
Hints : *Drone (পুং মৌমাছি)-এর স্ত্রীবাচক শব্দ হলো bee (স্ত্রী মৌমাছি)।*

04. **The masculine form of 'Bee' is —**
জাককানইবি D ইউনিট ২০১৯-২০ উত্তর: ক
ক Drone খ Roe গ Doe ঘ None of these
Hints : *Bee (স্ত্রী মৌমাছি)-এর পুরুষবাচক শব্দ হলো drone (পুং মৌমাছি)। Roe অর্থ ক্ষুদ্র হরিণ বিশেষ, doe অর্থ হরিণী।*

05. **Which one is masculine gender?**
জাককানইবি E ইউনিট ২০১৯-২০ উত্তর: খ
ক Mare খ Man গ Girl ঘ Goose
Hints : *Option-গুলোর মধ্যে masculine gender (পুরুষবাচক)-এর উদাহরণ হলো man (পুরুষ)। তাছাড়া অন্য শব্দগুলো feminine gender। Mare অর্থ ঘোটকী; girl অর্থ বালিকা আর goose রাজহংসী।*

06. **The masculine form of 'doe' is — .**
বশেমুরবিপ্রবি ইউনিট F (বিজ্ঞান ও মানবিক) ২০১৯-২০ উত্তর: খ
ক drone গ stag
গ ram ঘ buck

07. **Which of the following is always feminine?**
বশেমুরবিপ্রবি ইউনিট F (বিজ্ঞান ও মানবিক) ২০১৯-২০ উত্তর: ঘ
ক fowl খ foal
গ spouse ঘ shrew

08. **Which of the following is a feminine gender?**
ঢাবি অধিভুক্ত ৭ কলেজ ২০১৮-১৯ ইউনিট বাণিজ্য উত্তর: ক
ক Spinster খ Bachelor গ Duke ঘ Count
Hints : *Optionগুলোর মধ্যে feminine gender হলো Spinster (অবিবাহিত মহিলা, চিরকুমারী)। অন্যদিকে Bachelor অর্থ অবিবাহিত পুরুষ, Duke অর্থ অভিজাত ব্যক্তি বা ভূস্বামী, Count হলো কয়েকটি ইউরোপীয় দেশের অভিজাত ব্যক্তিবর্গের পদবি।*

09. **Which one of the following is a masculine gender?**
জাবি H ইউনিট (আইআইটি) ২০১৮-১৯ উত্তর: খ
ক doe খ wizard
গ testatrix ঘ friend
Hints : *Optionগুলোর মধ্যে masculine gender (পুংলিঙ্গ) হলো wizard যার অর্থ যাদুকর। Doe অর্থ হরিণী, Testatrix অর্থ মরা উইলকারিণী এবং Friend অর্থ বন্ধু।*

10. **What is the masculine gender of 'Mare'?**
রাবি ইউনিট E ২০১৮-১৯ উত্তর: ঘ
ক Mermaid খ Dog
গ Bear ঘ Stallion
Hints : *Mare অর্থ ঘোটকী, মাদি ঘোড়া যা feminine gender। অন্যদিকে mare-এর masculine gender হলো stallion (খোজা করা হয়নি এমন ঘোড়া)। তাছাড়া mermaid অর্থ মৎস্যকন্যা, dog অর্থ কুকুর আর bear অর্থ ভাল্লুক।*

বইঘর.কম

11. The feminine gender of 'Don' is—
(ক) Dona (খ) donni (গ) donne (ঘ) donna
Hints : *Don (মহাশয়) শব্দটি masculine(পুংবাচক) gender যার feminine gender হলো dona এবং donna উভয়ই (Merriam– Webster Dictionary অনুসারে)। অন্যদিকে J. C. Nesfield Englsih Grammar অনুসারে (ঘ) সঠিক এবং Lexico Oxford English Dictionary অনুসারে (ক) সঠিক।*
রাবি ইউনিট H ২০১৮-১৯
উত্তর ক ঘ

12. The feminine gender of 'tiger' is—
(ক) tigress (খ) tigren
(গ) tigeri (ঘ) tigorian
Hints : *Tiger (বাঘ)-এর স্ত্রীবাচক শব্দ বা feminine gender হলো tigress (বাঘিনী)।*
ইবি ইউনিট জি ২০১৮-১৯
রাবি ইউনিট B (জোড়) ২০১৬-১৭
উত্তর ক

13. The feminine gender of 'monk' is—
(ক) monkey (খ) monke
(গ) nun (ঘ) monkey
Hints : *Monk (সন্ন্যাসী)-এর feminine gender (স্ত্রী লিঙ্গ) হলো nun (সন্ন্যাসিনী)।*
ইবি ইউনিট জি ২০১৮-১৯
উত্তর গ

14. The feminine form of 'Prosecutor' is—
(ক) Prosecutrix (খ) Prosecutress
(গ) Prosecutora (ঘ) Prosecuter
Hints : *Prosecutor (অভিশংসক)-এর feminine form হলো prosecutrix।*
কুবি 'বি' ইউনিট ২০১৮-১৯
উত্তর ক

15. Which one is masculine form?
(ক) Roe (খ) Mare
(গ) Niece (ঘ) Drake
Hints : *Option গুলোর মধ্যে masculine gender (পুংলিঙ্গ) হলো drake (পুরুষ পাতিহাঁস)। অন্যদিকে Roe অর্থ ইউরোপ ও এশিয়ার ক্ষুদ্র হরিণ, Mare অর্থ ঘোটকী আর Niece অর্থ ভ্রাতুষ্পুত্রী বা ভাগিনেয়ী।*
জাককানইবি ইউনিট C ২০১৮-১৯
উত্তর ঘ

16. What is the masculine gender of 'Nun'?
(ক) Monck (খ) Monk
(গ) Nan (ঘ) Nunce
Hints : *Nun (সন্ন্যাসিনী)-এর masculine gender হলো monk (সন্ন্যাসী)।*
জাককানইবি ইউনিট ডি ২০১৮-১৯
উত্তর খ

17. Which of the following masculine : : feminine pair is incorrect?
(ক) swain : : nymph (খ) ram : : shrew
(গ) tailor : : seamstress (ঘ) horse : : mare
জবি ইউনিট H ২০১৭-১৮
উত্তর খ

18. 'Duchess' is feminine of —
(ক) Dramatist (খ) Dutchman
(গ) Duke (ঘ) Earl
Hints : *'Duchess' ডিউকপত্নী শব্দটি duke অভিজাত ব্যক্তি বা ভূস্বামী এর feminine gender।*
রাবি ইউনিট B ২০১৭-১৮ এবং
বেরোবি ইউনিট C ২০১৬-১৭
উত্তর গ

19. Opposite gender of 'bitch'—
(ক) dog (খ) fox
(গ) calf (ঘ) lion
রাবি ইউনিট B (বিজোড়) ২০১৬-১৭
উত্তর ক

www.boighar.com

Boighar.com

CHAPTER

09 Determiners and Articles

যেসব শব্দ Noun/Pronoun-এর নির্দিষ্টতা, অনির্দিষ্টতা, সংখ্যা বা পরিমাণ নির্দেশ করে তাদেরকে Determiners বলা হয়। যেমন— a, an, many, much, few, little ইত্যাদি। অতীতে এসব শব্দকে Adjectives মনে করা হলেও বর্তমানে এগুলোকে ৮ প্রকার Parts of Speech-এর মধ্যে গণ্য করা হয় না। Determiners দেখতে বেশ সহজ মনে হলেও বাক্যের শুদ্ধাশুদ্ধিতে এগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বিধায় এগুলো আলাদাভাবে উদাহরণসহ আলোচনা করা হলো।

Types of Determiners : নির্দিষ্টতা/অনির্দিষ্টতা বা সংখ্যা/পরিমাণ নির্দেশ করে এমন সব শব্দ তথা Determiners-কে দুভাগে ভাগ করা যায়।

A. **Group A :** বস্তুকে শনাক্ত করতে সহায়তা করে এমন সব Determiners। যেমন—
Articles : a, an, the.
Possessives : my, your, his, her, its, our, your, their, one's, whose.
Demonstrative : this, these, that, those. এসব Determiners একসাথে একাধিক ব্যবহার করা যায় না। তাই the house, my house বলা গেলেও the my house বলা যায় না।

B. **Group B :** সংখ্যা বা পরিমাণ নির্দেশ করে এমন সব Determiners, যাদেরকে quantifier বলা হয়। যেমন—
- Some, any, no
- Each, every, either, neither
- Much, many, more, most, little, few, fewer, fewest, several, enough, a lot of
- All, both, half
- What, whatever, which, whichever
- One, two, three ...., other.

Countable/Uncountable Determiners : কিছু কিছু Determiners আছে যেগুলো countable এবং এরা countable noun-এর সাথে ব্যবহৃত হয়। অন্যদিকে uncountable determiner সমূহ uncountable noun-এর সাথে বসে। কিছু কিছু Determiner আছে যেগুলো countable ও uncountable উভয় প্রকার Noun-এর সাথে বসতে পারে।

a. **Countable Determiners :** many, few, several, a, an, either, neither, each, every.
b. **Uncountable Determiners :** much, little, less, least.
c. **Countable + Uncountable Determiners :** some, a lot of, no.

www.boighar.com

বইঘর.কম

9.3 **Singular/Plural Determiners : কিছু কিছু Determiners হচ্ছে Singular যা Singular Noun-এর সাথে ব্যবহৃত হয়। আর Plural Determiner গুলো Plural noun-এর সাথে বসে।**

a. **Singular Determiner :** a, an, each, every, either, neither.....

b. **Plural Determiners :** many, few, several, all, both, two, three .....

9.4 **Much, Many, A lot of : এগুলোর অর্থ খুব, বেশি। কিন্তু Much শব্দটি uncountable noun-এর পূর্বে বসে। শব্দটি সাধারণত না-বোধক ও প্রশ্নবোধক বাক্যে ব্যবহৃত হয়। Many বসে countable noun-এর পূর্বে। সাধারণত প্রশ্নবোধক ও নাবোধক বাক্যে many বসে, হাঁ-বোধক বাক্যের ক্ষেত্রে a lot of, lots of, a great/ good deal of, plenty of ব্যবহৃত হয়।**

▶ **I don't have — spare time these days.** ঢাকা বিশ্ববিদ্যালয় খ ইউনিট ২০০১-০২

ক many খ much √
গ some ঘ more

Hints : *এখানে বাক্যটি না-বোধক এবং time শব্দটি uncountable হওয়ায় সঠিক উত্তর হবে much।*

▶ **Is there any milk in that jag? Not—** ঢাকা বিশ্ববিদ্যালয় খ ইউনিট ২০০১-০২

ক more খ many
গ much √ ঘ some

▶ **There are – dangerous drivers.** ২৪তম বিসিএস

ক a very lot of খ very many of
গ very much of ঘ a lot of √

▶ **She wanted to serve some coffee of her guests : however— –** মেকানিক্যাল অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং ১৯৯৯

ক she hand't many sugar খ there was not a great amount of sugar
গ she did not have much sugar√ ঘ she was lacking in amount of the gugar

9.5 **Few, A few, the few : Few অর্থ অল্প সংখ্যক, নেই বললেই চলে। এটা countable noun-এর পূর্বে বসে এবং নেতিবাচক অর্থ প্রদান করে। A few কিছু সংখ্যক (some) এবং the few অর্থ অল্প যে কজন/কটি আছে তার সবগুলো/সবাই।**

▶ **Which one of the following is the correct meaning of a few?** সাব-রেজিস্ট্রার ১৯৯২

ক Not many, hardly any খ Not many, but all there are
গ Some √ ঘ Not much

▶ **Choose the correct sentence —** প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ে প্রশাসনিক কর্মকর্তা ২০০৪

ক I have a little friends in Bangladesh
খ I have little friends in Bangladesh
গ I have few friend in Bangladesh
ঘ I have a few friends in Bangladesh √

Hints : *Friends শব্দটি countable ও plural noun এবং বাক্যটি ইতিবাচক হওয়ায় I have a few friends বাক্যটি সঠিক।*

9.6 **Little, A little, the little : Little অর্থ কিঞ্চিত, নেই বললেই চলে। শব্দটি uncountable noun-এর পূর্বে বসে এবং negative idea প্রদান করে। A little অর্থ সামান্য পরিমাণ। এটি positive idea প্রদান করে। The little সামান্য যেটুকু আছে তার সবটুকু।**

▶ **Fill in the blank with the correct quantifier.** সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ২০০৩

I still have — money in my pocket.

ক a little √ খ many গ few ঘ a few

www.boighar.com

Hints : *money শব্দটি যেহেতু uncountable তাই এর সাথে countable determiner few বা many বসবে না, বসাতে হবে uncountable determiner a little। বাক্যটিতে still থাকায় ইতিবাচক অর্থ প্রদান করেছে বিধায় a little যথার্থ।*

▶ **There are four sentences below. In one of them only, the determiner has been used correctly, indentify the same.** থানা সহকারী শিক্ষা অফিসার ১৯৯৯

ক) He does not have many money
খ) I would take a little salt on my vegetables √
গ) I do not want these water
ঘ) There are less students in this class than in the other class

9.7 **Less, Fewer : Little-এর comparative degree হচ্ছে less এবং few-এর comparative fewer. Uncountable noun-এর আগে less এবং countable-এর আগে fewer বসে 'তুলনামূলক কম' অর্থ প্রদান করে।**

▶ **Choose the correct sentence.** ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ ইউনিট ২০০১-০২

ক) Less people get American Visas nowadays
খ) Least people get American Visas nowadays
গ) Few people get American Visas nowadays
ঘ) Fewer people get American Visas nowadays √

9.8 **Each, Every : এ দুটি Determiner-এর পর singular noun বসে এবং verb'ও singular হয় কিন্তু each-এর পর of থাকলে noun plural হয় কিন্তু verb singular থাকে।**

▶ **Choose the correct sentence.** থানা সহকারী শিক্ষা অফিসার ১৯৯৫

ক) A few of the three boys got a prize খ) Every of the three boys got a prize
গ) All of the three boys got a prize ঘ) Each of the three boys got a prize √

9.9 **Any, Some : অনির্দিষ্ট সংখ্যক ব্যক্তি বা বস্তু বোঝাতে any/some ব্যবহৃত হয়। তবে সাধারণত হ্যাঁ-বোধক বাক্যের ক্ষেত্রে Some এবং না-বোধক/প্রশ্নবোধক বাক্যের ক্ষেত্রে any বসে। যেমন—**

I need some money.
Have you got any money?

9.10 **Half : Half যখন পূর্ণ সংখ্যার সাথে বসে তখন এর পূর্বে a বসে। কিন্তু half একাকী থাকলে এর পর a বসে। যেমন—**

$1\frac{1}{2}$ kilos = One and a half kilos বা one kilo and a half

কিন্তু $\frac{1}{2}$ kilo = half a kilo

তেমনি $\frac{1}{2}$ hour = half an hour

NB. One and a half এই expression টি Plural তাই এর পর Plural noun হবে। যেমন— I've been waiting here for one and a half hours. কিন্তু I've been waiting here for an hour and a half.

বইঘর.কম

9.11.a A, An : শব্দের শুরুতে consonant থাকলে তার পূর্বে a এবং vowel থাকলে তার পূর্বে an বসে। তবে শব্দের প্রথম অক্ষর h এবং তার উচ্চারণ 'অ/এ'-এর মতো হলে তার পূর্বে an বসে এবং শুরুতে e/u এর উচ্চারণ 'ইউ'-এর মতো হলে তার পূর্বে a বসে। যেমন—

▶ He left — heir. স্বাস্থ্য সহকারী ২০১০
ⓚ the ⓚ an √ ⓖ one ⓖ no article

▶ My younger brother is — university student. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ইউনিট B-2, 3, 4, 5 & 6 ২০১৪-২০১৫
ⓚ an ⓚ the ⓖ reading ⓖ a √

বইঘর.কম

9.11.b O যদি 'ওয়া' এর মতো উচ্চারিত হয়, তবে এর পূর্বে a বসে এবং abbreviation-এর প্রথম অক্ষর consonant হলেও তা vowel-এর মতো উচ্চারিত হলে তার পূর্বে an হয়। যেমন—

▶ Give me — one taka note. রাজশাহী বিশ্ববিদ্যালয় ই (জোড়) ২০১৪-১৫
ⓚ The ⓚ a √ ⓖ an ⓖ very

▶ He is — MBBS. (Choose the article) পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার ২০১২
ⓚ a ⓚ an √ ⓖ the ⓖ no article

9.11.c Word-এর শুরুতে h থাকলে এবং তার উচ্চারণ 'হ' এর মতো হলে ঐ শব্দের শুরুতে a বসে। যেমন—

▶ They will do it in — hour and — half. জগন্নাথ বিশ্ববিদ্যালয় গ ইউনিট ২০০৭-০৮
ⓚ the, a ⓚ a, a ⓖ a, an ⓖ an, a √

9.11.d কোনো ব্যক্তিকে নির্দিষ্ট অন্য কোনো ব্যক্তির সাথে তুলনা করতে Proper noun-এর পূর্বে a/an ব্যবহৃত হয় এবং proper noun টি common noun হয়ে যায়। যেমন—

▶ He thinks he is — Rabindranath. রাজশাহী বিশ্ববিদ্যালয় এ (জোড়) ইউনিট ২০১৪-১৫
ⓚ a √ ⓚ an ⓖ the ⓖ none

9.11.e Most যখন তুলনা না বুঝিয়ে কোনো বিশেষ গুণ বা অবস্থার খুব বেশি পরিমাণ বোঝায় অর্থাৎ, very অর্থে ব্যবহৃত হয়, তখন most-এর পূর্বে the না হয়ে a হয়। যেমন—

▶ He saw — most wonderful sight. ইসলামী বিশ্ববিদ্যালয় গ ইউনিট ২০১২-১৩
ⓚ a √ ⓚ an ⓖ the ⓖ none

9.12.a The : কোনো কিছুকে নির্দিষ্ট করে বোঝাতে the ব্যবহৃত হয় বলে একে definite article বলে। যেমন—

▶ The article 'the' is used— শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২০০৯-১০
ⓚ to make something specific. √ ⓚ to make things general.
ⓖ has no use or meaning. ⓖ to make a thing real.

9.12.b সমগ্র জাতি বোঝাতে singular common noun-এর পূর্বে সাধারণত the বসে। তবে মানবজাতি বুঝাতে man/woman-এর পূর্বে কোনো article বসে না। যেমন—

▶ Choose the correct sentence : জগন্নাথ বিশ্ববিদ্যালয় ই ইউনিট ২০১৪-১৫
ⓚ An ant is industrious beings. ⓚ The ant is an industrious beings.
ⓖ The ant is an industrious being. √ ⓖ The ant is a industrious being.

▶ Choose the best answer : শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী শ্রম পরিচালক ২০০৪
ⓚ The man is mortal. ⓚ Man is mortal. √
ⓖ A man is mortal. ⓖ None

www.boighar.com

12c প্রকৃতিতে যা একটি মাত্র আছে। যেমন— পৃথিবী, চন্দ্র, সূর্য, পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ, আকাশ ইত্যাদি শব্দের পূর্বে the বসে। আবার, নদী, সাগর, মহাসাগর, পর্বতশ্রেণি, দ্বীপপুঞ্জ, মরুভূমি, ধর্মগ্রন্থ, সংবাদপত্র, ট্রেন, জাহাজ ইত্যাদির নামের পূর্বেও the বসে। যেমন—

▶ **Which of the following sentence is incorrect?** প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা) ২০১৩
ক The sky is blue. খ The earth is round.
গ The moon shines by night. ঘ A sky is blue. √

▶ **— Andamans are in — Indian ocean.** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ২০১০-১১
Fill in the blanks with—
ক the, the √ খ the, a গ the, an ঘ a, the

ক had খ have গ was ঘ were
Hints : *Each of-এর পর Plural noun বসে কিন্তু verb সব সময় singular হয়। সুতরাং past indefinite passive voice-এর structure অনুযায়ী সঠিক verb was।*

খুবি
B ইউনিট (Set-B) ২০১৯-২০
উত্তর গ

 বইঘর.কম

05. Choose the right form of verb in the following sentence : The Honorable Prime Minister with all her cabinet members — the function just now.

ক have attended খ attended গ had attended ঘ has attended

Hints : *প্রদত্ত বাক্যের sub হলো The Honorable Prime Minister যা singular। সুতরাং verb টি singular হবে আর just now থাকাতে বাক্যটি present perfect tense-এ হবে। সুতরাং সঠিক expression হলো has attended।*

খুবি B ইউনিট (Set-B) ২০১৯-২০ উত্তর ঘ

06. Choose the correct sentence according to the structure : subject + auxiliary verb + adverb + main verb + object

ক I often go swimming. খ He doesn't always play tennis.

গ We are usually here in summer. ঘ I have never been abroad.

Hints : *প্রদত্ত structure অনুযায়ী সঠিক বাক্য He (sub) doesn't (auxiliary) always (adverb) play (main verb) tennis (object)। Option-এর বাকিগুলো structure অনুযায়ী যথাযথ নয়।*

খুবি B ইউনিট (Set-B) ২০১৯-২০ উত্তর খ

07. Everything, including the flowers (to be) bought.

ক are খ was গ were ঘ have

Hints : *প্রদত্ত বাক্যের sub হলো everything যা singular। Singular sub কে follow করে verb টিও singular হবে। সুতরাং সঠিক verb form হলো was।*

খুবি C ইউনিট (ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল) (Set-A) ২০১৯-২০ উত্তর খ

08. Six gallons of milk (to be) still in the refrigerator.

ক is খ are

গ has ঘ have

Hints : *Sub. plural (six gallons) হওয়ায় verb ও plural হবে। তাই সঠিক উত্তর (খ)।*

খুবি C ইউনিট (ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল) (Set-A) ২০১৯-২০ উত্তর খ

09. The agenda (to be) carefully set.

ক is খ was গ are ঘ have

Hints : *প্রদত্ত বাক্যটির sub হলো agenda (আলোচ্যসূচি), যা plural আর present indefinite tense passive voice- এর structure অনুযায়ী সঠিক verb হলো are।*

খুবি C ইউনিট (ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল) (Set-A) ২০১৯-২০ উত্তর গ

10. A basket of eggs — sold.

ক did খ been গ were ঘ was

Hints : *প্রদত্ত বাক্যের sub হলো a basket, যা singular। সুতরাং প্রদত্ত বাক্যে singular verb হিসেবে was বসবে।*

জাককানইবি C ইউনিট ২০১৯-২০ উত্তর ঘ

11. Neither Ritu nor Mitu — qualified for the job.

ক are খ is গ were ঘ had

Hints : *Neither nor যুক্ত conjunction দ্বারা দুটি noun বা pronoun যুক্ত হলে nor-এর পরের noun বা pronoun অনুযায়ী verb বসে। সুতরাং Mitu-কে অনুসরণ করে is হবে সঠিক verb।*

জাককানইবি D ইউনিট ২০১৯-২০ উত্তর খ

12. Twenty thousand roses — nothing in comparison to this marigold.

ক is খ are

গ have ঘ be

বশেমুরবিপ্রবি ইউনিট E (সামাজিক বিজ্ঞান) ২০১৯-২০ উত্তর খ

13. Mr. Salim, accompanied by his daughter Sumi and his only son Dipu, — killed yesterday.

ক was খ ware

গ have been ঘ had

বশেমুরবিপ্রবি ইউনিট G (আইন) ২০১৯-২০ উত্তর ক

www.boighar.com

14. Identify the correct sentence.
(ক) Three fourths of the people are absent.
(খ) Three fourth of the people are absent.
(গ) Three fourths of the people is absent.
(ঘ) Three fourth of the people is absent.

বশেমুররিপ্রবি
ইউনিট H (ব্যবসায় শিক্ষা)
সেট-খ ২০১৯-২০
উত্তর ক

15. They as well as he — incorrect.
(ক) is (খ) are
(গ) will (ঘ) was

মাভাবিপ্রবি
ইউনিট D (সেট-I) ২০১৯-২০
উত্তর খ

16. One-third of the applicants — absent.
(ক) is (খ) are
(গ) remains (ঘ) has

মাভাবিপ্রবি
ইউনিট D (সেট-I) ২০১৯-২০
উত্তর খ

17. Neither of the two friends — a mind to drink coffee now.
(ক) have (খ) has
(গ) having (ঘ) don't have

যবিপ্রবি
ইউনিট A ২০১৯-২০
উত্তর খ

18. The leaders of the two countries — an agreement to avoid the future confilicts.
(ক) has recently reached (খ) recently reach
(গ) have reached recently (ঘ) have recently reached

যবিপ্রবি
ইউনিট B ২০১৯-২০
উত্তর ঘ

19. The people who enjoy winter sports — much greater than that of twenty years ago. Choose the correct option for the blank.
(ক) be (খ) is (গ) are (ঘ) were

যবিপ্রবি
ইউনিট C ২০১৯-২০
উত্তর গ

20. Neither of the two friends — preferred to watch the movie.
(ক) have (খ) has
(গ) having (ঘ) don't have

যবিপ্রবি
ইউনিট E ২০১৯-২০
উত্তর খ

21. The phone —, while I — the meeting.
(ক) rang/was attending (খ) ringed/attended
(গ) was ringing/was attending (ঘ) rang/had attended

যবিপ্রবি
ইউনিট F (বিজ্ঞান শাখা) ২০১৯-২০
উত্তর ক

22. The Arabian Nights — still a great favourite to many people.
(ক) has (খ) is
(গ) are (ঘ) were

Hints : *The Arabian Nights হলো একটি বইয়ের নাম। সুতরাং এর পর verb-এর singular verb ব্যবহৃত হয়। সুতরাং option-গুলোর মধ্যে সঠিক verb হলো is।*

ঢাবি অধিভুক্ত সরকারি ৭ কলেজ (বিজ্ঞান ইউনিট) ২০১৯-২০
উত্তর খ

23. 'Slow and steady— the race.'
(ক) win (খ) wins (গ) has won (ঘ) won

Hints : *Slow and steady দ্বারা একটি মাত্র ধারণা প্রকাশ করায় এবং এটি প্রবাদবাক্য হওয়ার কারণে বাক্যটিতে verb-এর singular form ব্যবহৃত হবে। Wins যোগে বাক্যটির বাংলা : অধ্যাবসায়ের ফলে সাফল্য লাভ ঘটে।*

ঢাবি অধিভুক্ত সরকারি ৭ কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট) ২০১৯-২০
উত্তর খ

24. Each — a trophy for — achievement.
(ক) gets — his (খ) getting — their
(গ) get — their (ঘ) has got — his

বশেমুররিপ্রবি
ইউনিট D ২০১৯-২০
উত্তর ঘ

বইঘর.কম

25. Which one is the correct word to fill up the gap in this sentence : Safrin has lost her cellphone again. This is the second time this— .
মেডিকেল ভর্তি পরীক্ষা ২০১৯-২০

ক) happens খ) has happened গ) is happening ঘ) happened

Hints : *বাক্যটি সঠিক করার জন্য Present perfect tense যুক্ত শব্দাংশ লাগবে। Present perfect tense-এ sub-এর পর have/has + verb-এর p.p যুক্ত অংশ প্রয়োজন হয়। সুতরাং has happened হলো সঠিক expression।*

26. The young entrepreneur as well as her sales team members — praise.
চাবি 'গ' ইউনিট ২০১৮-১৯ উত্তর খ

ক) deserve খ) deserves গ) has deserved ঘ) deserving

Hints : *'As well as' conjunction যুক্ত sentence-এর verb হয় প্রথম subject অনুসারে। অর্থাৎ প্রথম subject যদি singular হয় তবে singular, যদি plural হয় তবে plural verb হবে। প্রশ্নোক্ত sentence-এর প্রথম subject third person singular হওয়ায় verb হিসেবে deserves হবে।*

27. I wish I — those words. But now it's too late.
চাবি 'ঘ' ইউনিট (বাতিলকৃত) ২০১৮-১৯ উত্তর খ

ক) not having said খ) never said গ) have never said ঘ) had never said

Hints : *Wish-এর পরে subject থাকলে তার পর verb-এর past form বসে। তাই নিয়মানুসারে never said সঠিক উত্তর।*

28. Two months have passed ——. Choose the right clause for the gap.
রাবি ইউনিট A (গ্রুপ-১) ২০১৮-১৯ উত্তর ক

ক) since I met you খ) after I met you
গ) before I met you ঘ) because I met you

Hints : *As if, As though এবং sentence-এর প্রথম clause present tense-এ হলে পরের clause past indefinite tense-এ হয়। আর প্রথম clause past tense হলে পরের clause past perfect tense-এ হবে।*

29. Select the right form of the underlined verb :
I shall write to him before he <u>return</u>.
রাবি ইউনিট B ২০১৮-১৯ উত্তর খ

ক) return খ) returns গ) had return ঘ) shall return

Hints : *Sentence-এর সাধারণ structure অনুযায়ী এখানে present indefinite tense হবে। Subject third person singular number হওয়াতে এখানে verb-এর সাথে s যুক্ত হবে।*

30. Every member of my family — here tonight.
রাবি ইউনিট B (অবাণিজ্য) ২০১৮-১৯ উত্তর গ

ক) be খ) are গ) is ঘ) in

Hints : *Linking word হিসেবে এখানে every member-এর জন্য is সঠিক verb।*

31. Bread and butter —— a popular weekend breakfast.
কুবি 'বি' ইউনিট ২০১৮-১৯ উত্তর ঘ

ক) was খ) are গ) were ঘ) is

32. I waited until the plane —
কুবি 'বি' ইউনিট ২০১৮-১৯ উত্তর ক

ক) had taken off খ) has took off গ) take off ঘ) had not off

Hints : *Until -এর পূর্বে past tense থাকায় Until-এর পরের clauseটিও past perfect tense-এ হবে। Option-এ একমাত্র সঠিক past perfect tense যুক্ত expression হলো had taken off।*

33. None of the students — a car.
জাককানইবি ইউনিট C ২০১৮-১৯ উত্তর ক

ক) has খ) have গ) have got ঘ) own

Hints : *None of-এর পর plural noun বা pronoun ব্যবহৃত হলে verb singular বা plural উভয়ই হতে পারে। সুতরাং সব optionগুলোই নেওয়া যায়। যেহেতু একটি বাদে অন্যগুলো plural verb সুতরাং সঠিক উত্তর has।*

www.boighar.com

34. **Either my sister, or the neighbours — looking after the dogs.** জাককানইবি ইউনিট এ এল ২০১৮-১৯ উত্তর: খ
(ক) is (খ) are
(গ) both 'ক' and 'খ' (ঘ) none

35. **How long — to cross the Atlantic by ship?** বশেমুরবিপ্রবি ই ইউনিট ২০১৮-১৯ উত্তর: গ
(ক) is it (খ) does it need
(গ) does it take (ঘ) does it want

36. **She pulled down her hair and let it — to its full length.** বশেমুরবিপ্রবি এফ ইউনিট ২০১৮-১৯ উত্তর: ক
(ক) fall (খ) falls (গ) fell (ঘ) fallen

37. **The MD and the supervisor — present in the meeting last day.** বশেমুরবিপ্রবি এফ ইউনিট ২০১৮-১৯ উত্তর: ঘ
(ক) are (খ) was
(গ) have been (ঘ) were

38. **Refrigerating meats — the spread of bacteria. (Choose the word/phrase that best completes the sentence)** রাবি ইউনিট D ২০১৭-১৮ উত্তর: ক
(ক) slows (খ) slowing (গ) to slow (ঘ) is slowed

39. **One of my best — getting Ph.D. degree today.** রাবি ইউনিট G-1 ২০১৭-১৮ উত্তর: গ
(ক) Friend (খ) Friends are
(গ) Friends is (ঘ) Friend is

বইঘর.কম

40. **Two-thirds of the mega city — .** চবি ইউনিট D ২০১৭-১৮ উত্তর: গ
(ক) have been destroyed by dynamite (খ) have destroyed by dynamite
(গ) has been destroyed by dynamite (ঘ) has destroyed by dynamite

Hints : *Two-thirds দ্বারা the mega city এর সমষ্টির একক বোঝায় এক্ষেত্রে verb এর singular form হবে। The dynamite দ্বারা ধ্বংস হয়েছে; নিজে নিজে ধ্বংস হয়নি। এ ক্ষেত্রে two-thirds বাক্যের subject হিসেবে verb এর passive form গ্রহণ করবে। অপশন (খ) এবং (ঘ) তে verb এর যে form আছে তা present perfect tense এর যা সঠিক নয়। অপশন (ক) তে verb এর plural passive form যা two-thirds এর ক্ষেত্রে প্রযোজ্য নয়। তাই সঠিক উত্তর (গ)।*

41. **Neither of the books —— interesting.** চবি অধিভুক্ত ৭ কলেজ (বিজ্ঞান অনুষদ) ২০১৮-১৯ উত্তর: ঘ
(ক) were (খ) are (গ) had (ঘ) was

Hints : *Neither of-এর পর plural noun বসলেও verb singular হবে। সুতরাং শূন্যস্থানের জন্য যথাযথ verb হলো was।*

42. **Two-thirds of the city ——.** চবি ইউনিট A (সকাল) ২০১৮-১৯ উত্তর: খ
(ক) have been inundated (খ) has been inundated
(গ) have inundated (ঘ) has inundated

Hints : *Singular number-এর ভগ্নাংশ প্রকাশ করার ক্ষেত্রে verb singular হবে। আর rain water বা flood দ্বারা প্লাবিত হয় সুতরাং বাক্যটি passive voice-এ হবে। Sub. verb agreement অনুযায়ী সঠিক expression হলো has been inundated।*

43. **'Many a flower — born to blush unseen.'** জাককানইবি ইউনিট এ-এল ২০১৮-১৯ উত্তর: ঘ
(ক) be (খ) were
(গ) are (ঘ) is

44. **Each boy and each girl — given a prize yesterday.** বশেমুরবিপ্রবি (এফ ইউনিট) ২০১৮-১৯ উত্তর: খ
(ক) is (খ) was
(গ) are (ঘ) were

বইঘর.কম

45. The ship with all its crew — lost after the terrible storm. চাবি ইউনিট প্রযুক্তি ২০১৬-১৭ উত্তর ঘ

ক were খ has গ have ঘ was

Hints : *বাক্যে 'the ship' হচ্ছে subject এবং এটি singular Noun, the phrase, "with all its crew" হচ্ছে Modifier। সুতরাং verb singular এবং Past tense এর Passive voice structureটি অনুসৃত হবে।*

46. Oxygen and hydrogen— water. The missing item is : রাবি ইউনিট A (জোড়) ২০১৬-১৭ উত্তর ক

ক compose খ composed of গ are composed of ঘ is composed of

Hints : *Compose– গঠন করা।*

47. My brother, together with his friends, always —— round collecting wood for bonfire night. চবি ইউনিট সি ২০১৬-১৭ উত্তর ঙ

ক go খ are going গ have gone ঘ was going ঙ goes

Hints : *বাক্যে together with, along with, in addition to, with দ্বারা দুটি Noun phrase বা Noun যুক্ত হলে 'verb' পূর্ববর্তী Noun বা Noun Phrase টিকে অনুসরণ করবে।*

48. Many a student — to qualify the driving test on the first try. চবি ইউনিট F ২০১৬-১৭ উত্তর খ

ক fail খ fails গ pass ঘ passes ঙ want

Hints : *Many a student এরপর singular verb ব্যবহৃত হয়। এবং বাক্যে অর্থের দিক দিয়ে সঠিক verb fails।*

49. Three-fourths of the assignment — . চবি ইউনিট F ২০১৬-১৭ উত্তর খ

ক have been finished খ has been finished

গ has been finish ঘ have been finish ঙ has finished

Hints : *'fraction' plural হলেও এটি singular countable Noun কে modify করায় 'verb' singular হবে।*

50. All the books have been sold. There — left. চবি ইউনিট জি ২০১৬-১৭ উত্তর খ

ক are none খ is none গ none ঘ not any

51. Reading novels— my favorite pastime. চবি ইউনিট জি ২০১৬-১৭ উত্তর ক

ক is খ are গ were ঘ has

Hints : *'Reading' একটি 'Gerund', subject হিসেবে ব্যবহৃত হলে 'verb' singular হয়।*

52. Neither the teacher nor the students — to use this book again. চবি ইউনিট 'ঘ' ২০১৭-১৮ উত্তর খ

ক wants খ want গ wanting ঘ is wanting

Hints : *Neither— nor যুক্ত subject-এর ক্ষেত্রে nor-এর পরবর্তী noun/pronounটি follow করে verb বসে। সুতরাং প্রদত্ত বাক্যে nor-এর পরের nounটি হলো the students যা plural সুতরাং শূন্যস্থানে plural verb want বসবে।*

53. Each and every student and instructor in this building — for a new facility by next year. জাবি ইউনিট E ২০১৭-১৮ উত্তর খ

ক hope খ hopes গ hoped ঘ has hoped

Hints : *Each and every + noun-এর পর verb-এর singular form বসে এবং বাক্যে নিশ্চিত ভবিষ্যৎ সময়ের (by next year) উল্লেখ থাকলে present indefinite tense হয়। Hoped এবং has hoped যথাক্রমে past indifinite এবং present perfect tense যা সঠিক নয়।*

54. Fill in the gap : Two-thirds of the work—finished. রাবি ইউনিট E ২০১৭-১৮ উত্তর ক

ক has been খ were গ have been ঘ had

www.boighar.com

Boighar.com

CHAPTER

18 Modal Auxiliaries

শুধু Tense দিয়ে মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ করা যায় না। বিভিন্ন ধরনের মনোভাব প্রকাশ করতে Modal Auxiliaries ব্যবহার করা হয়। Modal-গুলো হচ্ছে can/could, may/might, shall/should, will/would, must, need, dare, ought to, have to, used to, be to, be going to, had better, would rather ইত্যাদি। এসব Modals ক্ষেত্র বিশেষে বিভিন্ন অর্থ প্রদান করে। তাই এগুলো সম্বন্ধে আলাদাভাবে আলোচনা করা প্রয়োজন। এখানে পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ Modal সমূহ আলোচনা করা হলো।

18.1 General Rule : Modal auxiliaries-এর পর সাধারণত verb-এর present form ব্যবহৃত হয়। এদের সাথে to ব্যবহৃত হয় না। তবে যেসব modal-এর সাথে to আছে সেগুলো অক্ষুণ্ণ থাকে। যেমন—

He can <u>do</u> the work.

He used to <u>walk</u> in the morning.

18.2 Can / Could : নিম্নোক্ত অর্থ প্রকাশ করে :

A. Can দ্বারা বর্তমান সময়ের ক্ষমতা বা সামর্থ্য প্রকাশ করা হয়। Can অনুমতি প্রার্থনা করতেও ব্যবহৃত হয়। যেমন—

I can do the work (বর্তমান সামর্থ্য)

Can I use your pen? (অনুমতি)

Can-এর past form হচ্ছে could যা দ্বারা অতীতের স্থায়ী ক্ষমতা বুঝায়। উল্লেখ্য, সামর্থ্য অর্থে can/could-এর পরিবর্তে be able to ব্যবহার করা যায়। সেক্ষেত্রে can/could-এর সাথে একত্রে ব্যবহার করা যাবে না।

▶ **Choose the correct alternative verb for the sentence. I don't think I — be able to go.** গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) ২০০৩

ক shall √ খ should

গ can ঘ could

বি.দ্র. Present Perfect ও Future-এ সামর্থ্য বুঝতে be able to ব্যবহার করা যায়।

– He has been able to go home.

B. Could দ্বারা অতীতের স্থায়ী ক্ষমতা বুঝায়। যেমন— He could work 15 hours a day. কিন্তু অতীতে কোনো একটি মাত্র কাজ করতে পেরেছিল বুঝাতে could-এর পরিবর্তে was/were able to বা managed to ব্যবহার করতে হয়। তবে না-বোধক বাক্যে could not ব্যবহার করা যায়।

www.boighar.com

 বইঘর.কম

Incorrect : He could pass the test.

Correct : He managed to pass the test.

Correct : He was able to pass the test.

Correct : He could not pass the test.

C. Could : বর্তমান সময়ে বিনীত অনুরোধ করতে could ব্যবহার করা যায়।

▶ **নিচের বাক্যের শূন্যস্থানে কোনটি উপযুক্ত হবে?**

I have a headache. — you buy some aspirine for me?

ক Shall　　খ May

গ Could √　　ঘ Should

গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (টিভি প্রশিক্ষণ) ও উপ-সহকারী প্রকৌশলী ২০০৩

D. Could have + vpp : অতীতে কোনো কাজ করার সামর্থ্য ছিল কিন্তু করা হয়নি— এরূপ বুঝাতে Could have + Verb-এর Past Participle ব্যবহৃত হয়।

– You could have done the work. — তুমি কাজটি করতে পারতে (কিন্তু করোনি)।

– I could have beaten you. — আমি তোমাকে মারতে পারতাম (কিন্তু মারিনি)।

18.3 May/Might : May /Might নিম্নোক্ত অর্থ প্রকাশ করে।

A. অনুমতি প্রার্থনা : May I come in, sir?

B. ভবিষ্যৎ সম্বন্ধে অনুমান। সেক্ষেত্রে Might বেশি অনিশ্চয়তা প্রকাশ করে।

– It may rain today. (হতে পারে)

– It might rain today. (হলেও হতে পারে)

C. May/might be + ing : বর্তমান সময়ে (Present continuous) অনুমান করতে ব্যবহৃত হয়।

– They may/might be watching TV now. — তারা হয়ত এখন টিভি দেখছে।

D. May/might have + vpp : অতীতের কোনো কাজ সম্বন্ধে অনুমান প্রকাশ করে।

– You might have heard about Milton. — তুমি হয়ত মিল্টন সম্বন্ধে শুনেছ/শুনে থাকবে।

18.4 Shall/Should : Shall/Should সাধারণত নিম্নোক্ত অর্থ প্রকাশ করে :

A. মতামত চাইতে বা প্রস্তাব করতে প্রশ্নবোধক বাক্যে Shall বসে।

– Shall I make a cup of tea?

– Shall we go to the park?

B. Should সাধারণ বা ভবিষ্যৎ ঔচিত্য/কর্তব্য প্রকাশ করে। Ought to একই অর্থ দেয়।

– You should obey your parents.

– You ought to love your country.

C. Should be + ing : বর্তমানে করা/করতে থাকা উচিত বা কর্তব্য বোঝাতে ব্যবহৃত হয়।

– You should be working now. —তোমার এখন কাজ করতে থাকা উচিত।

D. Should have + vpp : অতীতে করা উচিত ছিল কিন্তু করা হয়নি বোঝাতে বসে।

– You should have done the work. – তোমার কাজটি করা উচিত ছিল (কিন্তু করোনি)।

18.5 Will/Would : ভবিষ্যৎ ঘটনা প্রকাশ, সাধারণ অনুরোধ ও বিনীত অনুরোধ করতে Will/Would বসে।

– I will go to Dhaka. (ভবিষ্যৎ ঘটনা)

www.boighar.com

▶ **Choose the correct sentence.**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন সাইফার অফিসার ১৯৯৯

ⓚ Would you please don't worry.
ⓚ Would you please not worry. √
ⓖ Please don't to worry.
ⓖ Would you please not to worry.

18.6 Must : Must যেসব অর্থ প্রকাশ করে তা হলো :

A. জরুরি উপদেশ বা সুপারিশ

– You are ill. You must see a doctor.

B. জানা তথ্য থেকে সঙ্গত অনুমান করতে

▶ **'There are no lights on and no one answers the door bell. They (–) be at home.'**
ওপরের বাক্যের শূন্যস্থানে কোনটি উপযুক্ত হবে?

গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (টিভি প্রশিক্ষণ) ও উপ-সহপ্রকৌশলী (টিভি) ২০০৩

ⓚ mustn't √ ⓚ can't
ⓖ will not ⓖ shouldn't

▶ **You think she is married?**
He – be, she hasn't got a ring on her finger.

ঢাকা বিশ্ববিদ্যালয় খ ইউনিট ২০০১-০২

ⓚ can ⓚ can't
ⓖ must ⓖ mustn't √

C. Must be + ing : কোনো (জানা) ঘটনা থেকে কোনো কাজ বর্তমানে ঘটছে এরূপ বোঝাতে এই গঠনটি ব্যবহৃত হয়।

▶ **Choose the correct sentence.**

সহকারী আবহাওয়াবিদ ২০০০

ⓚ Mizan is absent today; he must have been sick again.
ⓚ Rahim is back in the team today; he must be feeling better now. √
ⓚ The line is busy; someone should be using the telephone now.
ⓚ She must be study in her room now.

D. Must have + vpp : কোনো জানা তথ্য থেকে অতীতে ঘটে গেছে এমন অনুমান করতে এই structure-টি ব্যবহৃত হয়।

– You started early morning. You must have reached home before noon.

E. Obligation, Prohibition : বাধ্যবাধকতা ও নিষেধাজ্ঞা বোঝাতে must, mustn't ব্যবহৃত হয়।

– You must come to office in time.
– You mustn't talk in the classroom.

▶ **নিচের বাক্যের শূন্যস্থানে কোনটি উপযুক্ত হবে?**
'You — go to that room, it's forbidden!'

গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (টিভি প্রশিক্ষণ) ও উপ-সহকারী প্রকৌশলী (টিভি) ২০০৩

ⓚ don't have to ⓚ mustn't √
ⓖ shouldn't ⓖ don't know how to

[বি.দ্র. *Must-এর Past form নেই। তাই অতীত বাধ্যবাধকতা বুঝাতে had to ব্যবহৃত হয়। যেমন— I had to do the work.*]

 বইঘর.কম

18.7 **Have to : বর্তমান বা ভবিষ্যৎ Obligation বা বাধ্যবাধকতা বুঝাতে have to বসে। এর না-বোধক don't/doesn't দিয়ে করা হয়।**

▶ **নিচের বাক্যের শূন্যস্থানে কোনটি উপযুক্ত হবে?**

You – help me if you don't have time. I can do the job myself.

ক aren't able to　　খ don't have to √

গ don't　　ঘ aren't going to

18.8 **Need, Dare : কোনো প্রয়োজন নেই বুঝাতে না-বোধক বাক্যে need এবং সাহস/ধৃষ্টতা দেখানো বুঝাতে প্রশ্নবোধক বাক্যে Dare বসে। অতীতে করার প্রয়োজন ছিল না কিন্তু করা হয়েছে বুঝাতে need not have + v.p.p ব্যবহৃত হয়।**

– You need not go to school. তোমার স্কুলে যাবার দরকার নেই।

– How dare you say so? তুমি কোন সাহসে এমন কথা বললে?

– You need not have gone there. তোমার সেখানে যাবার দরকার ছিল না।

18.9 **Used to : অতীতে অভ্যাস ছিল, এখন নেই বুঝাতে ব্যবহৃত হয়। উল্লেখ্য, শুধু Used to-এর পর Verb -এর Present form হয় কিন্তু অভ্যস্ত হওয়া বুঝাতে be/get used to-এর পর Verb -এর সাথে -ing যুক্ত হয়। (দেখুন 15.15)**

▶ **He – to ride bicycle.**

ক was used　　খ used √

গ was using　　ঘ use

18.10 **Had better : কোনো কিছু করা ভালো এমন ধারণা প্রকাশ করতে had better ব্যবহৃত হয়। উল্লেখ্য যে, had better দেখতে Past perfect-এর মতো মনে হলেও আসলে এটি present/future-এর অর্থ দেয়। এর পর যথানিয়মে verb-এর present form বসে।**

▶ **Travellers – their reservations well in advance if they want to fly during the Eid holidays.** ১৮তম বিসিএস

ক had better to get　　খ had to get better

গ had better get √　　ঘ had better got

বি.দ্র. had better কে না-বোধক করতে had better not + v ব্যবহৃত হয়।

▶ **Which of the sentence is correct?**

ক I had better not be late. √　　খ I had better not to be late.

গ I had not better be late.　　ঘ I had better being late.

18.11 **Would rather : কোনো বিষয়কে অধিকতর প্রাধান্য দেয়া বা একটি বিষয়কে অন্যটির চেয়ে বেশি পছন্দ করা বুঝাতে would rather ..... than ব্যবহৃত হয়। উল্লেখ্য যে, than থাকলে এর পূর্বে ও পরে verb-এর Present form বসে।**

▶ **The boy from the village said, 'I – starve than beg.' – Which of the following best completes the above sentence?** ১৩তম বিসিএস

ক better　　খ rather

গ would rather √　　ঘ would better

www.boighar.com

THE REAL TEST 18

BCS Preliminary Questions

01. Fill in the blank :

Tourists — their reservations well in advance if they want to fly to Cox's Bazar.

(ক) better to had get (খ) had better to get
(গ) had better got (ঘ) had better get

Hints : *শূন্যস্থানে had better get বসবে কেননা had better-এর পর verb-এর base form বসে। অন্যান্য option-এ had better + verb-এর base form-এর সঠিক প্রয়োগ নেই।*

৩৮তম বিসিএস
উত্তর ঘ

02. Travellers — their reservation well in advance if they want to visit the St. Martins island.

(ক) had better to get (খ) had to better get (গ) had better get (ঘ) had better got

Hints : *Had better-এর পর verb-এর base form বসে।*

৩২তম ও ১৮তম বিসিএস
উত্তর গ

03. He said that he— be unable to come.

(ক) will (খ) shall (গ) should (ঘ) would

Hints : *Would হলো 'will'-এর past form। Sentenceটি indirect speech-এ থাকায় এরূপ structure হবে।*

২৯তম বিসিএস
উত্তর ঘ

04. I am looking for someone who—play the piano.

(ক) able to (খ) is able (গ) can be able to (ঘ) can

Hints : *কেউ কোনো কিছু করতে সক্ষম এরূপ বুঝাতে can ব্যবহৃত হয়। উল্লেখ্য, can শুধু present indefinite tense-এর ক্ষেত্রে ব্যবহৃত হয়। আর present perfect ও future tense-এর ক্ষেত্রে can-এর পরিবর্তে be able to ব্যবহৃত হয়।*

২৪তম বিসিএস
উত্তর ঘ

05. The boy from the village said, "I — starve than beg."— Which of the following best completes the above sentence?

(ক) better (খ) rather (গ) would rather (ঘ) would better

Hints : *মরবো তবুও করবো না/ উপোস থাকবো তবুও ভিক্ষা করবো না– এমন ভাব প্রকাশ করতে 'would rather than' structure-টি ব্যবহৃত হয়। উল্লেখ্য, এ ধরনের বাক্যে দুটি যে ভিন্ন verb ব্যবহৃত হয় তারা present form-এ থাকে।*

১৩তম বিসিএস
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ২০১৫
উত্তর গ

PSC & Other Exams' Questions

01. The dress doesn't suit you; You — buy another?

(ক) could (খ) would (গ) should (ঘ) will

Hints : *ঔচিত্য বোঝাতে 'should' modalটি ব্যবহৃত হয়। Should যোগে বাক্যটির বাংলা : পোশাকটি তোমার সাথে মানায় না; তোমার অন্য একটি কেনা উচিত।*

দুর্নীতি দমন কমিশনের উপ-সহকারী পরিচালক/কোর্ট পরিদর্শক ২০২০
উত্তর গ

02. Everyone should — the truth.

(ক) spoken (খ) to speak
(গ) speak (ঘ) speaking

Hints : *Modal verb should-এর পর verb-এর base form বসে। সুতরাং শূন্যস্থানে speak বসবে।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯
উত্তর গ

বইঘর.কম

03. He died so that he — save the flag.
ক was খ did গ could ঘ can
Hints : *So that-এর পর can বা could ব্যবহৃত হয়। যেহেতু so that-এর পূর্বে past tense ব্যবহৃত হয়েছে সেহেতু so that-এর পর can-এর past form could ব্যবহৃত হবে।*

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিভিন্ন পদ ২০১৯
উত্তর গ

04. Walk fast lest you — miss the bus.
ক will খ can গ could ঘ should
Hints : *Lest-এর পর clause-এর structure sub + should + verb-এর base form। সুতরাং শূন্যস্থানে should বসবে।*

১৫তম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৯
উত্তর ঘ

05. Phosphates — to most farm lands in Bangladesh.
ক need to be adding খ need to be added
গ need added ঘ need to add
Hints : *'Need' verb-এর পর passive structure প্রয়োজন হওয়ায় শূন্যস্থানে সঠিক passive অংশ হবে need to be added। শব্দাংশ যোগে বাক্যের অর্থ : বাংলাদেশে অধিকাংশ কৃষি জমিতে ফসফেট প্রয়োগ করা প্রয়োজন।*

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় ধাপ) ২০১৯
উত্তর খ

06. Mr. Atique— rather not invest that money in the stock market.
ক must খ has to গ could ঘ would
Hints : *Would rather সাধারণত prefer-এর অর্থ প্রদান করে। Would rather-এর পরে verb-এর simple form বসে আর negative হলে verb-এর base form-এর পূর্বে not বসাতে হয়। Would বসিয়ে বাক্যটির বাংলা : জনাব আতিক বরং শেয়ার বাজারে বিনিয়োগ করবে না।*

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় ধাপ) ২০১৯
উত্তর ঘ

07. She told that she (visit) London next month. Here the right form verb will be—
ক visited খ will visit গ had visited ঘ would visit
Hints : *That clause-এর পূর্বে verb-এর past form থাকায় এবং that clause-এ next month থাকায় সঠিক verb form হিসেবে verb-এর future in the past form ব্যবহৃত হবে। সুতরাং সঠিক expression হলো would visit।*

বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৯
উত্তর ঘ

08. We — better start soon, or we'll miss the opening ceremony.
ক would খ should গ may ঘ had
Hints : *Had better ব্যবহৃত হয় যে পরিস্থিতিতে কোনো কিছুর নেতিবাচক ফলাফল আসবে যদি প্রত্যাশিত কাজটি না করা হয়। সুতরাং শূন্যস্থানে had বসবে।*

জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা ২০১৯
উত্তর ঘ

09. Fill in the blank : 'You might — about Milton.'
ক hear খ be heard গ heard ঘ have heard
Hints : *অতীত কোনো কাজের অনুমান প্রকাশ করতে might + perfective ব্যবহৃত হয়। সুতরাং শূন্যস্থানে have heard বসবে। বাক্যটির বাংলা : তুমি সম্ভবত মিল্টন সম্পর্কে শুনেছিলে।*

পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট ২০১৯
উত্তর ঘ

10. We — always be open to new ideas.
ক are খ could গ should ঘ wouldn't.
Hints : *'Should' modal auxiliary verb সাধারণ বা ভবিষ্যৎ ঔচিত্য/ কর্তব্য প্রকাশ করতে ব্যবহৃত হয়। প্রদত্ত বাক্যের শূন্যস্থানে should বসিয়ে বাক্যটির বাংলা : নতুন ধারণার ক্ষেত্রে আমাদের সর্বদা অবারিত থাকা উচিত।*

বিভিন্ন মন্ত্রণা,বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) ২০১৮
উত্তর গ

11. Good friends — listen to each other.
ক never খ ever গ might ঘ must
Hints : *বাধ্যবাধকতা বোঝাতে 'must' modal auxiliaryটি ব্যবহৃত হয়। Must বসিয়ে বাক্যটির বাংলা : ভালো বন্ধুদের অবশ্যই একে অপরের কথা মনোযোগ সহকারে শুনতে হবে।*

বিভিন্ন মন্ত্রণা,বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) ২০১৮
উত্তর ঘ

www.boighar.com

12. Some day scientists will— find a cure for cancer.

ক have খ be able to গ have to ঘ sure to

Hints : *Someday অর্থ ভবিষ্যতের কোনো সময়ে আর have to দ্বারা বাধ্যবাধকতা বোঝায়। সুতরাং have to প্রদত্ত বাক্যে ব্যবহার করা যাবে না, তাই 'be able to' বাক্যে ব্যবহৃত হবে। Be able to বসিয়ে বাক্যের বাংলা : যে কোনো দিন বিজ্ঞানীরা ক্যান্সারের ঔষধ আবিষ্কারে সক্ষম হবে।*

বিভিন্ন মন্ত্রণা/বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) ২০১৮
উত্তর : খ

13. Children— to respect their parents.

ক should খ need গ must ঘ ought

Hints : *কোনো কিছু করা উচিত বোঝাতে should বা ought to modal verb ব্যবহার হয়। কিন্তু should-এর পর verb এর base form বসে। কিন্তু প্রদত্ত বাক্যে to ব্যবহার হয়েছে। সুতরাং প্রদত্ত বাক্যে ought বসবে।*

বিভিন্ন মন্ত্রণা/বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) ২০১৮
উত্তর : ঘ

14. They— at least an hour ago.

ক might have arrived খ ought to arrive গ should arrive ঘ must have arrived

Hints : *Ago (আগে) একটি সময় নির্দেশক adverb যা বাক্যে verb-এর past form নির্দেশ করে। They might have arrived at least an hour ago।*

স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌ. অধি. এস্টিমেটর ২০১৮
উত্তর : ক

15. The boy from the village said, 'I ---- starve than beg.'

ক rather খ would rather গ would better ঘ better

Hints : *শূন্যস্থানে would rather বসবে, কেননা would rather + verb + than + verb হয়। Would rather বসিয়ে বাক্যটির বাংলা : গ্রাম থেকে আসা বালকটি বলল, 'আমি বরং না খেয়ে থাকবো তথাপি ভিক্ষা করবো না।'*

প্রা. সহ. শিক্ষক ২০১৮ (স্থগিত ২০১৪) ১৪ জেলা
উত্তর : গ

16. Select the appropriate modal verb. Is it important that James — read the letter before I send it?

ক can খ may গ should ঘ will

Hints : *বাক্যে It is important-এর পর that থাকাতে subjunctive-এর ব্যবহার অনুসারে verb-এর base form বসে। আবার আমরা এসব ক্ষেত্রে should + verb form ও বসাতে পারি। কারণ option-এ modal verb ব্যবহার করা হয়েছে।*

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অধীন বিআরটিএ'র মোটরযান পরিদর্শক ২০১৭
উত্তর : গ

17. Try hard lest you— fall.

ক may খ might গ should ঘ would

Hints : *Lest (নতুবা; পাছে কিছু হয়) + sub + should বসে। সুতরাং শূন্যস্থানে should ব্যবহৃত হলে বাক্যটির অর্থ সম্পূর্ণ হয়। বাক্যটির অর্থ : কঠোর পরিশ্রম করো নতুবা ব্যর্থ হবে।*

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মিডওয়াইফ ২০১৭
উত্তর : গ

18. You had better leave the place. This sentence suggests—

ক a request খ an order গ a command ঘ an advice

Hints : *You had better leave the place অর্থ তুমি বরং এ জায়গা থেকে চলে যাও। এ বাক্যটি দ্বারা উপদেশ (advice) দেয়া বোঝাচ্ছে।*

তথ্য মন্ত্রণালয়ের অধীন বিটিভির সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭
উত্তর : ঘ

19. Fill in the blank : He ran fast lest he — miss the train.

ক should খ may গ could ঘ did not

Hints : *Lest + sub + should + verb word হয়। অতএব, সঠিক উত্তর (ক) should।*

স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭
উত্তর : ক

20. Look at those black clouds. It —— rain.

ক will খ is going to

গ would ঘ needs

Hints : *বাক্যের sequence অনুযায়ী, বৃষ্টি হতে যাচ্ছে এরূপ বোঝাচ্ছে। সুতরাং, সঠিক উত্তর (খ)।*

ডাক অধিদপ্তরের উপসহকারী পোস্ট মাস্টার ২০১৬
উত্তর : খ

বইঘর.কম

21. **'He is not present in the class. He must be sick'. Here 'must be' expresses—**
ক Certainty খ possiblity গ obligation ঘ intention
Hints : *বাক্যে প্রদত্ত 'must be' certainty অর্থাৎ নিশ্চয়তাকে বুঝাচ্ছে। Possibility হলে may/might/be বসত। Obligation বুঝাতে should বা will বসত এবং intention বুঝাতে have/has to ব্যবহৃত হয়।*

বিভিন্ন মন্ত্রণা, সহ, প্রোগ্রামার, উপসহকারী প্রকৌ., প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা ২০১৬
উত্তর: ক

22. **Choose the best option 'You had better— '**
ক go away খ gone away গ went away ঘ going away
Hints : *Sentence-এ had better, would better, would rather ইত্যাদি থাকলে পরের verbটি Present form-এ বসবে।*

বিভিন্ন মন্ত্রণা, সহকারী প্রোগ্রামার, উপসহকারী প্রকৌশলী, প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা ২০১৬
উত্তর: ক

23. **You — tomorrow if you have any work.**
ক need not to come খ need not come
গ need not coming ঘ don't need coming
Hints : *প্রদত্ত বাক্যের শূন্যস্থানে 'need not come' বসবে। বাক্যটি তখন দাঁড়াবে You need not come tomorrow if you have any work। এখানে need not come 'modal' -এর উদাহরণ। অন্যদিকে (ক) need not to come, (গ) need not coming এবং (ঘ) don't need coming ভুল।*

মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অধীনে উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা ২০১৬
উত্তর: খ

24. **You should not boasting of your achievements.**
ক boast of খ boast at গ boast for ঘ None of these
Hints : *Modal auxiliary, should-এর পর verb-এর base form বসে। Boast of something অর্থ কোনো কিছু নিয়ে গর্ব করা। সুতরাং underline কৃত অংশে boast of বসবে।*

BCS (2 Govt. Banks) Officer (IT) 2019
উত্তর: ক

University & Medical Questions

01. **I am used — that television show all the time as it always helps me to know about the contemporary issues of the world.**
ক to watch খ watching গ to watching ঘ to be watched

বশেমুরবিপ্রবি ইউনিট E (সামাজিক বিজ্ঞান) ২০১৯-২০
উত্তর: গ

02. **In a liberal arts curriculum, it is assumed that graduates will — about English, languages, literature, history, and the other social sciences.**
ক know খ know how গ knowledge ঘ knowing
Hints : *Modal auxiliary verb 'will'-এর পর verb-এর base form বসে। আর know about something অর্থ কোনো কিছু সম্পর্কে জানা। সুতরাং শূন্যস্থানের জন্য যথাযথ verb form হলো know।*

ভাবি 'আই' ইউনিট ২০১৯-২০
উত্তর: ক

03. **It is very hot inside the room. I — go to open space.**
ক have to খ as soon as গ would rather ঘ had better
Hints : *কোনো কিছু করা উচিত বা বাধ্যবাধকতা বোঝাতে had better ব্যবহৃত হয়। Had better যোগে ব্যাক্যটির বাংলা : রুমের ভিতরে খুবই গরম। আমার বরং উন্মুক্ত স্থানে যাওয়া উচিত।*

রাবি ইউনিট-B (বাণিজ্য) ২০১৯-২০
উত্তর: ঘ

04. **We — hire a rickshaw. It's already too late.**
ক had to খ would rather গ had better ঘ had though
Hints : *উচিত বোঝাতে বা বাধ্যবাধকতা বোঝাতে had better ব্যবহৃত হয়। Had better বসিয়ে বাক্যটির বাংলা : আমাদের রিকশা ভাড়া করা উচিত। ইতোমধ্যে অনেক দেরি হয়ে গেছে।*

রাবি ইউনিট-B (অবাণিজ্য) ২০১৯-২০
উত্তর: গ

05. **I — travelling by bus.**
ক am not used to খ did not used to গ used to ঘ do not use to
Hints : *Be used বা get used to-এর পর ing যুক্ত verb বসবে। সুতরাং শূন্যস্থানের জন্য যথাযথ expression হলো am not used to।*

চাবি B ইউনিট ২০১৯-২০
উত্তর: ক

www.boighar.com

06. I wish I — go travelling around the world.
ক can খ shall গ will ঘ could
Hints : *I wish-এর পর sub আসলে এর পর would/could + verb-এর base form ব্যবহৃত হয়। সুতরাং বাক্যটির জন্য সঠিক modal auxiliary verb হলো could।*
চবি B-I ইউনিট ২০১৯-২০ উত্তর ঘ

07. I wish I — a musical instrument.
ক should play খ could play গ may play ঘ play
Hints : *I wish + (that) + sub + could/would + verb হলো সঠিক structure। সুতরাং সঠিক expression হলো could play।*
চবি 'ডি' ইউনিট ২০১৯-২০ উত্তর খ

08. Very few — long distances.
ক are used to walk খ use to walk গ are used to walking ঘ walks
Hints : *Very few অর্থ খুব বেশি নয়। এরপর plural verb বসে। Get/be used to-এর পর verb-এর p.p বসে। Are used to walking যোগে বাক্যটির বাংলা : খুব সংখ্যক মানুষই দীর্ঘ পথ হাঁটতে অভ্যস্ত।*
চবি 'ডি' ইউনিট ২০১৯-২০ উত্তর গ

09. I am used — in crowded places.
ক to study খ to studying গ studying ঘ the study
Hints : *Be/get used to-এর পর verb-এর ing রূপ ব্যবহৃত হয়। To studying যোগে বাক্যটির বাংলা : জনবহুল জায়গাগুলোতে আমি পড়ালেখা করতে অভ্যস্ত।*
চবি 'ডি' ইউনিট ২০১৯-২০ উত্তর খ

10. Seema had better — if she does not want to miss the train.
ক hurry খ to hurry গ hurrying ঘ hurried
Hints : *Had better (বরং)-এর পর verb-এর base verb ব্যবহৃত হয়। Hurry যোগে বাক্যটির বাংলা : যদি ট্রেন মিস করতে না চায় তাহলে সীমার বরং তাড়াতাড়ি করা উচিত।*
চবি 'ডি' ইউনিট ২০১৯-২০ উত্তর ক

11. A good businessperson would rather that he or she closely — the market behaviour before making any investment.
ক observe খ observed গ to observe ঘ observing
চবি 'ডি' ইউনিট ২০১৯-২০ উত্তর ক

12. Whose book is this? I am not sure. It – be Anna's.
ক might খ must গ should ঘ would
Hints : *সম্ভাবনা প্রকাশ করতে might ব্যবহৃত হয়। Might যোগে বাক্যটির বাংলা : এটা কার বই? আমি নিশ্চিত নয়। এটা এনার হতে পারে।*
ইবি Unit-B (Set-A) ২০১৯-২০ উত্তর ক

13. It is raining. You need not — today.
ক go খ going গ to go ঘ to be going
Hints : *Need not-এর পর verb-এর base form বসে। Go বসিয়ে বাক্যটির বাংলা : বৃষ্টি হচ্ছে। তোমার আজ যাওয়ার প্রয়োজন নেই।*
কুবি ইউনিট B (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ) ২০১৯-২০ উত্তর ক

14. Ms. Prithee — be a bank executive. She — from Finance and Banking.
ক is — graduate খ will — graduates
গ might — graduated ঘ must — graduated
বশেমুরবিপ্রবি ইউনিট D ২০১৯-২০ উত্তর গ

15. I — warned before.
ক should have been খ should be
গ had to ঘ could
বশেমুরবিপ্রবি ইউনিট F (ব্যবসায় শিক্ষা) সেট-খ ২০১৯-২০ উত্তর ক

16. I — to the hospital last Friday.
ক would to খ must go গ have to go ঘ had to go
Hints : *অতীতকালে বাধ্যবাধকতা বোঝাতে—had to ব্যবহৃত হয়। Had to go যোগে বাক্যটির বাংলা : গত শুক্রবারে আমাকে হাসপাতালে যেতেই হয়েছিল।*
ঢাবি অধিভুক্ত সরকারি ৭ কলেজ (বিজ্ঞান ইউনিট) ২০১৯-২০ উত্তর ঘ

 বইঘর.কম

17. My father — live in Gazipur.
ক use to খ was use to গ used to ঘ was used to
Hints : *অতীতের অভ্যস্ততা বোঝাতে used to ব্যবহৃত হয় আর used to-এর পর verb-এর base form বসে। অন্যদিকে be/get used to-এর পর verb + ing বসে। সুতরাং শূন্যস্থানের পর verb-এর base form থাকায় used বসবে।*

ঢাবি
ক ইউনিট ২০১৮-১৯
উত্তর গ

18. Which would you — have, Ice or coffee.
ক rather খ prefer গ could ঘ better
Hints : *Would rather একটির তুলনায় অন্যটা অধিক পছন্দ করার ক্ষেত্রে ব্যবহৃত হয় এবং would rather-এর পর verb-এর base form বসে।*

ঢাবি
ক ইউনিট ২০১৮-১৯
উত্তর ক

19. Select the correct option for filling in the blank.
If you are suffering from fever, you — a doctor.
ক had better consulted খ had consulted গ had better consult ঘ will consult

খুবি
ইউনিট B ২০১৮-১৯
উত্তর গ

20. Which of the following are semi-modals?
ক can, could খ need, dare
গ will, would ঘ must, should

ইবি
ইউনিট বি (1st shift)
২০১৮-১৯
উত্তর খ

21. If you ... see Salma, tell her I have booked her air ticket.
ক should খ please গ will ঘ might
Hints : *কাউকে কোনো কিছু করতে অনুরোধ করার জন্য 'If you please' ব্যবহার করা হয়। Please বসিয়ে প্রদত্ত বাক্যের অর্থ– যদি দয়া করে সালমাকে দেখো, তাকে বলো যে আমি তার জন্য বিমানের টিকট বুকিং দিয়েছি।*

কুবি
ইউনিট বি ২০১৮-১৯
উত্তর খ

22. If you do not help me, you will be in trouble, So you ... help me find out the truth.
ক had better খ scarcely গ need ঘ are supposed to
Hints : *Had better অর্থ বরং। শূন্যস্থানে Had better বসিয়ে প্রদত্ত বাক্যের অর্থ– যদি আমাকে সাহায্য না করো তাহলে তুমি বিপদে পড়বে। সুতরাং তুমি আমাকে সত্য উৎঘাটনে সহায়তা কর।*

কুবি
ইউনিট সি২০১৮-১৯
উত্তর ক

23. England are going to win the world cup. You – be joking!
ক could খ must গ ought to ঘ would
Hints : *শূন্যস্থানে must বসবে, কেননা must be joking অর্থ– সম্ভবত তামাশা করা হচ্ছে এমন।*

জাককানইবি
ইউনিট বি ২০১৮-১৯
উত্তর খ

24. You had better — or you will miss the train.
ক hurried খ hurries
গ hurrying ঘ hurry

জাককানইবি
ইউনিট ডি ২০১৮-১৯
উত্তর ঘ

25. — unless the government brings about necessary changes in the laws and creates an environment of zero tolerance towards child violence of any sorts.
ক The situation may not improve খ The situation do not improve
গ The situation does not improve ঘ The situation is not improve
Hints : *সম্ভাবনা বা সন্দেহ প্রকাশ করার ক্ষেত্রে 'may' modal verb টি ব্যবহৃত হয়। সুতরাং সঠিক clauseটি হবে the situation may not improve। Option খ এবং ঘ-তে auxiliary verb এবং main verb-এর ব্যবহার ভুল রয়েছে। আর option গ-এর clause টি structurally এবং অর্থগতভাবে ভুল।*

ঢাবি
ইউনিট ক ২০১৭-১৮
উত্তর ক

26. Since the bus companies compete with one another, the drivers have every incentive to drive aggressively and take more passengers than the buses — hold.
ক can খ could গ should ঘ would
Hints : *বর্তমান সময়ে ক্ষমতা বা সামর্থ্য প্রকাশ করতে can শব্দটি ব্যবহৃত হয়। বাস অধিক সংখ্যক passenger ধারণ করতে পারে বোঝাতে can শব্দটি শূন্যস্থানে বসবে।*

ঢাবি
ইউনিট ক ২০১৭-১৮
উত্তর ক

www.boighar.com

27. **The poor man said, 'I — starve than beg.'** চাবি ইউনিট গ ২০১৭-১৮ উত্তর গ
ক rather খ would গ would rather ঘ better did
Hints : *বাক্যে than থাকাতে বোঝা যাচ্ছে যে শূন্যস্থানে would rather বসবে, কেননা একটির তুলনায় অন্যটি prefer করা বোঝাতে would rather ..... than ব্যবহৃত হয়।*

28. **Travelers — their reservations well in advance if they want to fly during the Eid holidays.** চাবি ইউনিট C ২০১৭-১৮ উত্তর গ
ক had better to get খ have better get গ had better get ঘ had better got
ঙ have to get better
Hints : *Had better একটি modal auxiliary verb, যার পর verb-এর present from (get) বসে। (গ) অপশন ব্যতীত বাকি অন্য অপশনগুলোতে had better-এর ভুল ব্যবহার আছে। তাই সঠিক উত্তর (গ)।*

29. **You — to me. Now I'll never believe you again.** চাবি ইউনিট D ২০১৭-১৮ উত্তর গ
ক wouldn't have lied খ can't have lied গ shouldn't have lied ঘ mustn't have lied
Hints : *অতীতে কোনো কিছু করা উচিত ছিল না এমন অর্থে modal auxiliary verb হিসেবে shouldn't have + verb এর p.p form হয়। You shouldn't have lied to me. (আমার কাছে তোমার মিথ্যা বলা উচিত হয়নি)।*

30. **These differences between the two photographs — with the help of computer programs.** চাবি ইউনিট ক ২০১৬-১৭ উত্তর ঘ
ক should removed খ must be removed
গ have to removed ঘ could have been removed
Hints : *দুটি ছবির মধ্যে পার্থক্যগুলি Computer program দ্বারা remove করা যেত কিন্তু করা হয়নি (Could have been removed).*

31. **Find the incorrect word : He need** চাবি ইউনিট E (রিজোড়) ২০১৬-১৭ উত্তর খ
ক <u>not</u> খ <u>to</u> গ <u>go</u> ঘ there.
Hints : *কোনো স্থানে যাওয়া বোঝাতে go-এর পর to বসে। তবে না যাওয়া বোঝাতে go-এর পর to বসে না।*

32. **Complete the sentence. The ring that I was looking at is gone, someone else — it.** চাবি ইউনিট B_1 ২০১৬-১৭ উত্তর ক
ক must have bought খ must had bought গ must buy ঘ must be buying
Hints : *'নিশ্চিত অনুমান' প্রকাশ করতে must have + v_3 ব্যবহৃত হয়।*

33. **Although working conditions — in many occupations in the past few years, one can never be safe, particularly in places with higher risk.** চাবি ইউনিট B_1 ২০১৬-১৭ উত্তর খ
ক might improve খ may have improved
গ can't have improved ঘ could improve
Hints : *কোনো কাজ সংঘটিত হয়েছে এরূপ অনুমান বোঝাতে may have + v_3 – structure টি অনুসৃত হবে।*

34. **It was a bad accident. We —— have been killed.** চাবি ইউনিট সি, ২০১৬-১৭ উত্তর ঘ
ক would খ should গ could ঘ might
ঙ may
Hints : *অতীত সম্ভাবনা বোঝাতে 'modal auxiliary' হিসেবে 'might' ব্যবহার করা হয়।*

35. **We hoped that she — able to return in time.** চাবি Unit-D_3 (ব্যবসায় শিক্ষা) ২০১৬-১৭ উত্তর খ
ক will be খ would be গ can be ঘ likely to be
Hints : *Main clause Past Indifinite tense-এর হলে 'that-clause'-এ ব্যবহৃত shall/will পরিবর্তিত হয়ে would হবে।*

36. **You can't — to learn a foreign language in a week.** চাবি Unit-D_3 (ব্যবসায় শিক্ষা) ২০১৬-১৭ উত্তর গ
ক expectant খ except গ expect ঘ expectation
Hints : *Modal verb 'can'-এর পরে 'verb'-এর 'present form' ব্যবহৃত হয়।*

বইঘর.কম

CHAPTER

19 Conditional Sentence

প্রধানত If যুক্ত বাক্যকে Conditional Sentence বলা হয়। প্রায় প্রতিটি পরীক্ষায় Conditional Sentence-এর উপস্থিতি লক্ষ্য করার মতো। এটি সাধারণত দুটি অংশে বিভক্ত থাকে ১. If যুক্ত বাক্যাংশকে বলা হয় If Clause, যাতে একটি শর্ত দেয়া থাকে, ২. Main Clause যাতে উক্ত শর্তের ফলাফল দেয়া থাকায় একে Result Clause-ও বলা হয়। মাত্র কয়েকটি Structure মনে রাখলে খুব সহজেই Conditional Sentence সংক্রান্ত প্রশ্নোত্তর রপ্ত করা সম্ভব।

19.1 Kinds of Conditionals : অধিকাংশ বইপত্রে তিন ধরনের Conditionals-এর কথা বলা হলেও এরা মূলত ৪ প্রকার।

1. Zero conditional 2. First conditional
3. Second conditional 4. Third conditional

19.2.1 Structure of Zero Conditional : If + present simple + present simple-এ গঠনটি সাধারণত চিরন্তন সত্য (Universal Truth), বৈজ্ঞানিক সত্য (Scientific Truth) এবং অভ্যাসগত সত্য অর্থ প্রকাশের ক্ষেত্রে ব্যবহৃত হয় এবং নিশ্চয়তামূলক অর্থ প্রকাশ করে।

▶ **Water boils — you heat it to 100° Centigrade.** ২৪তম বিসিএস

ক unless খ until
গ if √ ঘ although

Hints : *যদিও এই উদাহরণটি conjunction-এর সাথে সংশ্লিষ্ট, তবুও এখানে লক্ষণীয় যে If Clause এবং Result Clause উভয়টিতে Present simple tense ব্যবহৃত হয়েছে যা দ্বারা একটি বৈজ্ঞানিক সত্য প্রকাশ পেয়েছে। তেমনিভাবে 'If I drink coffee, I get a headache' বাক্যটিতে অভ্যাসগত সত্য প্রকাশ পেয়েছে। উল্লেখ্য, Zero Conditional-এর Result Clause-এ Future Indefinite-ও ব্যবহার করা যায়। যেমন—*

▶ **If a ruby is heated, it — temporarily lose its colour.** ১৮তম বিসিএস

ক would খ will √ গ does ঘ has

19.2.2 Structure of 1st Conditional : If + Present + Future
সাধারণভাবে If Clause-টিতে Present Indefinite হলে Result Clause-এ Future Indefinite হয় এবং এটা অনিশ্চিত ভবিষ্যতের অর্থ প্রদান করে। অর্থাৎ ভবিষ্যতে কাজটি হতেও পারে নাও হতে পারে।

▶ **If he wants to play the violin, I — the piano for him.** নির্বাচন কমিশন সচিবালয় থানা/ উপজেলা নির্বাচন অফিসার ২০০৪

ক play খ am playing
গ shall play √ ঘ have played

www.boighar.com

19.2.3 **Structure of 2nd Conditional :**

If + Past + Would/Could/Might + V-এর Present form

অর্থাৎ If clause-এ যদি Past Tense হয়, তাহলে অপরাংশে সাধারণত would + verb-এর base form হয়, তবে could/might-ও হতে পারে। 2nd Conditional-এ if যুক্ত অংশে be verb থাকলে তা সবসময় were হবে। লক্ষণীয় যে, এখানে verb-টি Past Tense হলেও বাক্যটি ভবিষ্যৎ সম্ভাবনা বা বর্তমানে অসম্ভাবনার অর্থ প্রকাশ করে থাকে।

▶ **If we had a boat, we — the river.** তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৩

ⓚ would cross √ ⓚ will cross

ⓖ will be crossing ⓖ would make crossed

▶ **If I were you, I (handle) the situation more carefully. — Which of the following verb forms best completes the above sentence?** ১৩তম বিসিএস

ⓚ would handle √ ⓚ will handle

ⓖ handle ⓖ would have handled

19.2.4 A **Structure of 3rd Conditional :**

If + past perfect + would have/could have/might have + vpp

অর্থাৎ If clause-এ যদি Past Perfect হয় তাহলে Result Clause-এ অধিকাংশ ক্ষেত্রে would have + vpp বসে। এই শর্তটি পূরণ হওয়া অসম্ভব। কারণ অর্থটি হবে এরূপ : যদি আমি জানতাম তাহলে আসতাম; যেহেতু জানিনি, তাই আসিও নি।

▶ **Complete the following sentence :**

'If I had known you were coming ..... ২৩তম বিসিএস

ⓚ I would go to.

ⓚ I had gone to the station.

ⓖ I would have gone to the station. √

ⓖ I would be going to the station..

19.2.4.B **3rd conditional-এর If কে বাদ দেয়া যায়; তবে শর্ত হলো তখন Past perfect-এর had টিকে subject-এর আগে বসাতে হবে। সেক্ষেত্রে Structure-টি হবে নিম্নরূপ :**

Had + sub + vpp + sub + would have/could have/might have + vpp

▶ **Had I known in advance, I — enough money.**

ⓚ would take ⓚ took

ⓖ will take ⓖ would have taken √

ⓓ wanted to take

19.3 **একটি তুলনা : নিচের প্রশ্ন দুটির মধ্যে তুলনা করুন এবং উভয়ের মধ্যে পার্থক্য নির্ণয় করার চেষ্টা করুন।**

▶ **If there was a concert today —.** ঢাকা বিশ্ববিদ্যালয় খ ইউনিট ২০০০-০১

ⓚ I would go √ ⓚ I would be gone

ⓖ I would have gone ⓖ I would be going

www.boighar.com

 বইঘর.কম

▶ **If there had been a concert today —.** ঢাকা বিশ্ববিদ্যালয় খ ইউনিট ২০০১-০২

ⓚ I would certainly go ⓚ I have certainly gone

ⓖ I would certainly have gone √ ⓖ I will certainly go

Hints : *১ম উদাহরণে 2nd Conditional তথা If + Past ব্যবহৃত হয়েছে তাই অপরাংশে সঠিক উত্তর হবে I would go. কিন্তু ২য় উদাহরণে 3rd Conditional তথা If + Past Perfect হওয়ায় অপরাংশে would have gone হবে।*

19.4 If ছাড়া অন্য যেসব Conditional Conjunction ব্যবহৃত হয় তাদের মধ্যে উল্লেখযোগ্য হলো in case, unless (যদি না), provided (that) ইত্যাদি। উল্লেখ্য, unless না-বোধক হওয়ায় এর সাথে Affirmative Verb ব্যবহার করতে হয়।

▶ **The right word to fill in the gap of the following sentence — 'Give her a telephone number to ring — she gets lost'.** ১৭তম বিসিএস

ⓚ Whether ⓚ In case √

ⓖ Unless ⓖ Perhaps

19.5 নিচে উদাহরণ ও সম্ভাব্য অর্থসহ Conditional Sentence-এর বিভিন্ন প্রকার তুলে ধরা হলো :

Conditionals at a Glance

Zero Conditional	If + Present Simple + Present Simple If you heat water to 100 degrees Celsius, it boils.
First Conditional	If + Present + Future If it rains, they will not play.
Second Conditional (a)	If + Past + would/could/might + V present If I won the lottery, I would build a house with the money.
Second Conditional (b)	If + were + would/could/might + V present If I were a bird, I would fly to you.
Third Conditional (a)	If + Past Perfect + would/could/might have + Vpp If I had seen him, I would have given him the message.
Third Conditional (b)	Had + Sub + Vpp + would/could/might have + Vpp Had I seen him, I would have given him the message.

Probability	Conditional	Example	Time
Certain	Zero Conditional	If you heat water to 100 degrees Celsius, it boils.	Any time
Likely	First Conditional	If it rains, they will not play	Future
Unlikely	Second Conditional	If I won the lottery, I would build a house with the money.	Future
Impossible	Second Conditional	If I were a bird, I would fly to you.	Present
Impossible	Third Conditional	If I had seen him, I would have given him the message.	Past

www.boighar.com

Boighar.com

THE REAL TEST 19

BCS Preliminary Questions

01. Complete the following sentence : 'Had I known you were waiting outside, I — ৩৯তম বিসিএস (বিশেষ) উত্তর ঘ

ক) had invited you to come in খ) would invite you to come in
গ) would be inviting you to come in ঘ) would have invited you to come in

Hints : *Perfect conditional-এর নিয়মানুসারে এখানে sentence টির পরবর্তী clause হবে would have invited you to come in। 3rd conditional বা perfect conditional এর structure : Past perfect + would have + v_3 + extention।*

02. This could have worked if I — been more cautious. ৩৬তম ও ৩৫তম বিসিএস উত্তর ক

ক) had খ) have গ) might ঘ) would

Hints : *3rd conditionl-এর নিয়মানুসারে Principal clause-এ could have /would have/ might have থাকলে if clause টি Past Perfect হবে। সুতরাং শূন্যস্থানে Past Perfect-এর auxiliary verb 'had' হবে।*

03. What would have happened if— ? ২৭তম বিসিএস উত্তর গ

ক) The bridge is broken খ) The bridge would break
গ) The bridge had broken ঘ) The bridge had been broken

Hints : *'what would have happened if the bridge had broken' দ্বারা বোঝানো হয়েছে তারা ব্রিজটা সহজেই পেরিয়ে এসেছে। কিন্তু যদি ভেঙ্গে পড়ত তাহলে কি ঘটত?*

04. He — arrested if he had tried to leave the country. ২৬তম বিসিএস উত্তর গ

ক) would খ) could be গ) would have been ঘ) must be

Hints : *সাধারণত Conditional-এ if যুক্ত clause-টি past perfect-এর হলে principal clause-টি perfect conditional হয়, অর্থাৎ subject-এর সাথে would have/could have/might have এবং verb-এর past participle form হয়। Passive voice-এর ক্ষেত্রে would/could/might + have been বসে।*

05. Shaheen would never have taken the job if — what great demand it would make on his time. ২৫তম বিসিএস উত্তর গ

ক) he knew খ) he had been knowing
গ) he had known ঘ) he was knowing

Hints : *Principal clause এ যদি would have, could have, might have + V_3 থাকে তাহলে If যুক্ত clauseটি past perfect tense-এর হবে।*

06. Complete the following sentence : If I had known you were coming— ২৩তম বিসিএস উত্তর গ

ক) I would go to the station. খ) I had gone to the station.
গ) I would have gone to the station. ঘ) I would be going to the station.

Hints : *যেহেতু main clause-এ past perfect tense হয়েছে তাই if clause-এ would have ব্যবহার করতে হবে।*

www.boighar.com

বইঘর.কম

07. **If a ruby is heated it — temporarily lose its color.**
ক would ⓚ will ⓖ does ⓘ has
Hints : *If + present + future ।*

১৮তম বিসিএস
উত্তর : খ

08. **If I were you, I (handle) the situation more carefully. — Which of the following verb forms best completes the above sentence?**
ক would handle ⓚ will handle
ⓖ handle ⓘ would have handled
Hints : *Conditional sentence-এ If দ্বারা সূচিত clause টিতে 'were' থাকলে অপর clause টিতে would/ could/might + Verb (base form) ব্যবহার করতে হয় ।*

১৩তম বিসিএস
উত্তর : ক

09. **Choose the correct alternative to complete the sentence? 'He—to see us if he had been able to.'**
ক would come ⓚ would have come ⓖ may have come ⓘ may come
Hints *If যুক্ত clause-টিতে past perfect tense থাকলে অন্য clause-এ would/could/might + have + verb (p.p) form হয় ।*

১০ম বিসিএস
উত্তর : খ

PSC & Other Exams' Questions

01. **Had I known her, I — her.**
ক would meet ⓚ would have met ⓖ would had meet ⓘ would met
Hints : *Third conditional-এর result clause-এর structure হলো sub + would have + verb-এর p.p + obj । সুতরাং শূন্যস্থানে would have met বসবে ।*

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৯
উত্তর : খ

02. **Complete the following sentence :**
If you had invited me —
ক I would go ⓚ I might go ⓖ I would have gone ⓘ I had gone
Hints : *If clause টি past perfect tense এ হওয়ায় result clause টির structure হবে sub + would have + verb-এর p.p.+ obj । সুতরাং বাক্যকে সঠিক করতে I would have gone বাক্যাংশ যোগ করতে হবে ।*

তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ২০১৯
উত্তর : গ

বইঘর.কম

03. **Choose the correct alternative to correct the sentence.— He —— to see us if he had been able to do.**
ক would come ⓚ would have come ⓖ may had come ⓘ would may come
Hints : *Repulsion (অনীহা; অপছন্দ; বিকর্ষণ) শব্দের বিপরীত word হলো attraction (আকর্ষণ)। Option গুলোর মধ্যে repugnance এবং aversion হলো repulsion-এর সমার্থক শব্দ আর destitution অর্থ দুঃস্থতা; চরম দারিদ্র্য।*
ঢাবি ইউনিট চ ২০১৭-১৮
উত্তর খ

80. What is the antonym of the word 'repeal'?
ক rescind খ abrogate গ gladden ঘ sanction
Hints : *Repeal (বাতিল করা; প্রত্যাহার করা)-এর বিপরীত শব্দ sanction (অনুমোদন দেয়া)। Option-এর বাকি তিন শব্দ rescind-(আইন, চুক্তি ইত্যাদি) বাতিল করা, abrogate– বাতিল করা, gladden– সন্তুষ্ট করা।*
ঢাবি ইউনিট বি ২০১৭-১৮
উত্তর ঘ

Select the antonyms—

81. HOMOGENEOUS :
ক Unattainable খ Diversified গ Obsequious ঘ Glorious
Hints : *Homogeneous শব্দের অর্থ সমপ্রকৃতির অংশসমূহ নিয়ে গঠিত; সমজাতীয়, যার বিপরীত শব্দ diversified। Diversified-এর অর্থ বিভিন্ন প্রকৃতির অংশসমূহ নিয়ে গঠিত; বিচিত্র। অন্যদিকে unattainable অর্থ অর্জন করা যায় না এমন, obsequious অর্থ চাটুকার এবং glorious অর্থ মহিমান্বিত।*
ঢাবি ইউনিট সি ২০১৭-১৮
উত্তর খ

82. INTRICATE :
ক Complicated খ Opaque গ Sophisticated ঘ Simple
Hints : *Intricate (জটিল; দুর্বোধ্য)-এর বিপরীত শব্দ হলো simple (সরল)। Option-এর বাকি তিনটি শব্দ complicated, opaque এবং sophisticated হলো intricate-এর সমার্থক শব্দ।*
ঢাবি ইউনিট সি ২০১৭-১৮
উত্তর ঘ

83. ARTICULATE :
ক Friendship খ Clearly গ Enunciate ঘ Mumble
Hints : *Articulate শব্দের অর্থ স্পষ্টভাবে উচ্চারণ করা, যার বিপরীত শব্দ mumble (অস্পষ্টভাবে কথা বলা)। Friendship—বন্ধুত্ব, clearly—স্পষ্টভাবে এবং enunciate— স্পষ্টভাবে উচ্চারণ করা।*
ঢাবি ইউনিট সি ২০১৭-১৮
উত্তর ঘ

84. Which one is the correct antonym of 'supercilious'?
ক Affable খ Lavish গ Occidental ঘ Belligerent
Hints : *Supercilious শব্দের সঠিক antonym হলো affable কেননা supercilious শব্দের অর্থ ঔদাসীন্যপূর্ণ; সব কিছুকে ঘৃণা করে এমন এবং affable শব্দের অর্থ ভদ্র; সদালাপী। Lavish অর্থ অপব্যয় করা, occidental অর্থ পাশ্চাত্য এবং belligerent অর্থ যুদ্ধবাজ।*
ঢাবি ইউনিট ডি ২০১৭-১৮
উত্তর ক

 বইঘর.কম

85. Which one of the following does not mean a 'road'?
ক alley খ boulevard গ track ঘ lagoon
Hints : *Alley (সরু গলি), boulevard (প্রশস্ত প্রধান সড়ক) এবং track (যানবাহন, মানুষ অথবা পশুর চলাচলের ফলে সৃষ্ট পথচিহ্ন বা দুর্গম পথ) সড়ক বা পথকে নির্দেশ করে। কিন্তু lagoon অর্থ উপহ্রদ বা অগভীর হ্রদ যা পথ বোঝায় না।*
জাবি ইউনিট ডি ২০১৭-১৮
উত্তর : ঘ

86. The antonym of the word 'somber' is— .
ক bright খ gloomy গ dismal ঘ dark
Hints : *Somber (অন্ধকারময়; বিষণ্ন; নিরানন্দ)-এর বিপরীত শব্দ bright (উজ্জ্বল; প্রফুল্ল)। Gloomy (বিষণ্ন), dismal (নিরানন্দ) এবং dark (অন্ধকারময়) হলো somber-এর সমর্থক শব্দ।*
জাবি ইউনিট ডি ২০১৭-১৮
উত্তর : ক

87. Which of the following can be an antonym for 'public'?
ক secede খ seclusion গ secular ঘ secluded
Hints : *Public (সর্বজনবিদিত; প্রকাশ)-এর antonym হলো secluded (নির্জন; নিরালা; নিভৃত)। তাছাড়া secede অর্থ খারিজ করা, seclusion (n) নির্জনতা আর secular অর্থ পার্থিব; লোকায়ত। Noun হিসেবে public শব্দটির অর্থ জনসাধারণ তাই antonym হিসেবে Seclusion গ্রহণযোগ্য নয়।*
জাবি ইউনিট ই ২০১৭-১৮
উত্তর : ঘ

88. The antonym of 'Take to Task' is
ক Attack খ Abuse গ Asperse ঘ Allow
Hints : *Take to task (তিরস্কার করা)-এর বিপরীতার্থক শব্দ, allow (সম্মতি দেয়া)। Attack– আক্রমণ করা, Abuse– অপব্যবহার করা, Asperse– অপবাদ দেয়া।*
জাবি ইউনিট A ২০১৭-১৮
উত্তর : ঘ

89. Find the antonym of 'earnest'
ক ardent খ serious গ flippant ঘ sincere
Hints : *Earnest (আন্তরিক)-এর বিপরীতার্থক শব্দ flippant (ধৃষ্টতাপূর্ণ)। Ardent– অতিশয় আকুল বা উৎসাহী, serious– গুরুত্বপূর্ণ, sincere– আন্তরিক।*
জাবি ইউনিট B ২০১৭-১৮
উত্তর : গ

90. Which is the antonym of 'Animosity'?
ক Odium খ Pretention গ Love ঘ Affectation
Hints : *Animosity (হিংসা)-এর বিপরীতার্থক শব্দ love ভালোবাসা। Odium—ঘৃণা, pretention—বানানটি ভুল। এর সঠিক বানান pretension—দাম্ভিকতা, affectation—ভান বা অস্বাভাবিক আচরণ।*
জাবি ইউনিট E ২০১৭-১৮
উত্তর : গ

91. Which one is the antonym of 'Hirsute'?
ক Shaggy খ bald গ erudite ঘ glorious
Hints : *Hirsute (লোমশ)-এর বিপরীতার্থক শব্দ bald (লোমহীন)। Shaggy—(লোমশ), erudite—পণ্ডিত, glorious—প্রসিদ্ধ।*
জাবি ইউনিট E ২০১৭-১৮
উত্তর : খ

Boighar.com

92. The antonym of PERCISE is :
ক INDECENT খ VAGUE গ INCORRECT ঘ INDISTINCT
[**Note :** *Percise-এর স্থলে শব্দটি precise (যথাযথ; নির্ভুল) হলে এর antonym হতো incorrect (ভুল)। Indecent অর্থ অশিষ্ট; অশ্লীল, vague অর্থ অস্পষ্ট; ভাসাভাসা এবং indistinct অর্থ অস্পষ্ট; অব্যক্ত।*]
জাবি ইউনিট G ২০১৭-১৮
উত্তর : Note

93. The antonym of REPEL is :
ক ATTEND খ CONCRETE গ CONTINUE ঘ ATTRACT
Hints : *Repel (বিকর্ষণ করা)-এর বিপরীত শব্দ হলো attract (আকর্ষণ করা)।*
জাবি ইউনিট G ২০১৭-১৮
উত্তর : ঘ

94. The antonym of the word 'repulsive' is — .
ক refulgent খ effulgent গ alluring ঘ meek
Hints : *'Repulsive' অর্থ বিরক্তিকর; ঘৃণ্য যার বিপরীত শব্দ alluring (মুগ্ধকর; জাদুকরী)। Refulgent অর্থ দেদীপ্যমান; effulgent অর্থ দীপ্তিমান আর meek অর্থ নম্র ও ধৈর্যশীল; অপ্রতিবাদী।*
জাবি ইউনিট H ২০১৭-১৮
উত্তর : গ

www.boighar.com

95. **Antonym of the word 'tabloid' is—**
ক little magazine খ paperback
গ paparazzi ঘ broadsheet
রাবি ইউনিট E ২০১৭-১৮
উত্তর: খ

96. **Antonym of the word 'migrant' is—**
ক expatirate খ gypsy
গ native ঘ nomad
রাবি ইউনিট E ২০১৭-১৮
উত্তর: গ

97. **'Incredibly' means—**
ক truly খ slowly
গ undoubtedly ঘ unbelievably
রাবি ইউনিট E ২০১৭-১৮
উত্তর: ঘ

98. **Antonym of 'beauty' is—**
ক profitable খ vindicate
গ repulsive ঘ splendour
রাবি চারুকলা অনুষদ (ইউনিট I) ২০১৭-১৮
উত্তর: গ

99. **Antonym of 'create' is—**
ক dismantle খ destroy
গ incapacity ঘ deform
রাবি চারুকলা অনুষদ (ইউনিট I) ২০১৭-১৮
উত্তর: খ

100. **The antonym of the word 'sympathy' is—**
ক empathy খ feelings
গ hate ঘ apathy
রাবি ইউনিট K (IER) ২০১৭-১৮
উত্তর: ঘ

101. **The employees have a lot of <u>grievances</u> against the authority. The underlined word means—**
ক views খ suggestions গ complaints ঘ expectations
রাবি ইউনিট K (IER) ২০১৭-১৮
উত্তর: গ

102. **Choose the antonym of 'stubborn'**
ক wilful খ obstinate
গ inflexible ঘ compliant
রাবি ইউনিট K (IER) ২০১৭-১৮
উত্তর: ঘ

103. **Antonym of CANDID—**
ক Bluff খ Devious
গ Equal ঘ Blunt
রাবি ইউনিট D (বাণিজ্য) ২০১৭-১৮
উত্তর: ঘ

104. **Antonym of ENTANGLE—**
ক Untwist খ Twist
গ Hook ঘ Impede
রাবি ইউনিট D (বাণিজ্য) ২০১৭-১৮
উত্তর: ক

105. **Antonym of AMENDING—**
ক Alter খ Ameliorate
গ Better ঘ Debase
রাবি ইউনিট D ২০১৭-১৮
উত্তর: ঘ

106. **Antonym of AMENABLE—**
ক Uncooperative খ Persuadable
গ Biddable ঘ Docile
রাবি ইউনিট D ২০১৭-১৮
উত্তর: ক

107. **What is the antonym of the word 'clarity'?**
ক Confusion খ Profusion
গ Fusion ঘ Diffusion
রাবি ইউনিট J ২০১৭-১৮
উত্তর: ক

108. **The antonym of 'fictitious' is :**
ক Artificial খ Superficial
গ Genuine ঘ Imaginary
রাবি ইউনিট J ২০১৭-১৮
উত্তর: গ

 বইঘর.কম

109. Write the antonym of 'hazy'. — রাবি ইউনিট G-1 ২০১৭-১৮ উত্তর : গ

ক Foggy খ Vague
গ Sunny ঘ Misty

110. Which of the following words is an antonym of the word "Compel"? — রাবি ইউনিট H ২০১৭-১৮ উত্তর : ক

ক obstruct খ impel
গ drive ঘ compose

111. The antonym of 'opaque' is —. — চবি ইউনিট A ২০১৭-১৮ উত্তর : ক

ক transparent খ dark গ hazy ঘ obscure

Hints : *Opaque (অস্বচ্ছ) এর বিপরীতার্থক শব্দ transparent (স্বচ্ছ) । Dark– অন্ধকার, hazy– অস্পষ্ট, obscure– অস্পষ্ট ।*

112. The opposite of 'commendable' is— — চবি ইউনিট B ২০১৭-১৮ উত্তর : ক

ক deplorable খ laudable গ creditable ঘ deserving

Hints : *Commendable (প্রশংসনীয়) এর বিপরীতার্থক শব্দ deplorable (শোচনীয়) । laudable – প্রশংসনীয়, cridible – বিশ্বাসযোগ্য, deserving – যোগ্য ।*

113. The antonym of 'sporadic' is —. — চবি ইউনিট B ২০১৭-১৮ উত্তর : খ

ক twisted খ continuous গ wasteful ঘ slow

Hints : *Sporadic (মাঝে মাঝে ঘটে) এর বিপরীতার্থক শব্দ Continuous (নিয়মিত) । Twisted – বিকৃত, Wasteful– অপচয়ী, Slow – ধীর গতি ।*

114. The antonym of 'OBSOLETE' is — . — চবি ইউনিট D ২০১৭-১৮ উত্তর : গ

ক decayed খ medieval গ modern ঘ antique

Hints : *Obsolete (অপ্রচলিত) এর বিপরীতার্থক শব্দ modern (আধুনিক) Decayed— ক্ষয়প্রাপ্ত, medieval —মধ্যযুগীয়, antique—প্রাচীন ।*

115. An antonym for 'smart' is— — মেডিকেল কলেজ ভর্তি পরীক্ষা ২০১৭-১৮ উত্তর : গ

ক irrelevant খ boring গ stupid ঘ difficult

Hints : *Smart (উজ্জ্বল; পরিচ্ছন্ন; বুদ্ধিদীপ্ত)-এর বিপরীত শব্দ stupid (জড়বুদ্ধি; নির্বোধ) ।*

116. Antonym for 'modern' is— — মেডিকেল কলেজ ভর্তি পরীক্ষা ২০১৭-১৮ উত্তর : খ

ক outdated খ ancient গ past ঘ medieval

Hints : *Modern (আধুনিক)-এর antonym হলো ancient (প্রাচীন) ।*

117. An antonym of 'altruism' is — — ঢাবি ইউনিট ক ২০১৬-১৭ উত্তর : ঘ

ক honesty খ philanthropy গ tolerance ঘ selfishness

Hints : *Altruism—অর্থ পরার্থপরতা যার antonym হচ্ছে selfishness— স্বার্থপরতা ।*

118. The antonym of 'divulge' is : — ঢাবি ইউনিট গ ২০১৬-১৭ উত্তর : ঘ

ক reveal খ reprimand গ admonish ঘ conceal
ঙ cure

Hints : *Divulge (প্রকাশ করা, ফাঁস করা) এর antonym হচ্ছে conceal (গোপন করা) ।*

119. What is the antonym for 'turbulence?' — ঢাবি ইউনিট ঘ ২০১৬-১৭ উত্তর : খ

ক disorder খ tranquility
গ disturbance ঘ rupture

120. Choose the correct antonym for 'Detest' from the following : — জবি ইউনিট চ ২০১৬-১৭ উত্তর : ক

ক adore খ abhor গ dislike ঘ despise

Hints : *Detest - ঘৃণা করা, adore – প্রশংসা করা, বন্দনা করা ।*

www.boighar.com

121. An antonym of the word 'filthy' is —
ক ugly খ dirty গ pretty ঘ clean
Hints : *Filthy (নোংরা)-এর antonym হলো clean ।*
জবি ইউনিট A ২০১৬-১৭ উত্তর ঘ

122. Choose the antonym of the word 'emancipate'
ক free খ incarcerate গ enclave ঘ enslave
Hints : *Emancipate (মুক্ত করা) এর antonym হচ্ছে incarcerate (অবরুদ্ধ করা) ।*
জবি ইউনিট B ২০১৬-১৭ উত্তর খ

Select the antonyms for the capitalized words—

123. COSMOPOLITAN
ক Provincial খ Intellectual গ Metropolitan ঘ Inexpensive
Hints : *Cosmopolitan অর্থ বিশ্বজনীন । Provincial—প্রাদেশিক, Intellectual—বুদ্ধিজীবী; Metropolitan—মহানগর; Inexpensive—সস্তা, কমদামী । Cosmopolitan এবং Provincial শব্দ দুটি বিপরীতার্থক ।*
জবি C ইউনিট ২০১৬-১৭ উত্তর ক

124. ASSERT
ক Deny খ Awful গ Conceal ঘ Clarity
Hints : *Assert শব্দটির অর্থ দাবি করা । Deny—অস্বীকার করা; Awful—ভয়ঙ্কর conceal—গোপন করা; Clarity—স্বচ্ছতা । Assert শব্দটির বিপরীতার্থক শব্দ হলো Deny ।*
জবি ইউনিট C ২০১৬-১৭ উত্তর ক

125. ADEHERE
ক Detach খ Cleanse গ Engulf ঘ Incise
[Note : *Adehere বলে কোনো শব্দ নেই । সঠিক শব্দটি হলো Adhere যার অর্থ লেগে থাকা । Detach—আলাদা করা; Cleanse—পরিষ্কার করা/মাফ করা; Engulf—পূর্ণ করা; Incise— কেটে গর্ত করা । Adhere এর বিপরীতার্থক শব্দ হলো Detach ।]*
জবি ইউনিট C ২০১৬-১৭ উত্তর Note

126. Choose the correct antonym of 'Nomad'.
ক Bachelor খ Victim গ Inhuman ঘ Settled
Hints : *Nomad অর্থ যাযাবর, যাদের নির্দিষ্ট কোনো বাড়িঘর নেই । আর এর antonym হচ্ছে Settled (স্থায়ী) ।*
জবি ইউনিট D ২০১৬-১৭ উত্তর ঘ

127. The antonym of 'spiritual' is —
ক divine খ metaphysical গ sacred ঘ fleshly
Hints : *Spiritual – আত্মিক, fleshly – দৈহিক ।*
জবি ইউনিট E ২০১৬-১৭ উত্তর ঘ

128. Find the correct antonym : DESICCATE
ক Lengthen খ Hallow গ Exonerate ঘ Saturate
Hints : *Desiccate—শুষ্ক করা । Lengthen—দীর্ঘ করা, Hallow—পবিত্র করা, saturate—ভিজানো । (ঘ) saturate হবে সঠিক উত্তর ।*
জবি ইউনিট E ২০১৬-১৭ উত্তর ঘ

129. The antonym of 'Recovering' is
ক Loss খ Repose গ Exploration ঘ Confession
Hints : *Recovering—পুনঃপ্রাপ্তি, loss—ক্ষতি, repose—বিশ্বাস স্থাপন করা । Exploration—পুঙ্খানুপুঙ্খরূপে অনুসন্ধান, confession—স্বীকারোক্তি ।*
জবি Unit-D ২০১৬-১৭ উত্তর ক

130. What is the antonym of the term 'Dearth'?
ক life খ terror গ abundance ঘ brightness
Hints : *Dearth—অভাব । এর সঠিক antonym word option (গ) abundance—প্রাচুর্য ।*
জবি Unit-A ২০১৬-১৭ উত্তর গ

131. Find the correct antonym : ORTHODOXY
ক Renown খ Trepidation খ Unconventionality ঘ Inquisitiveness
Hints : *Orthodoxy— গোঁড়ামী-এর সঠিক antonym word option (গ) unconventionality —প্রথাবিরোধী ।*
জবি Unit-A ২০১৬-১৭ উত্তর গ

 বইঘর.কম

132. Find the correct antonym of HETEROGENEOUS. জাবি Unit-D ২০১৬-১৭
ক Orthodox খ Similar গ Unlikely ঘ Pagan উত্তর খ
Hints : *Heterogeneous (ভিন্নধর্মী) এর বিপরীত শব্দ similar (অভিন্ন)।*

133. Find the correct antonym : MEALYMOUTHED জাবি Unit-D ২০১৬-১৭
ক Hungry খ Tightlipped গ Sencere ঘ Apathetic উত্তর খ
Hints : *Mealymouthed— মিষ্টভাষী। Tightlipped—ভাবগম্ভীর, খুব কম কথা বলেন যিনি; Apathetic— উদাসী। সুতরাং (খ) Tightlipped-ই সঠিক উত্তর।*

134. Find the correct antonym of PROTRUSION জাবি Unit-D ২০১৬-১৭
ক Deep recess খ Growing scarcity উত্তর খ
গ Illusion ঘ Chaos

135. Find the correct antonym : PALLIATE জাবি Unit-D ২০১৬-১৭
ক Smoke খ Substitute গ Alleviate ঘ Sadden উত্তর ঘ
Hints : *Palliate—প্রশমন করা। smoke— ধোঁয়া, substitute—বিকল্প, alleviate—প্রশমন করা, sadden—বিষণ্ণ করা। সুতরাং (ঘ) sadden ই হবে palliate -এর সঠিক antonym।*

136. Find the correct antonym of JAUNDICED জাবি Unit-D ২০১৬-১৭
ক Whitened খ Inflamed উত্তর ঘ
গ Quickened ঘ Unbiased

137. The antonym of 'predominant' is— রাবি ইউনিট B ২০১৬-১৭
ক stubborn খ minor গ elegant ঘ prominent উত্তর খ
Hints : *Predominant– কতৃত্বপূর্ণ, minor– সামান্য/গৌণ।*

138. The antonym of 'Foremost' is— রাবি ইউনিট D (বাণিজ্য) ২০১৬-১৭
ক Hindmost খ Unimportant উত্তর খ
গ Disposed ঘ Mature
Hints : *Foremost সর্বাধিক গুরুত্ববহ। Unimportant– অগুরুত্বপূর্ণ।*

139. The antonym of the word 'Querulous' is— রাবি ইউনিট D (অবাণিজ্য) ২০১৬-১৭
ক disconnected খ timorous উত্তর ঘ
গ disputed ঘ contented

140. The antonym of 'order' is : রাবি ইউনিট E (বিজোড়) ২০১৬-১৭
ক regular খ sequence গ discipline ঘ disorder উত্তর ঘ
Hints : *Disorder– বিশৃঙ্খলা।*

141. The opposite of 'desirable' is : রাবি ইউনিট E (জোড়) ২০১৬-১৭
ক nondesirable খ undesirable উত্তর খ
গ indesirable ঘ disdesirable

142. The antonym of the word 'barren' is— রাবি ইউনিট E (জোড়) ২০১৬-১৭
ক worst খ sterile গ plain ঘ fertile উত্তর ঘ
Hints : *Barren– অনুর্বর/বন্ধ্যা, fertile–উর্বর।*

143. The antonym of the word 'offspring' is— রাবি ইউনিট E (বিজোড়) ২০১৬-১৭
ক children খ issue গ son ঘ ancestor উত্তর ঘ
Hints : *Offspring– সন্তানাদি বা বংশধর, ancestor– পূর্ব পুরুষ।*

www.boighar.com

144. Which of the following words is a antonym of the word "ABRIDGE"?
ক Truncate খ Enlarge গ Decrease ঘ Abbreviate
Hints : *Abridge– সংক্ষিপ্ত করা, Enlarge– বৃদ্ধি করা।*
রাবি ইউনিট H (Set-B) ২০১৬-১৭ উত্তর খ

145. Choose the word that is most nearly opposite in meaning to the word "QUELL" :
ক Boast খ Revers গ Appease ঘ Motivate
Hints : *Quell– দমন করা আর motivate অর্থ অনুপ্রাণিত করা।*
রাবি ইউনিট খ (Set-A) ২০১৬-১৭ উত্তর ঘ

146. What is the antonym of 'beauty'
ক Pretty খ Fair গ Charming ঘ Repulsive
Hints : *Repulsive– জঘন্য।*
রাবি ইউনিট I ২০১৬-১৭ উত্তর ঘ

147. The antonym of 'commission' is —.
ক terminate খ close গ finish ঘ start
Hints : *'Commission' অর্থ নিযুক্ত করা অন্যদিকে 'terminate' অর্থ ছাটাই করা।*
চবি ইউনিট B_1 ২০১৬-১৭ উত্তর ক

148. The antonym of 'worldly' is :
ক silly খ spiritual
গ materialistic ঘ callous
চবি ইউনিট B(2-8) ২০১৬-১৭ উত্তর খ

149. The opposite of 'hearty' is :
ক strong খ cruel
গ heavy ঘ cold
চবি ইউনিট B(2-8) ২০১৬-১৭ উত্তর ঘ

150. The opposite of EXODUS
ক Influx খ Home coming গ Return ঘ Restoration
ঙ Arrival
Hints : *'Exodus' অর্থ বহিঃপ্রবাহ, 'Influx' অর্থ অন্তঃপ্রবাহ।*
চবি ইউনিট C_1 ২০১৬-১৭ উত্তর ক

151. The opposite of ENORMOUS
ক Soft খ Average গ Tiny ঘ Weak
ঙ Huge
Hints : *'Enormous' অর্থ 'বিশাল' 'tiny' অর্থ 'ক্ষুদ্র'।*
চবি ইউনিট C_1 ২০১৬-১৭ উত্তর গ

152. The antonym of 'fake' is —.
ক authentic খ false গ spurious ঘ unreal
ঙ bad
চবি ইউনিট C_3 ২০১৬-১৭ উত্তর ক

153. The antonym of the word 'might' is
ক force খ weakness গ cowardice ঘ bravery
ঙ power
চবি Unit-E (আইন অনুষদ) ২০১৬-১৭ উত্তর খ

154. The opposite of 'discreet' is —.
ক undiscreet খ indiscreet গ discredited ঘ disrespectful
ঙ deliver
চবি Unit-F (জীববিজ্ঞান অনুষদ) ২০১৬-১৭ উত্তর খ

155. An antonym of the word 'Combination' is—.
ক Separation খ Substitution
খ Substitution খ Subtraction
মেডিকেল ভর্তি পরীক্ষা ২০১৬-১৭ উত্তর ক

বইঘর.কম

CHAPTER

38 Phrases & Idioms

Phrases and Idioms ইংরেজির অলঙ্কার স্বরূপ। ইংরেজি ভালোভাবে আয়ত্ত করতে English Idioms মুখস্থ করা ও সেগুলোর যথার্থ ব্যবহার জানা জরুরি। Idioms-এর মধ্যে শাব্দিক অর্থ প্রাধান্য না পেয়ে বাগার্থ প্রকাশ পায়, তাই এগুলো মুখস্থ করার মাধ্যমে আয়ত্ত করতে হয়। শব্দের ভিন্নতার কারণে অর্থের পার্থক্য হয় বিধায় Idioms সমূহ হুবহু মনে রাখতে হবে। এখানে প্রথমে বিগত পরীক্ষাসমূহে আসা Phrases and Idioms-এর একটি Index দেয়া হলো যাতে এক নজরে সব Idioms রপ্ত করা যায়। অতঃপর উদাহরণসহ তাদের বিস্তারিত বিবরণ দেয়া হয়েছে।

38.1 Phrase Index (Based on Previous Exams)

A

A bed of roses (ফুলসজ্জা, সুখকর অবস্থা)
A bird's eye view (এক নজরে দেখা, ভাসাভাসা দৃশ্য)
A black sheep (কুলাঙ্গার)
A cock and bull story (আজগুবি গল্প)
A dark horse (রহস্যময় ব্যক্তি)
A far cry (বিশাল ব্যবধান/পার্থক্য)
A fish out of water (অস্বস্তিকর অবস্থা)
A fool's paradise (বোকার স্বর্গ)
A foregone conclusion (অবশ্যম্ভাবী, জানা কথা)
A lot of (প্রচুর)
A man of letters (পণ্ডিত ব্যক্তি)
A man of straw (দুর্বলচিত্তের লোক)
A man of word (এক কথার লোক)
A rainy day (দুর্দিন)
A round dozen (পূর্ণ ডজন)
A sitting duck (সহজ লক্ষ্যবস্তু)
A snake in the grass (গোপন শত্রু)
A square pig in a round whole (অনুপযুক্ত)
A stone's throw (কাছাকাছি)
A storm in a cup of tea (তুচ্ছ বিষয়ে প্রচণ্ড আলোড়ন, চায়ের কাপে ঝড়)
A thorn in the flesh (বাধা সৃষ্টিকারী)
A trying time (কঠিন সময়)
A vicious circle (দুষ্টচক্র)
A verbose speech (বাগাড়ম্বরপূর্ণ বক্তৃতা)
After one's own heart (মনের মতো)
All at once (হঠাৎ)
All for (একান্ত ব্যাগ্র)
All in (পরিশ্রান্ত)
All in all (সর্বেসর্বা)
An axe to grind (সম্পৃক্ততার ব্যক্তিগত কারণ)
An early bird (যে ভোরে ওঠে/আগে আসে)
Apple of discord (বিবাদের মূল)
As good as (বলতে গেলে, প্রায়)
As much as (যত দূর সম্ভব)
As per (সমান তালে, অনুসারে)
At all costs (যে কোনো মূল্যে)
At arm's length (নিরাপদ দূরত্বে)
At dagger's drawn (ভীষণ শত্রুতায়)
At home in (দক্ষ)
At home (আরাম)
At one's wit's end (হতবুদ্ধি)

www.boighar.com

At sixes and sevens (এলোমেলো)
At stake (বিপন্ন)
At the eleventh hour (শেষ মুহূর্তে)
Avail of (সুযোগ নেয়া)

B

Bag and baggage (তল্পিতল্পাসহ)
Be in hot water (ঝামেলায় পড়া)
Beat about the bush (ঘুরিয়ে বলা, পরোক্ষভাবে বলা)
Beggar description (অবর্ণনীয় হওয়া)
Not believe one's ears (বিস্মিত হওয়া)
Below the belt (অন্যায়ভাবে)
Below the mark (আদর্শ মানের নিচে)
Benefit of the doubt (সন্দেহাবসর)
Between the devil and deep sea (মহাসংকটে)
Bill of fare (মেনু, খাদ্য তালিকা)
Black and white (লিখিতভাবে)
Blue blood (অভিজাত)
Blue chips (নিরাপদ বিনিয়োগ)
Bolt from the blue (বিনা মেঘে বজ্রপাত)
Bombard with question (প্রশ্নবাণে জর্জরিত করা)
Bon voyage (শুভ সফর, সফর শুভ হোক)
Bone of contention (ঝগড়ার বিষয়)
Bottom line (গুরুত্বপূর্ণ বিষয়)
Bread and butter (জীবিকা)
Bring to book (ভর্ৎসনা করা, শাস্তি দেয়া)
Bring to pass (ঘটানো)
Bull market (তেজি বাজার)
Burn the candle at both ends (অধিক পরিশ্রমে ক্লান্ত হওয়া)
Burning question (গুরুত্বপূর্ণ বিষয়)
By and large (অধিকাংশক্ষেত্রে, মোটামুটি)
By dint of (বদৌলতে)
By fits and starts (মাঝে মাঝে)
By means of (কোনোভাবে, উপায়ে)
By no means (কোনোভাবেই না)

C

Capital punnishment (মৃত্যুদণ্ড)
Carry coal to new castle (তেলা মাথায় তেল দেয়া)
Carry the day (জয়লাভ করা)
(Build) castles in the air (আকাশ কুসুম কল্পনা)
Cats and dogs (মুষলধারে)
Come into force (কার্যকরী হওয়া)
Come off with flying colours (জয়ী হওয়া)
Come to terms (আপোস করা)
Cope with (এঁটে ওঠা)
Cow down (নিরুৎসাহিত করা)
Crocodile tears (মায়াকান্না)
Cry in the wilderness (অরণ্যে রোদন)
Culpable homicide (অন্যায়ভাবে, কিন্তু অনিচ্ছাকৃতভাবে হত্যা)
Cut a bad figure (ভালো করতে না পারা)
Cut and dried (অপরিবর্তনীয় সিদ্ধান্ত)

D

Day dream (আকাশকুসুম স্বপ্ন, দিবাস্বপ্ন)
Dead letter (অকার্যকর)
Die in harness (কাজ করতে করতে মরা)
Do yeoman's service (অনবদ্য দান করা)
Dog days (সবচেয়ে গরমের দিন)
Draw the line (সীমারেখা নির্ধারণ করা)

E

Eat humble pie (অপমান হজম করে ক্ষমা চাওয়া)
End in smoke (ব্যর্থতায় পর্যবসিত হওয়া)
Every now and again (মাঝে মাঝে)
Every now and then (প্রায়ই)

F

Face to face (সরাসরি)
Few and far between (কদাচিৎ)
Flesh and blood (রক্তমাংসের দেহ)
Fool's paradise (বোকার স্বর্গ)
For good (চিরতরে)
From cradle to grave (দোলনা থেকে কবর পর্যন্ত)
From hand to mouth (কোনো রকমে)
From time to time (মাঝে মাঝে)
Full of oneself (উচ্চ ধারণা পোষণ)

G

Gain ground (সুবিধা পাওয়া)
Get by heart (মুখস্থ করা)
Get rid of (মুক্তি পাওয়া)
Get the upper hand (প্রাধান্য পাওয়া)

 বইঘর.কম

Give a hand (সাহায্য করা)
Give one's right arm (অত্যধিক আগ্রহী হওয়া)
Give way (জায়গা করে দেয়া, স্থলাভিষিক্ত হওয়া)
Go to the dogs (গোল্লায় যাওয়া)
Greek to (অপরিচিত, দুর্বোধ্য, পাঠযোগ্য নয়)

H

Habeas corpus (বিনা বিচারে আটক না থাকার অধিকার)
Half a chance (সামান্য সুযোগ)
Hand in glove (ঘনিষ্ঠ)
Hard and fast (বাঁধাধরা)
Hard up (অভাবগ্রস্ত)
Head and heart (বুদ্ধিতে ও হৃদয়ে)
Head in the cloud (আকাশকুসুম কল্পনা)
Heart and soul (প্রাণপণে)
Heart to heart (অন্তরঙ্গভাবে)
Herculean task (দুঃসাধ্য কাজ)
Hit the roof (রাগান্বিত হওয়া)
Hold water (প্রমাণে টিকে থাকা)
Hot water (অসুবিধা)

I

In a body (একত্রে)
In a nutshell (সংক্ষেপে)
In black and white (লিখিতভাবে)
In cold blood (ঠাণ্ডা মাথায়, সুচিন্তিত)
In deep water (সমস্যাগ্রস্ত)
In good time (আগেভাগে, যথাসময়ে)
In high spirits (মহাসুখে)
In no time (শীঘ্রই)
(be) In seventh heaven (মহাখুশী)
In spite of (সত্ত্বেও)
In the long run (অবশেষে, পরিণামে)
In the teeth of (প্রতিকূল অবস্থায়)
In the wake of (ঠিক পরে)
In vain (বৃথা)

K

Keep an eye (নজর রাখা)
Keep nose out of something (নাক না গলানো)
Kith and kin (আত্মীয়স্বজন)

L

Learn by heart (মুখস্থ করা)
Let loose (বল্গাহীনভাবে ছেড়ে দেয়া)
Loaves and fishes (ব্যক্তিগত লাভ)

M

Maiden speech (প্রথম বক্তৃতা)
Make a case (যুক্তি দেখানো)
Make both ends meet (কোনো মতে জীবনধারণ করা)
Make good (ক্ষতিপূরণ করা)
Make hay while the sun shines (ঝোপ বুঝে কোপ মারা)
Man of letters (বিদ্বান ব্যক্তি)
Man of straw (অপদার্থ)
Move heaven and earth (সম্ভাব্য সব করা)

N

Nail in one's coffin (আশা সংহারক অপকর্ম)
Never to return (ফিরে আসার নয়)
Nip in the bud (অঙ্কুরে বিনষ্ট করা)
Null and void (বাতিল)
Nurse a grudge (বিদ্বেষ পোষণ করা)

O

Of one's own accord (স্বেচ্ছায়)
On a razor's edge (সংকটাপন্ন)
On the spur of (ক্ষণিক উত্তেজনা বশে)
Once again (আরো একবার)
Once for all (শেষবারের মতো)
Open secret (সর্বজনবিদিত গোপন বিষয়)
Out and out (পুরোপুরি, হাড়ে হাড়ে)
Outbreak (বিস্তার)
Out of doors (বাইরে)
Out of sorts (অসুস্থ)
Out of the question (অসম্ভব)
Out of the woods (ঝামেলামুক্ত, বিপদমুক্ত)
Over head and ears (বিপদের মধ্যে নিমজ্জিত)
Owing to (জন্য)

P

Pick a quarrel with (ঝগড়া বাঁধানো)
Pin money (স্ত্রীকে প্রদত্ত হাতখরচ)
Pot luck (অনিশ্চিত ভাগ্য)

www.boighar.com

Price index (মূল্য তালিকা)
Pros and cons (খুঁটিনাটি, ভালমন্দ উভয়দিক)
Put heads together (একমত হওয়া, একত্রে বসে পরামর্শ করা)

Q

Quote from memory (মুখস্থ বলা)

R

Rainy day (দুর্দিন)
Raise one's eyebrow (চোখ কপালে ওঠা, বিস্মিত হওয়া)
Rank and file (সাধারণ সৈনিক বা লোক)
Read between the lines (মর্মার্থ বোঝা)
Red handed (হাতে নাতে)
Road block (প্রতিবন্ধকতা)
Run riot (শৃঙ্খলাভঙ্গ করা)
Run short (ফুরিয়ে যাওয়া)

S

Show good manners (ভালো ব্যবহার দেখানো)
Silver spoon (প্রাচুর্যে জন্ম)
Sit on the fence (সুবিধার জন্য নিরপেক্ষ থাকা)
Slow coach (অলস প্রকৃতির লোক)
Smell a rat (সন্দেহ করা, ষড়যন্ত্রের গন্ধ পাওয়া)
Snake in the grass (লুকানো বিপদ)
Soft soap (মন ভুলানো কথা)
Spare no pains (যথাসাধ্য সব কিছু করা)
Stay put (একই স্থানে থাকা)
Steal a march on (তলে তলে কার্যসিদ্ধি করা)
Stone's throw (নিকটবর্তী)
Straw vote (জনমত)
Swan song (শেষ কর্ম)

T

Tell upon (ক্ষতি করা)
The bird and bees (প্রজনন জ্ঞান)
Three score (ষাট)
Through and through (সম্যকভাবে)
Through thick and thin (সুখে-দুঃখে সবসময়)
To be at one's wit's end (হতবুদ্ধি হওয়া)
True to word (কথা রাখা)
Turn over a new leaf (নতুন অধ্যায়ের সূচনা করা)

U

Up and doing (উঠে পড়ে লাগা, ব্যস্ত, কর্মঠ)
Ups and downs (উত্থান পতন)
(be) Up to one's ears in (খুবই ব্যস্ত)

W

White elephant (মূল্যবান কিন্তু অকেজো)
With a good grace (সানন্দে)
With a veiw to (উদ্দেশ্যে)
With an eye to (জন্য)
With open arms (উষ্ণভাবে)
Word for word (হুবহু)
Work against the clock (দ্রুত কাজ করা)
Worth one's while (যথার্থ মূল্য দেয়া)

38.2 Phrases and Idioms with Examples

A

A bed of roses (ফুলসজ্জা, সুখকর অবস্থা) — Life is not a bed of roses.

A bird's eye view (এক নজর দর্শন, ভাসা ভাসা দৃশ্য) — We took a bird's eye view of the scenery.

A black sheep (কুলাঙ্গার) — Every family has a black sheep.

A cock and bull story (আজগুবি গল্প) — His cock and bull story cannot influence me.

A far cry (বিশাল ব্যবধান/পার্থক্য) — This flat is a far cry from the house they had before.

A fish out of water (অস্বস্তিকর অবস্থা) — My condition is just like a fish out of water.

A fool's paradise (বোকার স্বর্গ) — Nobody should live in a fool's paradise.

A foregone conclusion (যে সিদ্ধান্ত আগেই স্থির হয়ে আছে) — His defeat in the war was a foregone conclusion.

A lot of (প্রচুর) — There are a lot of dangerous drivers in our country.

A man of letters (বিদ্বান/পণ্ডিত ব্যক্তি) — A man of letters is properly conscious of his duties.

 বইঘর.কম

A man of straw (দুর্বল চিত্তের লোক) — A man of straw never wins a race.

A man of words (এক কথার লোক) — I am a man of words.

A rainy day (দুর্দিন) — A wise man saves something for a rainy day.

A round dozen (পূর্ণ ডজন) — I want a round dozen of banana.

A sitting duck (সহজ লক্ষ্যবস্তু) — With their bullets all gone, the soldiers were sitting ducks for the enemy.

A snake in the grass (গোপন শত্রু) — A snake in the grass is very dangerous.

A square pig in a round whole (অনুপযোগী) — He is a square pig in a round whole for the post.

A stone's throw (কাছাকাছি) — The hotel is just a stone's throw from the beach.

A storm in a tea cup (তুচ্ছ বিষয়ে প্রচণ্ড আলোড়ন) — Don't raise a storm in a tea cup on this simple issue.

A thorn in the flesh (বাধা প্রদানকারী, বিরক্তিকর) — I want to get rid of the man, a thorn in the flesh.

A trying time (কঠিন সময়) — After flood, we are passing through a trying time.

A verbose speech (বাগাড়ম্বরপূর্ণ বক্তৃতা) — A verbose speech is not fruitful at all.

A vicious circle (দুষ্টচক্র) — A vicious circle is a situation which cannot be changed.

A woman's work is never done (মহিলাদের কাজ কখনো শেষ হয় না) — Man may work from sun to sun, but woman's work is never done.

Add up (হিসাব মেলানো, যুক্তিগ্রাহ্য হওয়া) — I can't understand why she did it, it really does not add up.

After one's own heart (মনের মতো) — She is a woman after my own heart.

All at once (হঠাৎ) — All at once the baby began to cry.

All for (একান্ত ব্যাগ্র) — The cowboy is all for going to school.

All in (পরিশ্রান্ত) — I felt all in after the meeting.

All in all (সর্বেসর্বা) — Nobody is all in all now-a-days.

An axe to grind (সম্পৃক্ততার ব্যক্তিগত কারণ) — I had no axe to grind and I was just acting for their safety.

An early bird (যে আগে ওঠে/আগে আসে) — He is aways an early bird in the meeting.

Apple of discord (বিবাদের মূল) — A piece of land was the apple of discord between two countries.

As good as (বলতে গেলে) — My children are as good as gold.

As much as (যত দূর সম্ভব) — I will do as much as I can.

As per (সমান তালে, অনুযায়ী) — In our country the salary is not increasing as per price hike.

At all costs (যে কোনো মূল্যে) — We must at all costs catch the 7.30 train.

At arm's length (নিরাপদ দূরত্বে) — We should keep bad boys at arm's length.

At dagger's drawn (ভীষণ শত্রুতায়) — The two brothers are at dagger's drawn with each other.

At home in (দক্ষ) — He is at home in English.

At home (আরাম) — I never feel at home in Dhaka City.

At one's wit's end (হতবুদ্ধি) — Hearing the news of his death I was at my wit's end.

At sixes and sevens (এলোমেলো) — I found all my books on the table at sixes and sevens.

At stake (বিপন্ন) — My life is at stake now.

At the eleventh hour (শেষ মুহূর্তে) — They arrived at the station at the eleventh hour.

Avail oneself of (সুযোগ নেয়া) — Guests are encouraged to avail themselves of the full range of facilities.

B

Bag and baggage (তল্পিতল্পাসহ) — He left the place bag and baggage.

www.boighar.com

Be in hot water (ঝামেলায় পড়া) — If the headmaster sees you doing this, you will be in hot water.

Beat about the bush (ঘুরিয়ে বলা) — Rabin has a habit of beating about the bush.

Begger description (অবর্ণনীয় হওয়া) — His miseries beggar description.

Believe one's ears (বিস্মিত হওয়া) — He could not believe his ears.

(Hit) Below the belt (অবৈধ কিছু করা) — Her comments hit below the belt.

Below the mark (আদর্শ মানের নিচে) — The commodities supplied by you are below the mark.

Benefit of the doubt (সন্দেহাবসর) — The thief got the benefit of the doubt.

Between the devil and deep sea (মহাসংকটে) — Surrounded-by-the-ill-politics, Bangladeshis are now between the devil and deep sea.

Bill of fare (মেনু, খাদ্য তালিকা) — Please show me the bill of fare.

Black and white (লিখিতভাবে) — We charged against him in black and white.

Blue blood (অভিজাত) — Man should not boast of his blue blood.

Blue chips (নিরাপদ বিনিয়োগ) — Garments industry is considered to be a blue chip.

Bolt from the blue (বিনা মেঘে বজ্রপাত) — The news of his father's death came to him as a bolt from the blue.

Bombard with question (প্রশ্নবাণে জর্জরিত করা) — The ambassador was bombarded with questions.

Bon voyage (শুভ সফর, সফর শুভ হোক) — Bon voyage see you again.

Bone of contention (বিবাদের কারণ) — The piece of land was a bone of contention between the two countries.

Bottom line (গুরুত্বপূর্ণ বিষয়) — The bottom line is that we need more money to run the project.

Bound to late (দেরি করতে বাধ্য অর্থে) — With this fog, I am sure the train bounds to late.

Bread and butter (জীবিকা) — He took agriculture as his bread and butter.

Bring to book (ভর্ৎসনা করা, শাস্তি দেয়া) — He was brought to book for stealing money.

Bull market (তেজি বাজার) — It is always risky to invest in a bull market.

Burn the candle at both ends (নষ্ট করা, ক্লান্ত হওয়া, অধিক কাজ করা) — We should avoid burning candle at both ends, otherwise it will make us suffer.

Burning question (গুরুত্বপূর্ণ বিষয়) — Corruption is the burning question in our country now.

By and large (অধিকাংশ, মোটের ওপর) — I have collected five pence by and large.

By dint of (বদৌলতে) — By dint of hard work Shakespeare earned his name and fame.

By fits and starts (অনিয়মিতভাবে) — The prices of daily necessary things increase by fits and starts.

By leaps and bounds (দ্রুতগতিতে) — Prices of essentials are increasing by leaps and bounds.

By means of (কোনোভাবে, উপায়ে) — You can prosper in life by means of hard labour.

By no means (কোনোভাবেই না) — He can by no means help me.

C

Call it a day (কাজ বন্ধ করা) — Let us call it a day and go home.

Capital punishment (মৃত্যুদণ্ড) — Many people do not support capital punishment.

Carry coals to Newcastle (তেলা মাথায় তেল দেয়া)— The government is now carrying coals to Newcastle.

 বইঘর.কম

Carry the day (জয় করা, মন জয় করা) — I hope you will be able to carry the day for us.

(Build) castles in the air (আকাশ কুসুম কল্পনা) — Only fools can build castles in the air.

Cats and dogs (মুষলধারে) — It is raining cats and dogs all the day.

Come into force (কার্যকরী হওয়া) — The ordinance comes into force at once.

Come off with flying colours (জয়ী হওয়া) — At last our team came off with flying colours from the tournament.

Come to terms with (আপোস করা) — I cannot come to terms with the difficulties.

Cope with (এঁটে ওঠা) — Taslima found it difficult to cope with the loss of the job.

Crime in cold blood (সুচিন্তিত ঠাণ্ডা মাথার অপরাধ)— Not many people can commit such a dreadful crime in cold blood.

Crocodile tears (মায়াকান্না) — Only heartless men and women can shed crocodile tears.

Cry in the wilderness (অরণ্যে রোদন) — Asking financial support from my brothers, I only cried in the wilderness.

Culpable homicide (অন্যায়ভাবে কিন্তু অনিচ্ছাকৃতভাবে হত্যা) — The government denied the culpable homicide of the police commissioner.

Cut a sad figure (ভালো করতে না পারা) — She cut a sad figure in her last performance on the stage.

Cut and dried (অপরিবর্তনীয় সিদ্ধান্ত) — All her decisions are nothing but cut and dried.

D

Day dream (আকাশ-কুসুম কল্পনা, দিবা স্বপ্ন) — Many young girls waste their time in day dream.

Dead letter (অকার্যকর) — Many British rules are now dead letters.

Die in harness (কাজ করতে করতে মারা যাওয়া) — It was his constant prayer that he might die in harness.

Do yeoman's service (অনবদ্য দান করা) — Mowlana Abdul Hamid Khan Bhasani did yeoman's service to the country.

Dog days (সবচেয়ে গরমের দিন) — The dog days in Bangladesh are unbearable.

Draw the line (সীমা নির্ধারণ করা) — We must draw the line at stealing.

E

Eat humble pie (অপমান হজম করে ক্ষমা চাওয়া) — At last the boss ate humble pie before the employees.

End in smoke (ব্যর্থতায় পর্যবসিত হওয়া) — All my attempts to establish a college ended in smoke.

Every now and again (মাঝে মাঝে) — My uncle sees me every now and again.

Every now and then (প্রায়ই) — The police inspector pays a visit to our college every now and then.

F

Boighar.com

Face to face (সরাসরি) — I prefer to talk to people face to face rather than to talk on the phone.

Few and far between (কদাচিৎ) — I can visit my relatives few and far between.

Flesh and blood (রক্তমাংসের দেহ) — How can a man of flesh and blood tolerate such ill treatment?

Fool's paradise (বোকার স্বর্গ) — None should live in a fool's paradise.

For good (চিরতরে) — Our great leader left us for good.

From cradle to grave (দোলনা হতে কবর পর্যন্ত) — Everyone learns something from cradle to grave.

From hand to mouth (কোনো রকমে) — The poor live from hand to mouth.

www.boighar.com

From time to time (মাঝে মাঝে)— He comes to me from time to time.

Full of oneself (উচ্চ ধারণা) — She was full of herself when she was young.

G

Gain ground (সুবিধা পাওয়া) — The wise are sure to gain ground in the long run.

Get by heart (মুখস্থ করা) — She got the paragraph by heart.

Get rid of (মুক্তি পাওয়া) — Get rid of bad company.

Get the upper hand (প্রাধান্য পাওয়া) — At last the beast in him got the upper hand.

Give a hand (সাহায্য করা) — If you give me a hand, I shall be able to finish more quickly.

Give my right arm (বিপদের ঝুঁকি নেয়া) — I would give my right arm if I could get tickets for the concert.

Give way (ভেঙে পড়া) — The weight was too much and the pillar gave way.

Go to the dogs (গোল্লায় যাওয়া) — Many teens are going to the dogs.

Greek to (অপরিচিত, দুর্বোধ্য, পাঠযোগ্য নয়) — I know nothing about the language; it is all Greek to me.

H

Habeas corpus (বিনা বিচারে আটক না থাকার অধিকার) — Habeas corpus should not be denied.

Half a chance (সামান্য সুযোগ) — I have got half a chance to prepare myself.

Hand in glove (ঘনিষ্ঠ) — The chairman is hand in glove with the snatchers.

Hard and fast (বাঁধাধরা) — Tagore and Nazrul hardly follow the hard and fast rule of school life.

Hard up (অভাবগ্রস্ত) — Please, lend me some money, I am hard up now.

Head and heart (বুদ্ধি ও হৃদয়ে) — Hazrat Muhammad (Sm) was head and heart the greatest man of the world.

Head in the cloud (আকাশ-কুসুম কল্পনা) — You should not have your head in the cloud about your result.

Heart and soul (প্রাণপণে) — He tried heart and soul but could not pass.

Heart of heart (অন্তরের অন্তঃস্থলে) — In my heart of heart I deplored his obstinacy.

Heart to heart (অন্তরঙ্গ ভাব) — They are always heart to heart friends.

Herculean task (দুঃসাধ্য কাজ) — She faces the Herculean task of bringing up four children single-handedly.

Hit the roof (রাগান্বিত হওয়া) — He hit the roof for his misconduct.

Hold water (প্রমাণে টিকে থাকা) — His excuse did not hold water at last.

I

In a body (একত্রে) — They left the place in a body.

In a nutshell (সংক্ষেপে) — She left the classroom telling her story in a nutshell.

In black and white (লিখিতভাবে) — He put that in black and white.

In cold blood (সুচিন্তিত ভাবে, ঠাণ্ডা মাথায়) — He committed the crime in cold blood.

In deep water (সমস্যাগ্রস্ত) — I am in deep water now.

In good time (যথাসময়ে) — You will know the truth in good time.

In high spirits (মহাখুশী) — Today he is in high spirits.

In no time (শীঘ্রই) — I shall come back in no time.

In seventh heaven (মহাখুশী) — Nazma was in seventh heaven when she heard about her son's result.

www.boighar.com

 বইঘর.কম

In spite of (সত্ত্বেও) — In spite of his riches the man is unhappy.

In the long run (পরিণামে) — The sinners suffer in the long run.

In the teeth of (প্রতিকূল অবস্থায়) — Trying unitedly we were able to have our project approved in the teeth of strong opposition.

In the wake of (ঠিক পরে) — The police came in the wake of the accident.

In vain (বৃথা) — He shouted for help in vain.

K

Keep an eye (নজর রাখা) — Please keep an eye on the baby.

Keep nose out of something (এড়িয়ে চলা, নাক না গলানো) — You should keep your nose out of our personal problem.

Kith and kin (আত্মীয়স্বজন) — I have no kith and kin here.

L

Learn by heart (মুখস্থ করা) — He learnt the poem by heart.

Let loose (বল্গাহীনভাবে ছেড়ে দেয়া) — He let his horse loose in the field.

Loaves and fishes (ব্যক্তিগত লাভ) — The selfish always think of their own loaves and fishes.

M

Maiden speech (প্রথম বক্তৃতা) — My maiden speech fascinated all.

Make a case (যুক্তি দেখানো) — He made a case for the expansion of cottage industries.

Make a dash for sth (দ্রুত দৌড়ানো) — He saw an opportunity and made a dash for it.

Make both ends meet (কোনো মতে জীবনধারণ করা) — Now, the poor make both ends meet.

Make good (ক্ষতিপূরণ করা) — You should try to make good for your loss.

Make hay while the sun shines (ঝোপ বুঝে কোপ মারা) — Try to make hay while the sun shines.

Make sense (বুঝতে পারা) — I wanted to build a book case but I could not make sense of the instruction.

Man of letters (বিদ্বান ব্যক্তি) — Dr. M. Sikder was a man of letters.

Man of straw (অপদার্থ) — A man of straw like you cannot do it.

Move heaven and earth (সম্ভাব্য সব করা) — He moved heaven and earth to win the election.

N

Nail in one's coffin (যা ব্যর্থতা বা ধ্বংস ডেকে আনে) — Every time he lights a cigarette, I tell him it's another nail in his coffin.

Never to return (ফিরে আসার নয়) — The good days have gone never to return.

Nip in the bud (অঙ্কুরে বিনষ্ট করা) — Bad habits should be nipped in the bud.

Not out of the woods (বিপদমুক্ত নয়) — He is not yet out of the woods

Now and then (মাঝে মাঝে) — He comes here now and then.

Null and void (বাতিল) — The rule is null and void now.

Nurse a grudge (বিদ্বেষ/ঘৃণা পোষণ করা) — He nurses a grudge against me.

O

Of one's own accord (স্বেচ্ছায়) — He sent me some money of his own accord.

www.boighar.com

On a razor's edge (সংকটাপন্ন) — His life is on a razor's edge.

On the spur of the moment (ক্ষণিক উত্তেজনা বশে) — Do not take any decision on this matter on the spur of the moment.

Once again (পুনর্বার) — I want to look into the issue once again.

Once for all (শেষবারের মতো) — I want to settle the issue once for all.

Open secret (সর্বজনবিদিত গোপন বিষয়) — Corruption at high places is an open secret now-a-days.

Out and out (পুরোপুরি, হাড়ে হাড়ে) — He was out and out an honest man.

Outbreak (বিস্তার) — The outbreak of cholera tolls a high rate death.

Out of doors (বাইরে) — I prefer to work out of doors.

Out of place (বেমানান) — The boy is out of place among the adults.

Out of sorts (অসুস্থ) — I feel out of sorts today.

Out of the question (প্রশ্নাতীত) — His success in the examination is out of the question.

Over head and ears (সম্পূর্ণভাবে) — He engaged in his studies over head and ears.

Owing to (জন্য) — The game is cancelled owing to torential rain.

P

Pick a quarrel with (ঝগড়া বাঁধানো) — Never pick a quarrel with the neighbours.

Pin money (স্ত্রীকে প্রদত্ত হাতখরচ) — My wife's pin money has saved me from any creditor.

Pot luck (অনিশ্চিত ভাগ্য) — You should not depend on your pot luck.

Price index (মূল্য তালিকা) — Let me check the price index.

Pros and cons (খুঁটিনাটি, ভালোমন্দ উভয়দিক) — To take a decision, it needs to think of pros and cons of the matter.

Put heads together (একত্রে বসে পরামর্শ করা) — They put their heads together to take a decision.

Q

Quote from memory (মুখস্থ বলা) — Quote some lines of Bacon from memory.

R

Rainy day (দুর্দিন) — Lutfa goes on helping every one without saving anything for the rainy day.

Raise one's eyebrow (চোখ কপালে তোলা, বিস্মিত হওয়া) — He raised his eyebrow at my explanation.

Rank and file (সাধারণ সৈনিক/লোক) — He was promoted from the rank and file to the post of captain.

Read between the lines (মর্মার্থ বোঝা) — To understand it, read between the lines.

Red handed (হাতে নাতে) — The thief was caught red handed.

Refuse point blank (সরাসরি অসম্মত হওয়া) — He refused point blank to help me.

Road-block (প্রতিবন্ধক) — His poor health is the main road-block to his promotion.

Run riot (শৃঙ্খলাভঙ্গ করা) — They wanted to run riot.

Run short (ফুরিয়ে যাওয়া) — I ran short of money.

S

Show good manners (ভালো ব্যবহার দেখানো) — You should show good manners in the company of young ladies.

Silver spoon (প্রাচুর্যে জন্ম) — He was born with a silver spoon in his mouth.

Sit on the fence (সুবিধার জন্য নিরপেক্ষ থাকা) — He always sits on the fence in the quarrel of neighbours.

 বইঘর.কম

Slow coach (অলস প্রকৃতির লোক) — I have never seen such a slow couch like you.

Smell a rat (সন্দেহ করা, ষড়যন্ত্রের গন্ধ পাওয়া) — When he was speaking frankly, I smelt a rat.

Snake in the grass (লুকানো বিপদ, গোপন শত্রু) — Look before you leap, there is a snake in the grass.

Soft soap (মন ভুলানো কথা) — Never believe in other's soft soap.

Spare no pains (যথাসাধ্য সব কিছু করা) — Mr. Talukder spares no pains to win the election.

Stay put (একই স্থানে থাকা) — The father told his son to stay put in the room.

Steal a march on (তলে তলে কার্যসিদ্ধি করা) — To steal a march on was his sole purpose.

Stone's throw (নিকটবর্তী) — The school is at a stone's throw from our house.

Straw vote (জনমত) — Barak Obama is clearly ahead in straw vote.

Swan song (শেষ কর্ম) — What is the swan song of Tagore?

T

Take a fancy to (পছন্দ করা) — Lemon took a fancy to Lima.

Tell upon (ক্ষতি করা) — Over-eating tells upon human health.

The birds and the bees (প্রজনন জ্ঞান) — All should know about the birds and bees.

Three score (ষাট) — The man is three score and ten now.

Through and through (সম্যকভাবে, পুরোপুরি) — Mrs Alam was through and through a great woman.

Through thick and thin (সুখে-দুঃখে সবসময়) — A true friend remains beside his friends through thick and thin.

Throw cold water (নিরুৎসাহিত করা) — Nobody should throw cold water on the efforts of children.

True to word (কথা রাখা) — A man of character is true to his word.

Turn over a new leaf (নতুন অধ্যায়ের সূচনা করা) — The invention of computer has turned over a new leaf in the history of modern science.

U

Up and doing to (উঠে পড়ে লাগা, ব্যস্ত) — You should be up and doing for your prosperity.

Up to one's ears in (খুবই ব্যস্ত) — He is up to his ears in work and can not possibly see you now.

Ups and downs (উত্থান-পতন) — Ups and downs are a part of life.

W

White elephant (দামি কিন্তু অকেজো) — I do not believe that this department is a white elephant of the Govt.

With a good grace (সানন্দে) — He received us with a good grace.

With a veiw to (উদ্দেশ্যে) — I went to the market with a view to buying a book.

With an eye to (জন্য) — He went to the market with an eye to buying a shirt.

With open arms (উষ্ণভাবে) — He always receives his guests with open arms.

Word for word (হুবহু) — He copied my essay word for word.

Work against the clock (দ্রুত কাজ করা) — Jim worked against the clock to get the homework finished before 10 pm.

Worth one's while (যথার্থ মূল্য দেয়া) — He will do the job if you make it worth his while.

www.boighar.com

38.3 Foreign Phrases and Words (Based on Previous Exams)

Language	Phrase	Meaning
Latin	AD = Anno Domine	After the birth of christ (যীশু খ্রীস্টের জন্মের পর)
Latin	Ad hoc	For this purpose only (শুধুমাত্র এই উদ্দেশ্যে)
Latin	Ab initio	From the beginning (শুরু থেকে)
Latin	Ad valorem	According to value
Latin	a.m. = ante meridiem	Before noon (দুপুরের আগে)
French	A la mode	According to the current fashion; fashionable (কেতাদুরস্ত)
Latin	Amicus Curiae	A frind of the court (আদালতের বন্ধু)
Latin	Affidavit	Written statement made under oath (হলফনামা)
Latin	BC	Before christ (যীশু খ্রীস্টের জন্মের পূর্বে)
French	Bid Adieu	A goodbye (বিদায়)
French	Bon Voyage	Wish a good trip (যাত্রা শুভ হোক)
Latin	Bona fide	Good faith (সরল বিশ্বাসে; আন্তরিক)
Latin	De facto	In reality (বাস্তবে)
Latin	De jure	In law (আইনগতভাবে)
French	Debut	First public appearance as a Performer (গায়ক, অভিনেতাদের প্রথম প্রকাশ্য উপস্থিতি)।
Latin	e.g. = exempli gratia	For example (উদাহরণস্বরূপ)
French	en masse	In a body (একত্রে, দলবেঁধে)
Latin	etc = et cetera	and so. on, and so on, and so forth (ইত্যাদি)
Latin	ex post facto	After the fact (ঘটনার পরে, কাজ শেষে)
	ex parte = from a side	Monopoly decision (শুধুমাত্র এক পক্ষের স্বার্থে)
Latin	functus officio	Having no further authority (আর পদে অধিষ্ঠিত নেই)
French	fait accompli	A thing that has been done and cannot be altered now (যা করা হয়েছে এবং পরিবর্তনযোগ্য নয়)
Latin	i.e. = id est	That is to say (অর্থাৎ)
Latin	impasse	A deadlock (অচলাবস্থা)
Latin	in re	In the matter of (বিষয়ে)
Latin	inter alia	Among other things (অন্যান্য কিছুর মধ্যে)
Latin	magnus opus	Best work (সর্বশ্রেষ্ঠ কর্ম)
Latin	mens rea	Guilty mind, criminal intent (কুমতলব)
Latin	mens legis	Purpose of the law
Latin	modus openandi	Method of operation (কার্যপ্রণালি)
Latin	NB=Nota Bene	Note well, take notice (বিশেষ দ্রষ্টব্য, ভালো করে দেখুন)

www.boighar.com

বইঘর.কম

Language	Phrase	Meaning
Latin	Novel	New (নতুন, অভিনব)
Latin	Posthumous	Occurring after death (মরণোত্তর)
Latin	p.m = post meridiem	After midday (অপরাহ্ন)
Latin	Post-mortem	After death (মৃত্যুর পর), autopsy (ময়নাতদন্ত)
Latin	salarium	Salary (বেতন)
Latin	Status quo	To maintain as it is, the former state, existing situation without any change (স্থিতাবস্থা)
Latin	ultra vires	Beyond the legal power (আইনি ক্ষমতার বাইরে)
French	vis-a-vis	Opposite (বিপরীত)
Latin	viz = videlicet	Namely (যথা :)
Latin	vice versa	The terms being interchanged, in turned position (বিপরীতক্রমে)

THE REAL TEST 38

BCS Preliminary Questions

01. A soporific speech is likely to — ৩৯তম বিসিএস (বিশেষ) উত্তর : গ

ক be incomprehensible খ appeal primarily to emotions
গ put one to sleep ঘ stimulate action

Hints : *A soporific speech বলতে সে ধরনের বক্তৃতাকে বোঝায় যা দর্শক-শ্রোতার চোখে ঘুম নিয়ে আসে। এ ধরনের বক্তৃতা শুনে শ্রোতারা ক্লান্ত হয়ে পড়েন এবং চোখে ঘুম জড়িয়ে আসে। Soporific– causing a person to become tired and ready to fall asleep।*

02. 'Once in a blue moon' means— ৩৮তম বিসিএস উত্তর : খ

ক always খ very rarely গ nearly ঘ hourly

Hints : *Once in a blue moon অর্থ কদাচিৎ বা প্রায় কখনো না অর্থাৎ very rarely।*

03. Choose the meaning of the idiom— 'Take the bull by the horns'. ৩৮তম বিসিএস উত্তর : ক

ক To challenge the enemy with courage খ Force the enemy to submit
গ Out of one's wit ঘ Surrender before the enemy

Hints : *'Take the bull by the horns' idiomটির বাংলা অর্থ সাহসের সাথে শত্রুর মোকাবিলা করা বা বিপদের মোকাবিলা করা অর্থাৎ to challenge the enemy with courage।*

04. The phrase 'Achilles' heel' means : ৩৭তম বিসিএস উত্তর : খ

ক A strong point খ A weak point
গ A permanent solution ঘ A serious idea

Hints : *'Achilles' heel' একটি idiom, যার অর্থ দুর্বল দিক বা weak point। সুতরাং সঠিক উত্তর (খ)। Greek Mythology-এর বিখ্যাত চরিত্র Achilles-এর heel তথা 'গোড়ালির দুর্বলতা' থেকেই মূলত idiomটির উৎপত্তি।*

05. The idiom 'A stitch in time saves nine'—refers to the importance of— ৩৬তম, ৩৫তম বিসিএস উত্তর : খ

ক saving lives খ timely action গ saving time ঘ time tailoring

www.boighar.com

Hints : *এটি একটি প্রবাদ বাক্য যার অর্থ 'সময়ের এক ফোঁড়, অসময়ের দশ ফোঁড়'। এর দ্বারা সময়মতো কাজ করা বা timely action-কে বুঝানো হয়।*

06. The phrase 'nouveau riche' means— ৩৫তম বিসিএস উত্তর ঘ

ক Riche rich খ Well off গ New high class ঘ New rich

Hints : *'Nouveau riche' একটি French phrase যার অর্থ যে ব্যক্তি সম্প্রতি ধনী হয়েছে অর্থাৎ new rich।*

07. 'Maiden speech' means– ৩৪তম; ২৬তম; ২৩তম বিসিএস; সহকারী রাজস্ব কর্মকর্তা ২০১৫ উত্তর ক

ক First speech খ Middle speech

গ Maid servant's speech ঘ Final speech

Hints : *Maiden Speech হলো একটি phrase, যার অর্থ প্রথম বক্তৃতা। সংসদ সদস্যদের প্রথম বক্তৃতাকেও Maiden speech বলা হয়।*

08. N.B. Stands for— ৩৪তম বিসিএস উত্তর ঘ

ক Note before খ No bar গ Non bearing ঘ Nota bene

Hints : *N.B. হলো একটি Abbreviation বা সংক্ষিপ্ত রূপ। এর পূর্ণরূপ হলো Nota bene।*

09. 'Call to mind' means— ৩৩তম বিসিএস উত্তর গ

ক fantasize খ attend গ remember ঘ request

Hints : *'Call to mind' একটি Phrase, যার অর্থ remember বা স্মরণ করা, স্মরণ রাখা।*

10. The expression 'take into account' means— ৩৩তম বিসিএস উত্তর খ

ক count numbers খ consider

গ think seriously ঘ asses

Hints : *'Take into account' এর অর্থ বিবেচনা করা অর্থাৎ consider।*

11. The idiom 'put up with' means— ৩৩তম বিসিএস উত্তর খ

ক stay together খ tolerate গ keep trust ঘ protect

Hints : *'Put up with' phraseটি দ্বারা সহ্য করা বোঝায়।*

12. Despite being a brilliant scientist, he does not seem to <u>get his ideas across.</u> ৩২তম বিসিএস উত্তর ক

ক make his ideas understood খ get his ideas down pat

গ summarise his ideas ঘ put together his ideas

Hints : *Get something across to somebody অর্থ– কাউকে কিছু বোঝাতে পারা অর্থাৎ make something understood।*

13. To 'raise one's brows' indicates— ৩২তম বিসিএস উত্তর ঘ

ক annoyance খ disapproval গ indifference ঘ surprise

Hints : *Oxford Advanced Learner's Dictionary পুরাতন Edition-এ 'to raise one's brows'-এর অর্থ disapproval (অননুমোদন) এবং surprise (বিস্ময়) উভয়ই দেওয়া আছে। কিন্তু 10th Edition-এ শুধু surprise দেওয়া আছে। তাই সঠিক উত্তর (ঘ)।*

14. — his earlier study, the Professor's new study indicates a general warning trend in global weather. ৩১তম বিসিএস উত্তর খ

ক In contrast of খ In contrast to গ In contrast by ঘ In contrast as

Hints : *'In contrast to' একটি prepositional phrase।*

15. Only those who are not serious to their success work by — and starts. ৩১তম বিসিএস উত্তর ঘ

ক long odds খ against time গ every inch ঘ fits

Hints : *'By fits and starts' অর্থ—অনিয়মিতভাবে; irregularly।*

 বইঘর.কম

16. To end in smoke— ৩১তম বিসিএস উত্তর: গ

ক To create fire খ To go through suffering
গ To come to nothing ঘ To see fire

Hints : *'End in smoke' অর্থ—ব্যর্থতায় পর্যবসিত হওয়া।*

17. To keep one's head— ৩১তম বিসিএস উত্তর: গ

ক to save oneself খ to be self respectful
গ to keep calm ঘ None of these

Hints : *Keep one's head'— মাথা ঠান্ডা রাখা অর্থাৎ keep calm।*

18. To put the cart before the horse— ৩১তম বিসিএস উত্তর: ঘ

ক to offer a person what he cannot eat খ to force a person to do something
গ to raise obstacle ঘ to reverse the natural order of things

Hints : *'Put the cart before the horse'— কোনো জিনিসের স্বাভাবিক ক্রমকে পাল্টে দেয়া (reverse the natural order of things)।*

19. To read between the lines— ৩১তম বিসিএস; ১৭তম বিসিএস; প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (৫ জেলা) উত্তর: ঘ

ক to concentrate খ to suspect
গ to read carefully ঘ to grasp the hidden meaning

62. Which of the following word is wrong in spelling?
ⓚ Disquisition ⓚ Pneumonia
ⓖ Dyspepsia ⓖ Diarhoea
বশেমুরবিপ্রবি ডি ইউনিট ২০১৮-১৯ উত্তর গ

63. Find the appropriate spelling :
ⓚ inadvertant ⓚ inadvartant
ⓖ inadvartent ⓖ inadvertent
বশেমুরবিপ্রবি ডি ইউনিট ২০১৮-১৯ উত্তর ঘ

64. Choose the correct spelling :
ⓚ possesion ⓚ posession
ⓖ possetion ⓖ possession
বশেমুরবিপ্রবি এফ ইউনিট ২০১৮-১৯ উত্তর খ

65. Find the correctly spelt word—
ⓚ Apprehenssion ⓚ Apprehension
ⓖ Apprihension ⓖ Aprihension
বশেমুরবিপ্রবি এফ ইউনিট ২০১৮-১৯ উত্তর খ

66. Which one is the correct spelling?
ⓚ nevigation ⓚ navigetion ⓖ navigation ⓖ nevigetion
Hints : *Correct spelling যুক্ত word টি হলো navi-ga-tion, যার অর্থ নৌচালনা, নৌচালনাবিদ্যা ।*
ঢাবি ইউনিট ক ২০১৭-১৮ উত্তর গ

67. Find the correct spelling :
ⓚ Lieutanent ⓚ Lieutenant ⓖ Leftenant ⓖ Leiutenat
Hints : *Lieu-ten-ant বানানটি সঠিক । সেনাবাহিনীতে ক্যাপ্টেনের অধস্তন অফিসার হলো 'Lieutenant' ।*
ঢাবি ইউনিট গ ২০১৭-১৮; রাবি ইউনিট (বিজ্ঞান) উত্তর খ

68. The correctly spelled word is :
ⓚ escalater ⓚ etherial
ⓖ estuary ⓖ exquisit
Hints : *প্রদত্ত word গুলোর মধ্যে সঠিক বানানযুক্ত word হলো estuary যার অর্থ নদীর মোহনা ।*
ঢাবি ইউনিট খ ২০১৭-১৮ উত্তর গ

69. Whch is the correct spelling?
ⓚ Comitment ⓚ Comitmment
ⓖ Commitment ⓖ Comitmant
Hints : *Option গুলোর মধ্যে সঠিক বানানযুক্ত word হলো commitment (অঙ্গীকার, প্রতিশ্রুতি) ।*
ঢাবি ইউনিট চ ২০১৭-১৮ উত্তর গ

70. Select the correct spelling—
ⓚ Benefficiary ⓚ Beneficery ⓖ Beneficiary ⓖ Beneficiarie
Hints : *Option গুলোতে সঠিক বানানযুক্ত word টি হলো bene-fi-ci-ary যার অর্থ কোনোভাবে উপকারভোগকারী ব্যক্তি ।*
জবি ইউনিট এ ২০১৭-১৮ উত্তর গ

71. Choose the correct spelling.
ⓚ ascertain ⓚ esertial ⓖ necessory ⓖ quotidin
Hints : *Option গুলোর মধ্যে সঠিক বানানযুক্ত word হলো ascertain যার অর্থ নিশ্চিত করা, নির্ধারণ করা ।*
জবি ইউনিট বি ২০১৭-১৮ উত্তর ক

 বইঘর.কম

72. Which of the following is incorrectly spelled? জাবি ইউনিট C ২০১৭-১৮ উত্তর : খ

ক fascist খ pontun গ staggered ঘ occurrence

Hints : *ভুলভাবে বানানকৃত word টি হলো pontun। Pontun বানানটি pontoon (খেয়ানৌকা) হলে বানান সঠিক হতো।*

73. Choose the correct one. জাবি ইউনিট D ২০১৭-১৮ উত্তর : ক

ক Hallucination খ Haluccination
গ Halluccination ঘ Halluciination

Hints : *Option গুলোর মধ্যে সঠিক বানান যুক্ত শব্দ হলো hal-lu-ci-na-tion যার অর্থ দৃষ্টিভ্রম।*

74. Which of the following words is spelt correctly? জাবি ইউনিট E ২০১৭-১৮ উত্তর : ঘ

ক Argueable খ Hopeing গ Haveing ঘ Changeable

Hints : *Changeable (পরিবর্তনক্ষম) বানানটি সঠিক।*

75. Choose the correct spelling— জাবি ইউনিট F ২০১৭-১৮, জাবি ইউনিট D ২০১৬-১৭ উত্তর : ঘ

ক acquaintence খ acquintence গ acquantence ঘ acquaintance

Hints : *(ঘ) Acquaintance বানানটি সঠিক। এর অর্থ পরিচয়, অভিজ্ঞতালব্ধ জ্ঞান বা তথ্য।*

76. Find out the mis spelt word. জাবি ইউনিট G ২০১৭-১৮ উত্তর : Note

ক Aniversary খ Benefitted গ Affidevit ঘ Aduterate

[**Note :** *প্রশ্নে ক, গ ও ঘ অপশনের তিনটি বানানই ভুল।*]

77. Select the correctly spelt word. জাবি ইউনিট G ২০১৭-১৮ উত্তর : গ

ক Parlament খ Parliamant গ Parliament ঘ Parlamant

Hints : *সঠিক বানান যুক্ত word টি হলো Parliament যার অর্থ আইনসভা, সংসদ।*

78. Find out the correctly spelt word. জাবি ইউনিট G ২০১৭-১৮ উত্তর : ক

ক Delineate খ Deleneat গ Dileneate ঘ Deleneate

Hints : *সঠিক বানানযুক্ত word হলো delineate যার অর্থ চিত্র বা বর্ণনার সাহায্যে দেখানো, অঙ্কন করা।*

79. Which of the following word is correctly spelled? জাবি ইউনিট H ২০১৭-১৮ উত্তর : ক

ক rhinoceros খ suggesstion
গ hipopotamus ঘ vulger

Hints : *সঠিক বানানযুক্ত word টি হলো rhinoceros যার অর্থ গণ্ডার।*

80. Choose the correct spelling— জাবি ইউনিট E ২০১৭-১৮ উত্তর : খ

ক dillema খ hypocrisy
গ milenium ঘ rubish

81. Choose the correct spelling— জাবি ইউনিট E ২০১৭-১৮ উত্তর : ক

ক amateur খ aqurium
গ assurence ঘ alignement

82. Which one is correctly spelt? জাবি ইউনিট K (ER) ২০১৭-১ উত্তর : ক

ক incorrigible খ repitition
গ atension ঘ distopia

83. Find the correctly spelt word— জাবি ইউনিট D (বাণিজ্য) ২০১৭-১৮, জাবি ইউনিট B ২০১৬-১৭ উত্তর : ক

ক Entrepreneur খ Entrapreneur
গ Entrapraneur ঘ Enterprenuer

www.boighar.com

84. **Find wrongly spelt word —** রাবি ইউনিট D (বাণিজ্য) ২০১৭-১৮ উত্তর ঘ
ক Differed খ Suffered
গ Offered ঘ Reffered

85. **Find wrongly spelt word—** রাবি ইউনিট D (বাণিজ্য) ২০১৭-১৮ উত্তর ঘ
ক Approach খ Restaurant
গ Compartment ঘ None

86. **Find the correctly spelt word—** রাবি ইউনিট D ২০১৭-১৮ উত্তর গ
ক Parallelled খ Parralleled
গ Paralleled ঘ Paraleled

87. **Find the correctly spelt word—** রাবি ইউনিট D ২০১৭-১৮ উত্তর ক
ক Grief খ Breif
গ Recieve ঘ Diceive

88. **What is the correct spelling?** রাবি ইউনিট G-1 ২০১৭-১৮ রাবি ইউনিট B ২০১৬-১৭ উত্তর ক
ক Bureaucracy খ Bureucracy
গ Boreucracy ঘ None of them

89. **Which spelling is incorrect?** ঢাবি ইউনিট খ ২০১৬-১৭ উত্তর ঘ
ক allegiance খ troubadour
গ virtuoso ঘ bursery
Hints : *Bursery হচ্ছে ভুল বানান যার সঠিক বানান bursary (ছাত্রবৃত্তি)।*

90. **Choose the correctly spelled word—** ঢাবি ইউনিট খ ২০১৬-১৭ উত্তর গ
ক Occassionally খ Ocassionally
গ Occasionally ঘ Occasionaly

91. **Choose the correct spelling :** জাবি ইউনিট B ২০১৬-১৭ রাবি ইউনিট E (জেড) ২০১৬-১৭ উত্তর ঘ
ক Humourous খ Humourious
গ Humorious ঘ Humorous

92. **Which one is correctly spelt?** জাবি ইউনিট D ২০১৬-১৭ উত্তর Note
ক Annihilate খ Annihilate গ Annihilate ঘ Annithilate
[**Note :** *Option গুলোতে একই বানান দেওয়া হয়েছে যা সঠিক। শুধু Option (ঘ) এর বানানটি ভুল।*]

93. **Which is the wrong spelling?** জাবি ইউনিট A ২০১৬-১৭ উত্তর খ
ক Necessary খ Prosparity গ Influence ঘ Happiness
Hints : *প্রদত্ত option গুলোর মধ্যে (খ) option-টির বানান ভুল। সঠিক বানান হলো prosperity— সমৃদ্ধি।*

94. **Choose the correct spelling :** জাবি ইউনিট D ২০১৬-১৭ উত্তর ক
ক Trouser খ Trouscss গ Trouzer ঘ Trouzers
Hints : *প্রদত্ত option গুলোর মধ্যে (ক) option-এর বানানটি সঠিক। Trouser অর্থ প্যান্ট।*

95. **Which spelling is correct?** জাবি ইউনিট A ২০১৬-১৭ উত্তর গ
ক Secretatriate খ Secretariet
গ Secretariat ঘ Secretariet
Hints : *(গ) option-এর বানানটি সঠিক। Secretariat—সচিবালয়।*

 বইঘর.কম

96. **Choose the correct spelling :**
ক Statistics খ Statystics গ Statistycs ঘ Statystycs
Hints : *প্রদত্ত option গুলোর (ক) সঠিক বানান। Statistics অর্থ পরিসংখ্যান বিদ্যা।*
জাবি ইউনিট D ২০১৬-১৭ উত্তর : ক

97. **Choose the correct spelling :**
ক Receive খ Recieve গ Riceve ঘ Ricieve
Hints : *Receive—গ্রহণ করা। (ক) option টিই সঠিক বানান।*
জাবি ইউনিট D ২০১৬-১৭ উত্তর : ক

98. **Choose the correct spelling :**
ক Heredetary খ Heraditary গ Hereditary ঘ Hereditarry
Hints : *(গ) option-টির বানান সঠিক। Hereditary অর্থ বংশানুক্রমিক।*
জাবি ইউনিট D ২০১৬-১৭ উত্তর : গ

99. **Choose the correct spelling :**
ক Contagious খ Contageous গ Contegious ঘ Contegeous
Hints : *Option গুলোর মধ্যে (ক) option টির বানান সঠিক। Contagious—সংক্রামক।*
জাবি ইউনিট D ২০১৬-১৭ উত্তর : ক

100. **Choose the correct spelling :**
ক Newzealand খ Neuzealand
গ Newsealand ঘ New seland
Hints : *Newzealand একটি দেশের নাম। (ক) option টিতে সঠিক বানান দেয়া আছে।*
জাবি ইউনিট D ২০১৬-১৭ উত্তর : ক

101. **Which one is the right spelling?**
ক massacare খ Massacre
গ massakar ঘ massacar
রাবি ইউনিট A (জোড়) ২০১৬-১৭ উত্তর : খ

102. **Correct spelling is —**
ক buffallo খ bufallo
গ bufalo ঘ buffalo
রাবি ইউনিট E (জোড়) ২০১৬-১৭ উত্তর : ঘ

103. **Which one is the correct spelling?**
ক Indispensable খ Indispinisble
গ Indispensible ঘ Indespinsible
ঙ Indispenseble
চবি ইউনিট A (বিজ্ঞান অনুষদ) ২০১৬-১৭ উত্তর : ক

104. **The correct spelling is**
ক Bouquete খ Bouquette গ Boqquet গ Bouquet
ঙ Bouquiet
চবি ইউনিট E ২০১৬-১৭ উত্তর : ঘ

105. **Which one is correctly spelt?**
ক Awfull খ Awafull গ Aweful গ Awful
ঙ Awoefull
চবি ইউনিট I ২০১৬-১৭ উত্তর : ঘ

106. **The correct spelling is**
ক Voraciously খ Voraciusly গ Voracisively ঘ Vorily
ঙ Voracitively
চবি ইউনিট জে ২০১৬-১৭ উত্তর : ক

107. **Which of the following is the correct spelling?**
ক excssive খ excesive গ axcesive ঘ excessive
ঙ exucessive
চবি ইউনিট জে ২০১৬-১৭ উত্তর : ঘ

www.boighar.com

Boighar.com

CHAPTER

44 Analogy

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় সম্ভবত যে বিষয়টি প্রতিযোগীদের কাছে সবচেয়ে কঠিন মনে হয় তা হচ্ছে Analogy। এই জটিলতার কারণ প্রথমত, বিষয়টি সম্বন্ধে পূর্ব অভিজ্ঞতার অভাব এবং দ্বিতীয়ত, বিশ্লেষণ ও ভাষাগত জটিলতা। বিষয়টি কতটা জটিল তা বুঝানোর জন্য এটুকুই যথেষ্ট যে, অনেক পরীক্ষার্থীই জানেন না Analogy বলতে কোন প্রশ্নগুলোকে বুঝানো হয়। যারা বিগত কয়েক বছরের Competitive টেস্টের প্রশ্ন পড়েছেন তারা নিশ্চয়ই ইংরেজি অংশে নিম্নোক্ত প্রশ্নটি লক্ষ্য করে থাকবেন।

What is Analogy?
(Analogy কী?)

'Analogy' শব্দটির অর্থ comparison of one thing with another অর্থাৎ একটি জিনিসের সাথে আরেকটি জিনিসের তুলনা অথবা একটি জিনিসের সাথে আরেকটি জিনিসের সাদৃশ্য বা বৈসাদৃশ্য তথা মিল বা অমিল চিহ্নিত করা। Analogy কে আমরা গণিতের অনুপাত সমানুপাতের সাথে তুলনা করতে পারি। যেমন—দুটি রাশির অনুপাত যদি ৪ ঃ ৫ হয় তাহলে তাদের সমানুপাত ৮ ঃ ১০ হতে পারে। বিষয়টিকে আরো সহজভাবে বুঝতে হলে নিচের প্রশ্নটির উত্তর বের করার চেষ্টা করুন। প্রশ্নে প্রদত্ত শব্দ জোড়ার মাঝে এমন একটি সম্পর্ক বের করুন যা বিকল্প উত্তরগুলোর শুধু একটিতে বিদ্যমান :

প্রশ্ন :	বাবা	মা
বিকল্প উত্তর	(ক) ভাই	বোন
	(খ) মামা	ভাগ্নে
	(গ) স্বামী	স্ত্রী
	(ঘ) শালা	শালি

শব্দ জোড়াগুলো আপাতদৃষ্টিতে একই রকম মনে হলেও প্রশ্নে প্রদত্ত শব্দ জোড়ার (বাবা-মা) মধ্যে এমন একটি (বৈবাহিক) সম্পর্ক বিদ্যমান যা শুধু উত্তর (গ) তে পাওয়া যায়। উপরিউক্ত প্রশ্নটিই হচ্ছে Analogy Question-এর একটি জলবৎ তরলং (পানির মতো সহজ) উদাহরণ।

How is Analogy Framed?
(কীভাবে Analogy গঠিত হয়?)

Analogy Question-এ প্রথমে আন্ডারলাইন করা অথবা বড় হাতের মোটা (Capitalized bold) অক্ষরে লেখা এক জোড়া শব্দ (মাঝে অনুপাত চিহ্ন দিয়ে) দেয়া থাকে। এই জোড়া শব্দের মধ্যে যে সম্পর্ক রয়েছে তা বিকল্প উত্তরে দেয়া চার জোড়া শব্দের মধ্যে কোনটিতে বিদ্যমান তা নির্ণয় করতে হয়।

Techniques of Analogy
(Analogy নির্ণয়ের কৌশল)

কতগুলো কৌশল অবলম্বন করলে মোটামুটি সহজেই Analogy Questions-এর উত্তর দেয়া যায়। নিচে কিছু Technique সম্বন্ধে আলোচনা করা হলো :

www.boighar.com

বইঘর.কম

Technique-1 : প্রথমেই প্রশ্নে উল্লিখিত শব্দ জোড়ার মধ্যকার সম্পর্ক নির্ণয় করতে হবে। যত দ্রুত এই সম্পর্ক নির্ণয় করা যাবে, তত দ্রুত উত্তর বের করা সম্ভব হবে।

Technique-2 : প্রথম জোড়া শব্দের মধ্যে যে সম্পর্ক রয়েছে তা একটি পূর্ণ বাক্যে বর্ণনা করার চেষ্টা করুন। যেমন—

Philatelist	**Stamps**
ⓐ magician	display
ⓑ numismatist	coins
ⓒ cartographer	maps
ⓓ astrologer	predictions

এখানে প্রথম জোড়া শব্দ দুটির সম্পর্ক একটি বাক্যে লিখলে এ রকম দাঁড়ায়—A philatelist collects stamps অর্থাৎ philatelist ঐ ব্যক্তিকে বলা হয় যে ডাকটিকিট সংগ্রহ করে। এখন বিকল্প উত্তরগুলোর দিকে তাকালে দেখতে পাই b-এর সাথে প্রথম জোড়ার ঘনিষ্ঠ সম্পর্ক বিদ্যমান। কারণ, A numismatist collects coins। সুতরাং উভয় জোড়ার মধ্যে collection-এর সম্পর্কটি জড়িত, যা অন্যান্য জোড়ায় পাওয়া যায় না।

Technique-3 : প্রথম জোড়া শব্দের মধ্যে একটি সম্পর্ক বের করার পর যদি দেখেন যে তা বিকল্প উত্তরগুলোর সবগুলোর সাথে মিলে যায় তাহলে উক্ত সম্পর্কটিতে আরো সূক্ষ্মভাবে চিন্তা করুন। যেমন—

Bouquet	**Flowers**
ⓐ forest	trees
ⓑ husk	trees
ⓒ woodpile	logs
ⓓ drift	snow

[**শব্দার্থ :** Bouquet– ফুলের তোড়া; Forest– বন; Husk– খোসা; Woodpile – কাঠের ঢিবি; Logs – কাঠের গুঁড়ি; Drift – তুষার পিণ্ড] এখানে এক বাক্যে একটি সম্পর্ক লিখলে হয়— A bouquet is made up of flowers (ফুল দিয়ে ফুলের তোড়া তৈরি হয়)। কিন্তু এই সম্পর্কটি উত্তরগুলোর সবগুলোতেই প্রযোজ্য। কারণ—A forest is made up of trees. A husk ইত্যাদি। তাই প্রথম জোড়া শব্দের সম্পর্ককে আরো সূক্ষ্মভাবে নির্ধারণ করতে হবে। ফুলকে গাছ থেকে কেটে/তুলে একত্রিত করলে bouquet তৈরি হয়। এই সম্পর্কটিকে উত্তরগুলোর সাথে মেলালে তা (c)-এর সাথে মেলে। কারণ গাছ কেটে গুঁড়িগুলোকে (logs) একত্রিত করলে woodpile তৈরি হয়। অন্যদিকে গাছ (tree) কাটলে কিন্তু তা আর বন (forest) থাকে না। আর অন্যগুলোতে তো কাটার সম্পর্কই নেই।

Technique-4 : একটি সম্পর্ক নির্ধারণের ক্ষেত্রে শব্দের প্রধান অর্থের পাশাপাশি দ্বিতীয়/অন্যান্য অর্থের দিকেও খেয়াল রাখতে হবে, অন্যথায় ভুল করার সম্ভাবনা রয়েছে। নিচের উদাহরণটি লক্ষ্য করুন।

Embroider	**Cloth**
ⓐ patch	quilt
ⓑ chase	metal
ⓒ carve	knife
ⓓ gild	gold

[**শব্দার্থ :** patch – তালি দেয়া; quilt – তোষক; chase – ধাওয়া করা; carve – খোদাই করা; gild – চকচকে করা]

সাধারণত সৌন্দর্য বৃদ্ধির জন্য কাপড়ের ওপর এমব্রয়ডারি করা হয় (সুচের সাহায্যে)। উত্তরগুলোতে দেখা যায়, (a) সুচ দিয়ে তোষক তালি দেয়া হয়; (c) চাকু দিয়ে খোদাই করা হয় (সৌন্দর্যের জন্য); তেমনি (d) সৌন্দর্য বৃদ্ধির জন্য সোনাকে চকচকে করা হয়। এখানে দেখা যাচ্ছে (a) প্রায় কাছাকাছি। কারণ উভয় কাজে সুচ ব্যবহৃত হয়। কিন্তু (b) কে আমরা হিসেবেই ধরিনি। কারণ আমরা জানি chase মানে ধাওয়া করা। তাই এটা বেমানান উত্তর। প্রকৃতপক্ষে উত্তর এখানেই নিহিত। কারণ Chase-এর দ্বিতীয় অর্থ (ধাতব পাত্রে) নকশা খোদাই করা। কাপড়ের (cloth) ওপর যেমন নকশা (embroider) করা হয় তেমনি ধাতুর (metal) পাত্রে খোদাই করে নকশা (chase) করা হয়।

www.boighar.com

Technique-5 : একটি কথা অবশ্যই মনে রাখতে হবে, Analogy Questions-এ প্রথম জোড়া শব্দে যে Parts of Speech দেয়া হয়, বিকল্প উত্তরগুলোতেও একই Parts of Speech দেয়া থাকে। যেমন ধরুন, প্রথম জোড়া শব্দ যদি Verb : Noun হয় তাহলে উত্তরগুলোতেও Verb : Noun থাকবে। পূর্বোক্ত উদাহরণগুলো লক্ষ্য করলে বিষয়টি পরিষ্কার হবে। এবার নিচের উদাহরণটিতে বুদ্ধি খাটান।

Flag	**Vigor**
ⓐ endure	courage
ⓑ tire	monotony
ⓒ waver	resolution
ⓓ flatter	charm

আমরা জানি flag মানে পতাকা, এটি একটি Noun। কিন্তু প্রথম উত্তরটিতে প্রথম শব্দ endure একটি পরিষ্কার Verb, যার অর্থ সহ্য করা/টিকে থাকা। কাজেই প্রশ্নে প্রদত্ত প্রথম জোড়ার প্রথম শব্দ flag কখনোই Noun হতে পারে না। কারণ সম্পূর্ণ Analogy-টি Verb : Noun প্যাটার্ন দিয়ে তৈরি। তাহলে Flag অর্থ কী? flag যখন Verb হিসেবে ব্যবহৃত হয় তখন এর অর্থ অবসন্ন/নিস্তেজ হওয়া। যখন কেউ অবসন্ন হয় (Flag), তখন তার শক্তি (vigor) কমে যায়। তাই সঠিক উত্তর হবে (c)। কেননা কেউ দোদুল্যমান/দ্বিধান্বিত (waver) হলে তার সংকল্পে (resolution) ভাটা পড়ে।

Common Analogy Types
(Analogy-র সাধারণ ধরন)

উপরিউক্ত আলোচনা থেকে এটা পরিষ্কার যে, Analogy তে প্রদত্ত শব্দ জোড়ার সম্পর্ক (Relationship) নির্ধারণই মুখ্য বিষয়। দুটি শব্দের সম্পর্কের ধরন যদি জানা থাকে তাহলে Analogy সমাধান করা অনেকাংশে সহজ হবে :

- **সম্পর্ক ১ : Relationship of Definition :** একটি শব্দ আরেকটি শব্দের সংজ্ঞা হতে পারে। যেমন— **Refuge : Shelter**
  আশ্রয় কেন্দ্র (Refuge) হচ্ছে এক ধরনের আশ্রয়স্থল বা Shelter। এখানে দ্বিতীয় শব্দটি প্রথম শব্দের সংজ্ঞা।

- **সম্পর্ক ২ : Defining Characteristic :** একটি শব্দ আরেকটি শব্দের সংজ্ঞায় তার বৈশিষ্ট্য বর্ণনা করতে পারে :
  Tiger : Carnivorous
  বাঘ এমন এক প্রাণী, যার বৈশিষ্ট্য হচ্ছে সে Carnivorous বা মাংসাশী।

- **সম্পর্ক ৩ : Class and Member :** দুটি শব্দের মধ্যে 'শ্রেণি : সদস্য' সম্পর্ক হতে পারে :
  Amphibian : Frog
  Amphibian (উভচর প্রাণী) একটি শ্রেণি। ব্যাঙ (Frog) তার একটি সদস্য।
  Sonnet : Poem
  Poem (কবিতা) এক শ্রেণির সাহিত্যকর্ম, আর Sonnet এর একটি শ্রেণিবিভাগ। কাজেই এদের সম্পর্ক Member : Class।

- **সম্পর্ক ৪ : Synonyms :** একটি শব্দ অন্যটির synonym বা সমার্থক অথবা কাছাকাছি সমার্থবোধক হতে পারে।
  Lengthen : Prolong *[21st BCS]*
  এখানে শব্দ দুটি সমার্থক, অর্থ-প্রলম্বিত করা, দীর্ঘায়িত করা।
  Verbose : Wordiness
  বাগাড়ম্বরপূর্ণ (Verbose) বক্তৃতা বেশি শব্দপূর্ণ (wordiness) হয়ে থাকে। এখানে দ্বিতীয় শব্দটি প্রথম শব্দের কাছাকাছি সমার্থক।
  Solicitous : Concern
  যে ব্যক্তি কোনো বিষয়ে বেশি উদগ্রীব (Solicitous), ঐ বিষয়ে তার বেশি উদ্বেগ (concern) থাকে। এখানে শব্দ দুটি near synonymous অথবা দ্বিতীয়টিকে প্রথমটির synonym variant বা বিকল্প সমার্থবোধক বলা যেতে পারে।
  Nervous : Poise
  ধৈর্যের (poise) অভাব থাকা মানে nervous হওয়া। সুতরাং এ দুটি শব্দ কাছাকাছি সমার্থক।

 বইঘর.কম

▌ সম্পর্ক ৫ : **Antonyms** : একটি শব্দ আরেকটির বিপরীতার্থক অথবা কাছাকাছি বিপরীতার্থক হতে পারে :

Eager : Indifferent *[21st BCS]*

Eager অর্থ ইচ্ছুক, Indifferent অনিচ্ছুক, অনীহ। সুতরাং শব্দ দুটি একটি আরেকটির Antonym।

Abstinent : Gorge (গোর্জ)

যে খেতে চায় না (Abstinent), সে কি কখনো রাক্ষসের মতো খেতে (gorge) পারে? সুতরাং দ্বিতীয়টি প্রথমটির Antonym Variant।

Conscious : Careless *[24th BCS]*

Conscious অর্থ সচেতন এবং Careless অর্থ উদাসীন বা অসচেতন। অতএব শব্দ দুটি একটি আরেকটির Antonym।

▌ সম্পর্ক ৬ : **Part to Whole** : একটি শব্দ আরেকটির অংশবিশেষ অর্থাৎ দুটি শব্দের মাঝে Whole : Part তথা 'পূর্ণাঙ্গ বস্তু : বস্তুর অংশ বিশেষ' জাতীয় সম্পর্ক থাকতে পারে। যেমন—

Island : Archipelago

আর্কিপেলাগো বলা হয় দ্বীপপুঞ্জকে, আর Island (দ্বীপ) হলো তার একটি অংশবিশেষ। সুতরাং Island হলো Part, আর Archipelago হলো Whole।

Canto : Poem

একটি বড় কবিতা বা মহাকাব্যের অংশকে Canto বলা হয়।

Shard : Poem

কবিতার খণ্ডিত অংশকে Shard বলা হয়।

▌ সম্পর্ক ৭ : **Function** : একটি শব্দ দ্বারা আরেকটি শব্দের function বা কাজ বর্ণনা করা হতে পারে। যেমন—

Asylum : Refuge

আশ্রয় কেন্দ্রের (Asylum) কাজ হচ্ছে মানুষকে আশ্রয় (Refuge) দেয়া।

Ballast : Stability

Ballast হচ্ছে জাহাজের সাথে বাঁধা এক জাতীয় ভারি বস্তু, যার কাজ জাহাজকে স্থির (stable) রাখা।

▌ সম্পর্ক ৮ : **Worker and Tool (কর্তা ও করণের সম্পর্ক)** : দুটি শব্দের মধ্যে এরূপ সম্পর্ক হতে পারে যে, একটি শব্দ এক ধরনের যন্ত্র (tool), যা দিয়ে আরেকজন (অন্য শব্দটি) কাজ করে।

Carpenter : Saw *[18th BCS]*

করাত (Saw) হলো এক ধরনের যন্ত্র যা দিয়ে কাঠমিস্ত্রী (Carpenter) কাজ করে।

Painter : Brush

চিত্রকর (Painter) তুলি (Brush) দিয়ে কাজ করে।

Sickle : Reaper

ফসল কাটার জন্য কৃষক (Reaper) যে যন্ত্রটি ব্যবহার করে তা হচ্ছে Sickle বা কাস্তে।

▌ সম্পর্ক ৯ : **Worker and Article Created (কর্তা ও তার সৃষ্ট কর্মের সম্পর্ক)** : দুটি শব্দের মধ্যে এ রকম সম্পর্ক হতে পারে যাতে একটি হবে কর্তা (worker) এবং অন্যটি হবে তার সৃষ্ট কর্ম।

Poet : Sonnet

একজন কবির সৃষ্ট কর্ম হলো Sonnet বা চতুর্দশপদী কবিতা। এখানে Poet হলো worker এবং sonnet হলো তার সৃষ্ট কর্ম বা Article Created.

Architect : Blueprint

একজন স্থপতির (Architect) সৃষ্ট কর্ম হচ্ছে নকশা (Blueprint)।

www.boighar.com

Mason : Wall

Wall হচ্ছে একটি সৃষ্ট কর্ম, যার worker হলেন একজন Mason বা রাজমিস্ত্রী।

সম্পর্ক ১০ : Worker and Workplace (কর্তা ও কর্মক্ষেত্রের সম্পর্ক)

Lawyer : Court

একজন আইনজীবীর (Lawyer) কর্মক্ষেত্র হচ্ছে court বা আদালত।

Musician : Conservatory

একজন সঙ্গীতজ্ঞ/সুরকার (Musician) যেখানে কাজ/অধ্যয়ন/ গবেষণা করেন তার নাম হচ্ছে conservatory বা সঙ্গীতশালা।

Miner : Quarry

খনি শ্রমিকের (Miner) কর্মক্ষেত্র হলো কয়লা খনি (Quarry/pit)।

সম্পর্ক ১১ : Tool and its Action (যন্ত্র ও এর কাজ) : দুটি শব্দ এমন হতে পারে যাদের একটি দ্বারা কোনো যন্ত্রের নাম এবং অন্যটি দ্বারা ঐ যন্ত্রের কাজ বর্ণনা করা হয়।

বইঘর.কম

Drill : Bore

ড্রিল মেশিনের কাজ হচ্ছে গর্ত বা ছিদ্র করা (Bore)।

Crowbar : Pry

ভারী বস্তু ওঠানো (Pry) নামানোর জন্য যে মাথা বাঁকা লৌহদণ্ড ব্যবহৃত হয় তাকে Crowbar বলে।

Sieve : Sift

চালনি (sieve) এমন একটি যন্ত্র, যা দিয়ে চালা (sift) হয়।

সম্পর্ক ১২ : Worker and Action (কর্তা ও কাজ)

Financer : Invest

অর্থ লগ্নিকারীর (Financer) কাজ হচ্ছে Invest বা বিনিয়োগ করা।

Acrobat : Cartwheel

শারীরিক কসরত প্রদর্শনে পারদর্শী ব্যক্তির (Acrobat) একটি কাজ হচ্ছে ডিগবাজি (Cartwheel) দেয়া।

Tenor : Aria

একজন পুরুষ শিল্পী (Tenor) একাই যে সঙ্গীত পরিবেশন করে তাকে Aria বা একক সঙ্গীত বলা হয়।

সম্পর্ক ১৩ : Cause and Effect (কার্যকারণ সম্পর্ক) : একটি বিষয়/ঘটনা আরেকটি বিষয়/ঘটনার কারণে ঘটতে পারে।

Soporific : Sleepiness

নিদ্রাকর (Soporific) কোনো ওষুধ বা পানীয় নিদ্রালুতার (sleepiness) কারণ হতে পারে। এখানে নিদ্রাকর বড়ি হচ্ছে Cause। আর Sleepiness হচ্ছে তার Effect বা প্রতিক্রিয়া।

Fire : Ashes *[18th BCS]*

অগ্নিকাণ্ডের ফলশ্রুতিতে যা পাওয়া যায় তা হচ্ছে Ashes বা ছাই।

Event : Memories

কোনো ঘটনা (Event) ঘটার ফলে যা মনে থাকে তা হলো স্মৃতি (Memories)।

সম্পর্ক ১৪ : Manner (ধরন) : একটি শব্দ আরেকটি শব্দের বিশেষ ধরন বা ঢং বর্ণনা করতে পারে।

Stare : Glance *[18th BCS]*

Stare (স্থির দৃষ্টিতে দেখা) হচ্ছে তাকানোর (Glance) একটি ধরন।

Strut : Walk

Strut হলো হাঁটার (Walk) একটি ঢং, যা দ্বারা অহঙ্কার প্রকাশ পায়।

 বইঘর.কম

Mumble : Speak

Mumble হচ্ছে কথা বলার (Speak) একটি ধরন, যার অর্থ হচ্ছে মিন মিন করে কথা বলা।

সম্পর্ক ১৫ : Action and its Significance (কাজ ও এর গুরুত্ব) : কোনো কোনো সময় একটি শব্দ অন্যটির গুরুত্ব বর্ণনা করে থাকে অর্থাৎ ঐ শব্দ দ্বারা কি বুঝানো হচ্ছে তা সে বর্ণনা করে।

Wince : Pain

কেউ কোনো অঙ্গ (যেমন কপাল/ভ্রু) কুচকালে (Wince) বোঝা যায় সে ব্যথা পাচ্ছে।

Prostration : Submissiveness

সেজদার (Prostration) দ্বারা আনুগত্য/আত্মসমর্পণ (submissiveness) প্রকাশ পায়।

Blush : Discomfiture

লজ্জায় কারো মুখ রক্তিমাভাব (Blush) হলে বোঝা যায় যে, সে অস্বস্তি (Discomfiture) বোধ করছে।

সম্পর্ক ১৬ : Degree of Intensity (তীব্রতার পরিমাণ) : দুটি শব্দের মধ্যে অর্থগত দিক থেকে কম-বেশি তীব্রতা বুঝানো হতে পারে।

Fond : Doting

দুটি শব্দ দ্বারাই আগ্রহ প্রকাশ করা হয় কিন্তু Doting-এর চেয়ে Fond কম আগ্রহ প্রকাশ করে।

Grasping : Rapacious

শব্দ দুটির অর্থ লোভী। কিন্তু প্রথমটি কম। দ্বিতীয়টি বেশি।

সম্পর্ক ১৭ : Spatial Sequence (স্থান পরম্পরা)

Roof : Foundation

একটি ভবনের ছাদ (Roof) হচ্ছে সর্বোচ্চ স্থান এবং Foundation সর্বনিম্ন স্থান।

সম্পর্ক ১৮ : Symbol (প্রতীক)

Pigeon : Peace

কবুতর শান্তির প্রতীক

সম্পর্ক ১৯ : Lack of (অভাবে)

Anarchy : Government

সরকারের অভাবে অরাজকতা দেখা দেয়।

সম্পর্ক ২০ : Sex (লিঙ্গগত সম্পর্ক)

Doe : Stag

Doe – স্ত্রী হরিণ, Stag—পুরুষ হরিণ।

Relationships at a Glance

Relation No	Type	Example
সম্পর্ক-১	Definition	Refuge : Shelter
সম্পর্ক-২	Characteristics	Tiger : Carnivorous
সম্পর্ক-৩	Class : Member	Amphibian : Frog
সম্পর্ক-৪	Synonym	Lengthen : Prolong
সম্পর্ক-৫	Antonym	Eager : Indifferent
সম্পর্ক-৬	Part : Whole	Stanza : Poem
সম্পর্ক-৭	Function	Asylum : Refuge

www.boighar.com

Relation No	Type	Example
সম্পর্ক-৮	Worker : Tool	Painter : Brush
সম্পর্ক-৯	Worker : Article Created	Poet : Sonnet
সম্পর্ক-১০	Worker : Workplace	Lawyer : Court
সম্পর্ক-১১	Tool : Its Action	Drill : Bore
সম্পর্ক-১২	Worker : Action	Financer : Invest
সম্পর্ক-১৩	Cause : Effect	Fire : Ashes
সম্পর্ক-১৪	Manner	Stare : Glance
সম্পর্ক-১৫	Action : Its Significance	Wince : Pain
সম্পর্ক-১৬	Degree of Intensity	Abhor : Hate
সম্পর্ক-১৭	Spatial Sequence	Roof : Foundation
সম্পর্ক-১৮	Symbol	Pigeon : Peace
সম্পর্ক-১৯	Lack of	Anarchy : Government
সম্পর্ক-২০	Sex	Doe : Stag

How to Solve Analogy?

(কীভাবে Analogy সমাধান করবেন?)

Analogy সমাধানের জন্য নিম্নোক্ত ধাপগুলো অনুসরণ করতে হবে :

এক : আন্ডারলাইন করা বা বড় হাতের অক্ষরে লেখা (Capitalized) অথবা মোটা (Bold) শব্দ দুটির অর্থ নিশ্চিতভাবে জেনে তাদের মধ্যে (পূর্বে বর্ণিত) একটি সম্পর্ক নির্ধারণ করতে হবে।

দুই : নির্ণীত সম্পর্কটিকে একটি পূর্ণ বাক্যে বর্ণনা করতে হবে।

তিন : এই বাক্যটি বিকল্প উত্তর হিসেবে প্রদত্ত শব্দ জোড়াগুলো দিয়ে বানানো যেই বাক্যের সাথে মিলে যাবে, সে জোড়াই উত্তর।

Example

Carpenter : Saw *[18th BCS]*

ⓚ stenographer : typewriter ⓚ painter : brush

ⓖ lawyer : brief ⓖ seamstress : scissors

এই উদাহরণটিকে আমরা উপরিউক্ত ধাপগুলো অনুসরণ করে সমাধান করব :

এক : Carpenter অর্থ কাঠমিস্ত্রী এবং Saw অর্থ করাত। শব্দ দুটির মধ্যে সম্পর্ক Worker : Tool (দেখুন সম্পর্ক নং-৮)।

দুই : এই সম্পর্কটিকে একটি বাক্যে লিখলে দাঁড়ায়—'Carpenter saw দিয়ে কাজ করে'

তিন : উপরিউক্ত সম্পর্কের ভিত্তিতে বানানো এই বাক্যটি বিকল্প উত্তরগুলোর কোন জোড়া বাক্যের সাথে মেলে তা দেখা যাক।

ক. Stenographer (সাঁটলিপিকার) typewriter দিয়ে কাজ করে।

খ. Painter (চিত্রকর) brush (তুলি) দিয়ে কাজ করে।

গ. Lawyer brief (বর্ণনা) দিয়ে কাজ করে।

ঘ. Seamstress (মহিলা দর্জি) scissors (কাঁচি) দিয়ে কাজ করে।

এখানে (ক) সঠিক নয় কারণ সাঁটলিপিকার প্রাথমিকভাবে কলম দিয়ে কাজ করে। (গ) তো এমনিতেই বাদ। অন্যদিকে (খ) ও (ঘ) দুটোই সঠিক। কিন্তু উত্তরতো আর দুটি হতে পারে না। এ ধরনের পরিস্থিতিতে 'Techniqne-3' অনুসরণ করতে হবে। অর্থাৎ প্রশ্নে প্রদত্ত প্রথম জোড়া শব্দের সম্পর্ককে আরো সূক্ষ্মভাবে চিন্তা করতে হবে। Carpenter, saw দিয়ে কাঠ কাটে। তদ্রূপ Seamstress (মহিলা দর্জি) Scissors দিয়ে কাপড় কাটে। সুতরাং (ঘ)ই সঠিক উত্তর।

বইঘর.কম

Special Vocabulary for Analogy

নিচে Analogy-এর প্রশ্ন solve করার জন্য special কিছু vocabulary দেয়া হলো :

▶ **বিভিন্ন ধরনের যন্ত্র**

Adze (বাটালি), Auger (তুরপুন), Baton (পুলিশের ছোট লাঠি), Batter (ময়দা), Goggles (ধূলা থেকে রক্ষাকারী কালো চশমা), Palette (চিত্রকরের রং মেশানোর জন্য ক্ষুদ্র তক্তাবিশেষ), Saddle (ঘোড়ার পৃষ্ঠে বসার জন্য গদি), Thimble (সেলাইয়ের সময় সুইয়ের খোঁচা এড়ানোর জন্য আঙ্গুলে যে আবরণ পরা হয়), Tourniquet (রক্তপাত বন্ধ করার জন্য যে যন্ত্র দিয়ে শিরা চেপে ধরা হয়), Trowel (রাজমিস্ত্রী যে যন্ত্র দিয়ে দেয়ালে প্রলেপ লাগায়), Wrench (নাট লাগানোর যন্ত্র), Paddle (বৈঠা), Scalpel (শল্য চিকিৎসকের ক্ষুদ্র ছুরি), Shears (কাঁচি), Cleaver (কসাইয়ের ছুরি), Gavel (বিচারকের হাতুড়ি), Scissors (কাঁচি), Radar (যে যন্ত্র দিয়ে প্লেন/জাহাজের দিক ও অবস্থান নির্ণয় হয়), Armor (বর্ম), Club (গলফ খেলার ব্যাট), Violin (বেহালা জাতীয় বাদ্যযন্ত্র)।

▶ **বিভিন্ন জিনিসের আবরণ**

Chaff (ভূসি), Mould (বাসী রুটিতে যে ছাতা পড়ে), Pod (মোটর শুটির খোসা), Plumage (পাখির পালক), Rust (জং), Scale (মাছের আঁশ), Carapace (কাকড়া/কচ্ছপের খোল), Husk (ফলের/শস্যের খোসা/তুষ/ভূসি)।

▶ **বিভিন্ন ধরনের (দল/ঝাঁক)**

Anthology (সাহিত্য সংকলন), Convoy (সামরিক জাহাজের বহর), Galaxy (নক্ষত্রের ঝাঁক), Archipelago (দ্বীপপুঞ্জ), Constellation (নক্ষত্রপুঞ্জ), School (মাছের ঝাঁক), Chorus (গায়ক/নর্তক দল), Crew (নাবিকের দল), Fleet (নৌবহর), Poultry (হাঁস-মুরগির ঝাঁক), Range (পর্বত শ্রেণি) Regiment (সৈন্যদল), Stack (খড়/শস্য/কাঠের গাদা), Faculty (শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবর্গ), Orchestra (বাদ্যযন্ত্র দল), Troop (সৈন্যদল)।

▶ **বসবাস করার জায়গা**

Barn (গোলাঘর), Silo (শস্য সংরক্ষণের ঘর), Hangar (বিমান রাখার জন্য আচ্ছাদিত স্থান), Stable (ঘোড়ার আস্তাবল), Aviary (পাখির বড় খাঁচা/ঘর), Den (হিংস্র জন্তুর গুহা), Igloo (এস্কিমোদের থাকার ঘর)।

▶ **বিভিন্ন পেশা অধিকারী ব্যক্তি**

Architect (স্থপতি), Carpenter (কাঠমিস্ত্রি), Chef (পাচক), Cobbler (মুচি), Composer (গীতিকার), Courier (বার্তাবহ), Quack (হাতুড়ে ডাক্তার), Refugee (শরণার্থী), Surgeon (শল্য চিকিৎসক), Archaeologist (প্রত্নতত্ত্ববিদ), Brick-Layer (রাজমিস্ত্রি), Mason (রাজমিস্ত্রি) Sculptor (ভাস্কর), Acrobat (সার্কাসে দড়াবাজিকর), Advocate (উকিল), Detective (গোয়েন্দা), Heir (উত্তরাধিকারী ব্যক্তি), Journalist (সাংবাদিক), Linguist (ভাষাবিদ), Moderator (প্রধান বিচারক), Optician (চশমা নির্মাতা/বিক্রেতা), Auditor (নিরীক্ষক), Butcher (কসাই), Colleague (একই পেশায় সহকর্মী), Dramatist (নাট্যকার), Pedlar (ফেরিওয়ালা), Tenant (ভাড়াটিয়া)।

▶ **বিভিন্ন ধরনের অভিব্যক্তি**

Beam (হাসিতে উদ্ভাসিত হওয়া), Nod (সম্মতিসূচক মাথা নোয়ান), Yawn (ঘুমের প্রাবল্যে হাই তোলা), Blush (লজ্জায় লাল হওয়া), Grin (ভেঙচি কাটিয়া হাসা), Snore (নাক ডাকা), Wince (ব্যথায়-সংকুচিত হওয়া), Squirm/Writhe (ব্যথায়-দেহ মোচড়ানো), Groan (আর্তনাদ করা), Sob (ফুঁপিয়ে কাঁদা)।

www.boighar.com

▶ **বৈজ্ঞানিক যন্ত্রের নাম**

Ammeter (বিদ্যুৎ প্রবাহ মাপার যন্ত্র), Chronometer (সূক্ষ্ম সময় মাপার যন্ত্র), Geiger Counter (তেজক্রিয়তা মাপার যন্ত্র), Speedometer (গাড়ির বেগ মাপার যন্ত্র), Barometer (বায়ুচাপ মাপার যন্ত্র), Manometer (গ্যাসের চাপ মাপার যন্ত্র), Thermometer (তাপমাপার যন্ত্র), Odometer (ভ্রমণে অতিক্রান্ত দূরত্ব মাপার যন্ত্র), Seismograph (ভূমিকম্প পরিমাপের যন্ত্র)।

▶ **বিভিন্ন ধরনের গতি**

Blink (চোখ পিটপিট করা), Him (গুঞ্জন করা), Mumble (অস্পষ্টভাবে বলা), Guffaw (অট্টহাসি দেয়া), Stammer (তোতলানো), Stumble (হোঁচট খাওয়া), Whisper (কানে কানে বলা), Whine (নালিশ করা), Chatter (অনর্থক বক বক করা), Sprint (পূর্ণবেগে দৌড়ান), Bustle (তাড়াহুড়ো করা)।

▶ **বিভিন্ন জীবজন্তুর আওয়াজ**

Bark (কুকুরের ডাক), Buzz (মৌমাছির গুঞ্জন), Caterwaul (বিড়ালের ক্রুদ্ধগর্জন), Neigh (গোড়ার হ্রেষা ধ্বনি), Roar (সিংহের গর্জন), Trumpet (হাতির ডাক), Moo (গরুর হাম্বা রব), Snarl (কুকুরের দাঁত খিচিয়ে ক্রুদ্ধ শব্দ), Howl (নেকড়ে/কুকুরের গর্জন)।

▶ **বিভিন্ন জিনিসের শেষাংশ/প্রথমাংশ**

Appendix (দলিলের শেষে অতিরিক্তভাবে সংযুক্ত অংশ), Glossary (পুস্তকের শেষে দুর্বোধ্য শব্দের ব্যাখ্যা সংবলিত তালিকা), Preface (পুস্তকের ভূমিকা), Codicil (সংযুক্ত উইল), Epilogue (গ্রন্থের উপসংহার/শেষ পরিচ্ছদ), Preamble (শাসনতন্ত্র/আইনের ভূমিকা), Prelude (নাটকের/সঙ্গীতের ভূমিকা স্বরূপ অংশ), Epilogue (গ্রন্থের উপসংহার/শেষ পরিচ্ছদ)।

▶ **বিভিন্ন জীব-জন্তুর বাচ্চা/শাবক**

Calf (গরু, হাতি, তিমির বাচ্চা), Chicken (হাঁস-মুরগির ছানা), Lamb (ভেড়ার বাচ্চা), Kid (ছাগল ছানা), Pullet (কুকুর ছানা)।

▶ **বিভিন্ন বিজ্ঞান**

Anthropology (নৃবিজ্ঞান), Archaeology (প্রত্নতত্ত্ববিদ্যা), Botany (উদ্ভিদবিদ্যা), Pharmacology (ঔষধসংক্রান্ত বিদ্যা), Astronomy (জ্যোতির্বিদ্যা), Biology (জীববিদ্যা), Cardiology (হৃদবিজ্ঞান), Psychology (মনোবিজ্ঞান), Calligraphy (সুন্দর হস্তাক্ষর বিদ্যা), Horticulture (উদ্যানবিদ্যা), Metallurgy (ধাতুবিদ্যা)।

▶ **বিভিন্ন পশুর গোস্ত**

Beef (গরুর গোস্ত), Pork (শূকরের গোস্ত), Veal (বাছুরের গোস্ত), Mutton (ভেড়ার গোস্ত), Venison (হরিণের গোস্ত)।

▶ **বিবিধ শব্দ**

Amphibian (উভচর জীব), Blizzard (প্রবল তুষার ঝড়), Decade (এক দশক), Dias (মঞ্চ), Embezzle (আত্মসাৎ করা), Glacier (হিমবাহ), Ladder (মই), Stanza (কবিতার স্তবক), Bucket (বালতি), Drought (অনাবৃষ্টি), Elegy (শোকসঙ্গীত), Quarry(পাথরের খনি), Recipe (খাদ্য/পানীয় প্রস্তুত প্রণালী), Rung (মইয়ের ধাপ), Oasis (মরূদ্যান), Usury (চড়া সুদ), Royalty (লেখক/উদ্ভাবককে তার বই/ উদ্ভাবনের জন্য দেয়া সম্মানী)।

বইঘর.কম

THE REAL TEST 44

BCS Preliminary Questions

01. Choose the pair of words that expresses a relationship similar to that of 'Harm : Damage'— ৩৫তম বিসিএস

উত্তর : খ

ক Sweet : Sour খ Injure : Incapacitate
গ Stout : Weak ঘ Hook : Crook

Hints : *Harm (ক্ষতি করা) Damage (ক্ষতি করা, ধ্বংস করা)। অর্থাৎ কাউকে ধ্বংস করার জন্য ক্ষতি করা হয়। Option গুলোর মধ্যে Sweet (মিষ্টি/মধুর) : Sour (টক), এরা বিপরীতার্থক; Injure (আঘাত করা, ক্ষত করা) : Incapacitate (অক্ষম করা, আঘাতের দ্বারা দুর্বল করা), অর্থাৎ কাউকে অক্ষম করার জন্য আঘাত করা হয়; Stout (অটল, শক্তিশালী) Weak (দুর্বল), এরা Antonymous এবং Hook (বাঁকানো, বক্র হওয়া) : Crook (বক্র করা বা হওয়া) এরা synonymous হলেও সম্পর্কগত দিক থেকে এক নয়। সুতরাং (খ) সঠিক উত্তর।*

02. Tiger : Zoology : : Mars : ৩৪তম বিসিএস

উত্তর : গ

ক Astrology খ Cryptology গ Astronomy ঘ Telescopy

Hints : *Tiger বা বাঘ হলো একটি প্রাণী এবং Zoology বা প্রাণিবিদ্যা হলো প্রাণী সম্পর্কিত বিদ্যা। তেমনি Mars বা মঙ্গলগ্রহ হলো একটি গ্রহের নাম এবং Astronomy বা জ্যোতির্বিদ্যা হলো গ্রহ-নক্ষত্রবিষয়ক বিদ্যা।*

03. Words : writer — ৩২তম বিসিএস

উত্তর : খ

ক Laws : policeman খ Batter : baker
গ Chalk : blackboard ঘ Joy : emotion

Hints : *Writer (লেখক) কাজ করে words (শব্দ) নিয়ে এবং Baker (রুটি প্রস্তুতকারক) কাজ করে batter (ময়দা, ডিম, দুধ ইত্যাদি একসঙ্গে মিশিয়ে তৈরিকৃত মণ্ড) নিয়ে।*

04. Patron : support — ৩২তম বিসিএস

উত্তর : গ

ক Spouse : divorce খ Artist : imitation
গ Counselor : advice ঘ Restaurant : customer

Hints : *Patron (পৃষ্ঠপোষক) support (সমর্থন) দেয়, Counselor (উপদেষ্টা) advice (উপদেশ) দেয়।*

05. Heart : human— ৩২তম বিসিএস

উত্তর : ঘ

ক Wall : brick খ Hand : child গ Kitchen : house ঘ Engine : car

Hints : *Human (মানুষ)-কে সচল রাখে heart (হৃৎপিণ্ড) এবং Car (গাড়ি)-কে সচল রাখে engine (ইঞ্জিন)।*

06. 'Sky' is to 'bird' as 'water' is to— ২৯তম বিসিএস

উত্তর : খ

ক feather খ fish গ boat ঘ lotus

Hints : *Bird (পাখি) sky (আকাশ)-এ বিচরণ করে। Fish (মাছ) water (পানি)-তে বিচরণ করে।*

07. 'Good' is to 'bad' as 'white' is to— ২৯তম বিসিএস

উত্তর : খ

ক dark খ black গ grey ঘ ebony

Hints : *Good (ভালো)-এর বিপরীত শব্দ bad (খারাপ)। White (সাদা)-এর বিপরীত শব্দ black (কালো)।*

www.boighar.com

08. 'Light' is to 'dark' as 'cold' is to— ২৯তম বিসিএস
ক hot খ heat গ cool ঘ winter উত্তর ক
Hints : *Light ও dark-এর মধ্যে বিপরীতার্থক সম্পর্ক বিরাজমান। Cold-এর বিপরীতার্থক শব্দ hot।*

09. Conscious ... Careless. ২৪তম (বাতিল) বিসিএস
ক Careful ... Indifferent খ Graceful ... Ugly উত্তর ক
গ Generous ... Unkind ঘ Well-informed ... Knowing little
Hints : *Conscious অর্থ সচেতন, Careless অর্থ অসচেতন। Careful—অর্থ যত্নশীল, Indifferent– অর্থ অনিহা, অমনোযোগী। Graceful— লাবণ্যময়, সুশ্রী, সুন্দর, অন্যদিকে, Ugly—কুৎসিত, কদাকার। Generous— উদার, সদাশয়, দয়ালু। Unkind— নির্দয়। Well-informed—ভালোভাবে জ্ঞাত। Knowing little— স্বল্প জ্ঞাত।*

10. **Submission — Yielding.** ২২তম বিসিএস
ক Subjection ... Liberation. খ Restrain ... Indulge. উত্তর গ
গ Compliant ... Acquiescent. ঘ Restriction ... Relaxation.
Hints : *Submission অর্থ হলো আনুগত্য, নম্রতা, আর Yielding অর্থ নম্র, বিনয়ী। Subjection পরাধীনতা, Liberation – মুক্তি, Restrain— দমন করা। Indulge–প্রশ্রয়। Compliant— রাজী, সম্মত, Acquiescent— সম্মতি, রাজী। Restriction—বাঁধা, নিষেধ, Relaxation—প্রশমন।*

11. **Vacillate ... Hesitate** ২২তম বিসিএস
ক Persevere ... Waiver খ Impulsive ... Deliberate উত্তর ঘ
গ Obstinate ... Accommodating ঘ Irresolute ... Indecisive.
Hints : *Vacillate অর্থ দ্বিধান্বিত হওয়া এবং Hesitate অর্থও ইতঃস্তত করা, Persevere— অধ্যবসায়ী হওয়া, Waiver—স্বত্বত্যাগ, দাবির পরিত্যাগ। Impulsive—আবেগ তাড়িত, Deliberate—সুচিন্তিত, ইচ্ছাকৃত। Obstinate— একগুয়ে, জেদি। Accommodating— অমায়িক। Irresolute—অস্থির চিত্ত, Indecisive— অস্থিরমতি।*

12. **Assert ... Dissent.** ২২তম বিসিএস
ক Affirm ... Object. খ Reject ... Disapprove. উত্তর ক
গ Acknowledge ... Recognize. ঘ Endorse ... Ratify.
Hints : *Assert অর্থ দাবি করা, দৃঢ়ভাবে ঘোষণা করা এবং Dissent অর্থ আপত্তি করা। Affirm— দৃঢ়ভাবে ঘোষণা করা, নিশ্চিত রূপে বলা। Object—আপত্তি করা। Reject— বাতিল করা। Disapprove—প্রত্যাখ্যান করা, বাতিল করা, অনুমোদন না করা। Acknowledge—স্বীকার করা। Recognize—স্বীকৃতি দেয়া। Endorse—অনুমোদন করা। Ratify— অনুমোদন করা ও দেয়া।*

13. **Distort ... Twist.** ২২তম বিসিএস
ক Straighten... Bend. খ Deform... Reform. গ Harmonize... Balance ঘ Observe... Blur. উত্তর গ
Hints : *Distort অর্থ বিকৃত করা এবং Twist অর্থ মোচড়ানো। Straighten— সোজা করা এবং Bend—বাঁকানো। Deform— বিকৃতকরণ, Reform— সংশোধন। Harmonize— সমন্বয় সাধন করা, খাপ খাওয়া, Balance—সদৃশ করা, ভারসাম্য অবস্থায় রাখা। Observe— পর্যবেক্ষণ করা, পালন করা, Blur— দুর্বোধ্য, অস্পষ্ট।*

14. **Eager .... Indifferent.** ২১তম বিসিএস
ক concerned.... careful খ anxious .... nervous উত্তর গ
গ enthusiastic .... halfhearted ঘ devoted .... dedicated

 বইঘর.কম

Hints :

Eager – উৎসাহী।
Indifferent –অনুৎসাহী। } *শব্দ দুটি পরস্পর বিরোধার্থক (Antonymous)*

Concerned – উদ্বিগ্ন; Careful– সচেতন।

Anxious – উদ্বিগ্ন; Nervous – সন্ত্রস্ত, ভীত।

Enthusiastic – উদ্যমী; Halfhearted –নিরুদ্যম।

Devoted – নিবেদিত; Dedicated – নিবেদিত, উৎসর্গীকৃত।

15. Lengthen .... Prolong ২১তম বিসিএস

ক stretch .... extend খ distance .... reduce
গ draw out .... shorten ঘ reach out .... cut short

উত্তর : ক

Hints :

Lengthen- দীর্ঘায়িত করা
Prolong- দীর্ঘায়িত করা } *এদের সম্পর্ক Synonymous।*

Stretch – প্রসারিত করা
Extend – প্রসারিত করা } *এদের সম্পর্ক Synonymous।*

Distance – দূরত্ব
Reduce –হ্রাস করা } *এদের সম্পর্ক Synonymous নয়।*

Draw out –টেনে বের করা; Shorten – খাটো বা ছোট করা।

Reach out – নাগালের বাইরে; Cut short – সংক্ষেপ করা, বাধা প্রদান।

16. Delay .... Retard ২১তম বিসিএস

ক postpone .... promote খ adjourn .... start
গ slow down .... hold up ঘ defer .... accelerate

উত্তর : ক

Hints :

Delay-দেরী করা/করানো
Retard-বিলম্বিত করা, প্রতিহত করা } *এদের সম্পর্ক Synonymous।*

Postpone-বাতিল করা, মুলতবি করা

Promote-প্রসারিত করা

Adjourn-স্থগিত করা

Start-শুরু করা

Slow down–গাড়ির গতি কমানো
Hold up–গতি রোধ করা } *এদের সম্পর্ক Synonymous।*

Defer-বিলম্বিত করা; Accelerate–ত্বরান্বিত করা।

17. Submissive .... Disobedient ২১তম বিসিএস

ক comply .... conform খ heed .... acquiesce
গ observe .... defy ঘ obey .... hearken to

উত্তর : ক

Hints :

Submissive –নম্র, বিনয়ী
Disobedient– অনম্র } *এদের সম্পর্ক Antonymous।*

Comply– মেনে নেয়া; Conform– খাপ খাওয়ানো, মেনে চলা।

Heed– কর্ণপাত করা, সাবধান হওয়া; Acquiesce– সমর্থন দেয়া, সায় দেয়া।

Observe– পালন করা
Defy– উপেক্ষা করা } *এদের সম্পর্ক Antonymous।*

Obey– মান্য করা, আনুগত্য করা; Hearken to– কর্ণপাত করা

www.boighar.com

18. CARPENTER : SAW

ক Stenographer: typewriter খ Painter : brush
গ Lawyer : brief ঘ Seamstress : scissors

Hints : *Carpenter (কাঠমিস্ত্রি) saw (করাত) দিয়ে কাঠ কাটে। তদ্রূপ Seamstress (মহিলা দর্জি) Scissors (কাঁচি) দিয়ে কাপড় কাটে।*

১৮তম বিসিএস
উত্তর ঘ

19. FIRE : ASHES

ক Accident : delay খ Water : waves গ Event : memories ঘ Wood : splinters

Hints : *অগ্নিকাণ্ডের ফলে থাকে Ashes (ছাই)। ঘটনা (event) ঘটার ফলে থাকে Memories (স্মৃতি)।*

১৮তম বিসিএস
উত্তর গ

20. STARE : GLANCE

ক gulp : sip খ confide : tell গ scorn : admire ঘ participate : observe

Hints : *Stare ও glance তাকানোর দুটি ধরন। Gulp (ঢক ঢক করে গেলা) ও Sip (চুমুক দিয়ে খাওয়া) পানি পানের দুটি ধরন।*

১৮তম বিসিএস
উত্তর ক

PSC & Other Exams' Questions

01. Choose the correct pair of words from the following : SYMPHONY : COMPOSER ::

ⓐ Leonardo : music ⓑ Fresco : painter
ⓒ Colours : pallet ⓓ Art : appreciation

Hints : *প্রদত্ত শব্দ জোড়ায় Symphony অর্থ ঐকতানসংগীত এবং Composer অর্থ সংগীত রচনাকারী। এখানে 'শিল্পকর্মের' সাথে 'শিল্পীর' সম্পর্ক বোঝায়। অপশনের শব্দ জোড়ার মধ্যে Fresco (দেয়ালচিত্র) ও Painter (চিত্রশিল্পী) দ্বারাও একই সম্পর্ক প্রকাশ করে। তাই সঠিক উত্তর অপশন (b) Fresco : Painter।*

বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (BPI)-এর সহকারী পরিচালক ২০২০
উত্তর খ

02. Which pair is the similar meaning of 'Distort : Twist'?

ক Harmonize : Balance খ Straighten : Bend
গ Deform : Reform ঘ Observe : Blur

Hints : *Distort—বিকৃত করা, বাঁকানো এবং Twist—মোচড়ানো। অপশনগুলোর মধ্যে ক. Harmonize—সমন্বয় সাধন করা, খাপ খাওয়া, Balance—ভারসাম্য অবস্থায় রাখা। খ. Straighten— সোজা করা, Bend—বাঁকানো। গ. Deform—বিকৃত করা, Reform—সংশোধন করা। ঘ. Observe—পর্যবেক্ষণ করা, পালন করা, Blur—অস্পষ্ট বা দুর্বোধ্য করা। সুতরাং Analogy-এর সম্পর্ক অনুযায়ী অপশন (ক) সঠিক।*

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (BBS) পরিসংখ্যান সহকারী ২০২০
উত্তর ক

03. Choose the correct pair of words from the following : SYMPHONY : COMPOSER : :

ক Leonardo : music খ Fresco : painter
গ Colours : pallet ঘ Art : appreciation

Hints : *প্রদত্ত শব্দ জোড়ায় Symphony অর্থ ঐকতানসংগীত এবং Composer অর্থ সংগীত রচনাকারী। এখানে 'শিল্পকর্মের' সাথে 'শিল্পীর' সম্পর্ক বোঝায়। অপশনের শব্দ জোড়ার মধ্যে Fresco (দেয়ালচিত্র) ও Painter (চিত্রশিল্পী) দ্বারাও একই সম্পর্ক প্রকাশ করে। তাই সঠিক উত্তর অপশন (খ) Fresco : Painter।*

বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (BPI)-এর সহকারী পরিচালক ২০২০
উত্তর খ

04. 'Trigger' is to 'Pistol' as 'Button' is to—

ক Cylinder খ Elevator গ Shutter ঘ Revolver
ঙ None of these

Hints : *Trigger (বন্দুকের ঘোড়া) চাপলে যেমন Pistol গতি পায় ঠিক তেমনি button চাপলে elevator (উত্তোলক যন্ত্র; লিফট) গতি পায়।*

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (DESCO)-এর অ্যাসিস্টেন্ট কমপ্লেইন্ট সুপারভাইজার ২০১৯
উত্তর খ

বইঘর.কম

05. 'Painter' is to 'Canvas' as 'Carpenter' is to—

ক Saw খ Wood গ Brick ঘ Chisel
ঙ None of these

Hints : *Painter (চিত্রশিল্পী) কাজ করে canvas (চিত্র আঁকার উপযুক্ত মোটা কাপড়)-এর উপর, ঠিক তেমনি Carpenter (কাঠমিস্ত্রী) কাজ কার wood (কাঠ)-এর উপর।*

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (DESCO)-এর অ্যাসিস্টেন্ট কমপ্লেইন্ট সুপারভাইজার ২০১৯
উত্তর : খ

06. CONSTITUTION : PREAMBLE

ক Prelude : Overture খ Opera : Music
গ Legislation : Assembly ঘ Book : Preface

Hints : *Constitution (সংবিধান)-এর ভূমিকাকে বলে Preamble। ঠিক তেমনি Book (বই)-এর ভূমিকাকে বলে Preface।*

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ ধাপ) ২০১৯
উত্তর : ঘ

07. AFTER : BEFORE

ক successor : predecessor খ first : second
গ contemporary : historic ঘ present : past

Hints : *After (পর) আর berofe (পূর্বে)-এর মাঝে পরে আগে সম্পর্ক বিদ্যমান। ঠিক তেমনি successor (উত্তরসূরি) আর predecessor (পূর্বসূরি) এর মাঝেও পরে আগে সম্পর্ক বিদ্যমান।*

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় ধাপ) ২০১৯
উত্তর : ক

08. Find the pair of words similar to <u>Hospital : Patient</u>.

ক Spouse : Divorce খ Artist : Imitation
গ Counselor : Advice ঘ Restaurant : Customer.

Hints : *Hospital-এ patient (রোগী)দের চিকিৎসা প্রদান করা হয় ঠিক তেমনি restaurant-এ customer (ক্রেতা) দের সেবা প্রদান করা হয়।*

পরিবার পরিকল্পনা অধি. পরিবার কল্যাণ পরিদর্শিকা ২০১৮
উত্তর : ঘ

09. Sky is to 'bird' as water is to—

ক boat খ fish গ ship ঘ lotus

Hints : *Bird-এর বিচরণ ক্ষেত্র sky এবং fish-এর বিচরণ ক্ষেত্র water।*

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইন্সট্রাক্টর (টিটিসি) ২০১৮
উত্তর : খ

10. Beautiful : ugly.

ক Eradicate : get rid of খ Joy : Sorrow
গ Joy : slim ঘ Conservative : tradition

Hints : *প্রদত্ত Analogy-তে beautiful এবং ugly দুটিই antonymous। এখানে (ক) Eradicate : get rid of অর্থ উচ্ছেদ করা : মুক্তি লাভ করা। (খ) আনন্দ : দুঃখ, (গ) আনন্দ : চিকন এবং (ঘ) রক্ষণশীল; ঐতিহ্য। চারটি অপশনের মধ্যে (খ) Joy : Sorrow হচ্ছে সঠিক।*

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৫
উত্তর : খ

11. Class : Student—

ক Team : Player খ Meeting : Teacher গ Common : Ordinry ঘ Bird : Beast

Hints : *Class Student-এর সম্পর্ক হলো Class গঠিত হয় Students নিয়ে। প্রদত্ত optionগুলোর মধ্যে Team গঠিত হয় Players নিয়ে। Meeting-এর সাথে teacher-এর উল্লেখযোগ্য সম্পর্ক নেই। Common এবং Ordinary শব্দদ্বয় Synonymous বা সমার্থক Bird এবং Beast (পশু) Antonymous বা বিপরীতার্থক। Analogy-এর সম্পর্ক হিসেবে সঠিক উত্তর (ক)।*

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০১৫
উত্তর : ক

12. Eager : Indifferent

ক Concerned : Careful খ Anxious : Nervous
ক Enthusiastic : Half-hearted ঘ Devoted : Dedicated

Hints : *প্রশ্নে প্রদত্ত শব্দজোড়ের অর্থ– আগ্রহী : উদাসীন। অপশনে প্রদত্ত অন্যান্য শব্দজোড়াগুলো যথাক্রমে Concerned Careful-সম্পর্কযুক্ত : সতর্ক, Anxious Nervous– চিন্তিত ভীত, Enthusiastic Half-hearted– উৎসাহী নিরুৎসাহ Dedicated Devoted– নিবেদিত উৎসর্গিত। প্রশ্নে প্রদত্ত শব্দ জোড়া বিপরীত অর্থ বহন করছে এবং option (গ) ও তাই করছে।*

স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৫
উত্তর : খ

www.boighar.com

13. Choose the incorrect analogy :

ক Fish : aquarium খ Man : burrow গ Eskimo : Igloo ঘ Dog : kennel

Hints : *প্রশ্নে উল্লিখিত চারটি Analogy—এর মধ্যে (ক) তে Fish বা মাছের আবাসস্থান Aquarium, (খ) তে man বা মানুষের আবাসস্থান burrow(গর্ত) নয়, (গ) Eskimoo (এক ধরনের উপজাতি) যাদের আবাসস্থল Igloo (বরফের ছোট ঘর) এবং (ঘ) Dog বা কুকুরের ঘর হচ্ছে kennel, চারটি analogies এর মধ্যে (ক), (গ) এবং (ঘ) এর মধ্যে common বিষয় হচ্ছে প্রত্যেক জীবের আবাসস্থান দেখানো হয়েছে কিন্তু একমাত্র (খ) তে অর্থাৎ man : burrow (গর্ত) তা অনুপস্থিত। সুতরাং সঠিক উত্তর (খ)।*

সাধারণ পুলের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার, উপসহকারী প্রকৌশলী, প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা ২০১৬
উত্তর খ

14. The relationship of 'envelope : letter' is equivalent to '— : —'.

ক scarf : hat খ box : bag গ blood : heart ঘ crate : product

Hints : *Envelope (খাম) এ চিঠি বহন করা হয় আর Crate (ঝুড়ি) এ Product।*

বাংলাদেশ ডাক বিভাগ (মেট্রোপলিটন সার্কেল) পরিদর্শক ২০১৬
উত্তর ঘ

15. Life : Death

ক Flower : Petals খ Honey : Poison গ Fruit : Jelly ঘ Sorrow : Distress

Hints : *এখানে জীবন ও মৃত্যু বিপরীত শব্দ। চারটি options-এর মধ্যে (ক) Flower অর্থ ফুল এবং Petals অর্থ পাপড়ি। (খ) Honey অর্থ মধু এবং Poison অর্থ বিষ। (গ) Fruit অর্থ ফল এবং Jelly অর্থ জমাট বাঁধা মিষ্টান্ন। (ঘ) Sorrow অর্থ দুঃখ এবং Distress অর্থ মর্মপীড়া। উপরোক্ত শব্দগুলোর মধ্যে একমাত্র (খ)-তে Honey এবং Poison বিপরীতার্থক শব্দ।*

মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অধীনে উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা ২০১৬
উত্তর খ

Govt. & Private Bank Questions

01. Which word does NOT match with other words?

ক Pharynx খ Bronchiole গ Auricle ঘ Alveoli

Hints : *অপশনে Pharynx অর্থ—গলবিল, Bronchiole অর্থ শ্বাসনালী এবং Alveoli অর্থ ফুসফুসের বায়ু থলি। এই তিনটি শব্দই শ্বসনতন্ত্রের সাথে সম্পর্কিত। এখানে একমাত্র ব্যতিক্রম শব্দ Auricle বা বহিঃকর্ণ।*

Sonali and Janata Bank Ltd. Officer (IT) 2020
উত্তর গ

02. Which one of the following words is an odd to the others?

ক Joey খ Filly গ Vixen ঘ Calf

Hints : *অপশনে joey অর্থ ক্যাঙ্গারু শাবক, filly অর্থ-শিশু ঘোটকী, vixen অর্থ-স্ত্রী শৃগাল এবং calf অর্থ-বাছুর। এখানে vixen ছাড়া সবগুলো শাবক বা শিশু বুঝায়।*

Sonali and Janata Bank Ltd. Officer IT 2020
উত্তর গ

03 Which one of the following pairs is similar in relationship to Hiss : Snake?

ক Notes : Music খ Splash : Water
গ Trumpet : Elephant ঘ Cat : Mew

Hints : *'Hiss' অর্থ সাপের মতো ফোঁস ফোঁস করা বা ফোঁসানো, তেমনি 'Trumpet' অর্থ হাতির উচ্চনাদ করা।*

Southeast Bank Ltd. Probationary Officer 2020
উত্তর গ

04. Reptile is to Lizard as Flower is to—

ক Petal খ Stem গ Alligator ঘ Daisy

Hints : *Lizard বা টিকটিকি হচ্ছে Reptile বা সরীসৃপ। তেমনি Daisy হচ্ছে এক ধরনের Flower (ফুল)।*

Southeast Bank Ltd. Probationary Officer 2020; Sadharon Bima Corporation Asst. Manager 2016
উত্তর ঘ

05. MONEY : PECULATION

ক Radiation : Bomb খ Writing : Plagiarism
গ Comment : Insult ঘ Bank : Cashier

Hints : *Money (টাকা) যেমন peculation (আত্মসাৎ) করা হয় ঠিক তেমনি writing (লেখনী) হয় plagiarism (রচনা চুরি, লেখা চুরি)।*

BSC (4 Govt. Banks) Senior Officer (General) 2019; Sonali Bank Ltd. Officer (Cash) 2018
উত্তর খ

বইঘর.কম

06. EXTORT : OBTAIN

ⓚ plagiarize : borrow ⓚ pilfer : steal
ⓖ explode : ignite ⓖ consider : appeal

Hints : *Extort অর্থ বলপ্রয়োগ, হুমকি বা ভয়ভীতির মাধ্যমে আদায় করা আর obtain অর্থ কোনো কিছু চেয়ে পাওয়া। ঠিক তেমনি plagiarize অর্থ অন্যের ভাব, শব্দ ইত্যাদি গ্রহণ করে নিজের বলে ব্যবহার করা আর borrow অর্থ ফেরত দেয়ার কথা বলে ধার করা।*

BSC (4 Govt. Banks) Senior Officer (General) 2019
উত্তর : ক

07. WAITRESS : RESTAURANT

ⓚ doctor : diagnosis ⓚ actor : role
ⓖ teacher : school ⓖ driver : truck

Hints : *Waitress (পরিচারিকা)-এর কর্মস্থল হলো restaurant (রেস্তোরাঁ) আর teacher (শিক্ষক)-এর কর্মস্থল হলো school (বিদ্যালয়)।*

BSC (4 Govt. Banks) Senior Officer (General) 2019
উত্তর : গ

08. EYES : TEARS

ⓚ Sea : Water ⓚ Volcano : Lava ⓖ Heart : Artery ⓖ Hunger : Bred

Hints : *Eyes (চোখ) থেকে tears (অশ্রু) নির্গত হয় আর volcano (আগ্নেয়গিরি) থেকে নির্গত হয় lava (আগ্নেয়গিরি থেকে উত্থিত উত্তপ্ত গলিত পদার্থ)।*

BSC (4 Govt. Banks) Senior Officer (General) 2019 Sonali Bank Ltd. Officer (Cash) 2018
উত্তর : খ

09. MEDICINE : ILLNESS

ⓚ hunger : thirst ⓚ etiquette : discipline
ⓖ love : treason ⓖ law : anarchy

Hints : *Medicine (ওষুধ) যেমন illness (পীড়া) নিরাময় করে তেমনি law (আইন) anarchy (অরাজকতা) দূর করে।*

BSC (4 Govt. Banks) Senior Officer (General) 2019
উত্তর : ঘ

10. INSULT : HUMILIATE—

ⓚ Dog : Bark ⓚ Shoot : Kill ⓖ Injury : Purgent ⓖ Abuse : Happy

Hints : *Insult (অপমান; অবমাননা)-এর উদ্দেশ্যে humiliate (হেয় করা; খাটো করা) করা হয় ঠিক তেমনি Kill (হত্যা করা)-এর উদ্দেশ্যে shoot (গুলি ছোঁড়া হয়) করা হয়।*

Sonali Bank Ltd. Officer [Freedom Fighter] 2019 Sonali Bank Ltd. Officer (Cash) 2018
উত্তর : খ

11. ARENA : CONFLICT—

ⓚ Mirage : Reality ⓚ Asylum : Pursuit
ⓖ Utopia : Place ⓖ Forum : Discussion

Hints : *Conflict (সংঘাত; যুদ্ধ)-এর স্থান হলো arena (রণভূমি; মল্লক্ষেত্র) আর discussion (আলোচনা)-এর স্থান হলো forum (প্রকাশ্য আলোচনাস্থল)।*

Sonali Bank Ltd. Officer [Freedom Fighter] 2019
উত্তর : ঘ

12. FANS : BLEACHERS—

ⓚ Team : Goalposts ⓚ Conductor : Podium
ⓖ Audience : Seats ⓖ Referee : Decisic

Hints : *Fans (গোঁড়াভক্ত; অনুরাগী) দের বসার আসনকে বলে bleachers (মুক্তস্থানে দর্শকদের উপবেশনের জন্য সাদামাটা আসন) ঠিক তেমনি audience (শ্রোতৃমণ্ডলী)-এর বসার আসনকে বলে seats (আসন, সিট)।*

Sonali Bank Ltd. Officer [Freedom Fighter] 2019
উত্তর : গ

13. LAWN : GRASS—

ⓚ Pelt : Fur ⓚ Rice : Farm
ⓖ Skin : Goat ⓖ Wool : Sheep

Hints : *Grass (ঘাস) দিয়ে আবৃত থাকে lawn (ছাঁটা ঘাসে ঢাকা জমি) ঠিক তেমনি fur (পশম) সমৃদ্ধ চামড়াকে বলে pelt (ফার ও পশম সমৃদ্ধ পশুর চামড়া)।*

Sonali Bank Ltd. Officer [Freedom Fighter] 2019
উত্তর : ক

www.boighar.com

Boighar.com

14. Which one of the following pairs is similar in relationship to ANARCHY : GOVERNMENT?

Islami Bank Ltd. Probationary Officer 2019
উত্তর ঘ

ⓚ MONARCHY : REPUBLIC ⓚ CHAOS : DISORDER
ⓖ VERBOSITY : WORDS ⓖ PENURY : WEALTH

Hints : *Government-এর অভাবে যেমন anarchy (অরাজকতা; নৈরাজ্য) আসে ঠিক তেমন wealth (সম্পদ)-এর অভাবে penury (দারিদ্র্য, অভাব) আসে।*

15. If Asylum : Shelter then—

BB Asst. Director 2018
উত্তর গ

ⓚ Hospice : Exile ⓚ Harbour : Concealment
ⓖ Stronghold : Defense ⓖ Palisade : Display

Hints : *Asylum (আশ্রয়)-এর উদ্দেশ্য হচ্ছে shelter (মাথা গোঁজার ঠাই) দেয়া ঠিক তেমনি stronghold (দুর্গ, সংরক্ষিত স্থান)-এর বৈশিষ্ট্য হলো defense (প্রতিরক্ষা) দেয়া।*

16. ARTICULATE : UNCLEAR

BSC Senior Officer (3 Banks) 2018
উত্তর খ

ⓚ Explain : Lucid ⓚ Elaborate : Sketchy
ⓖ Grieve : Somber ⓖ Assign : Agile

Hints : *Articulate (স্পষ্টভাবে কথা বলা) অর্থ unclear (অস্পষ্ট) কথা বলা নয়, ঠিক তেমনিভাবে elaborate (বিস্তারিত করা) অর্থ sketchy (খসড়া, সংক্ষিপ্ত) নয়।*

17. QUARRY : MARBLE

BSC Senior Officer (3 Banks) 2018
উত্তর গ

ⓚ Metal : Silver ⓚ Ore : Gold ⓖ Mine : Coal ⓖ None of these

Hints : *Quarry (পাথর কুড়ানোর স্থান, খনি) থেকে marble (একধরনের পাথর) পাওয়া যায় আর Mine (খনি) থেকে পাওয়া যায় coal (কয়লা)।*

18. HARM : DAMAGE

BSC Senior Officer (3 Banks) 2018; Probashi Kallyan Bank Senior Executive Officer (Cash) 2018
উত্তর ঘ

ⓚ Sweet : Sour ⓚ Stout : weak ⓖ Hook : Crook ⓖ Injure : Incapacitate

Hints : *Harm অর্থ ক্ষতি করা আর damage অর্থ ক্ষতি/অনিষ্ট করা পরস্পর সমার্থক শব্দ। একইভাবে injure এবং incapacitate উভয় শব্দের অর্থই শক্তি হরণ করা বা অনিষ্ট করা।*

19. HACK : CARVE

BSC Senior Officer (3 Banks) 2018
উত্তর ক

ⓚ Gouge : Engrave ⓚ Snip : Mince
ⓖ Hew : Fell ⓖ Grind : Polish

Hints : *Hack (ধাতু কাটার যন্ত্রবিশেষ) যেমন carve (খোদাই করা) করার যন্ত্র, ঠিক তেমনি gouge (এক ধরনের বাটালি বিশেষ) হলো engrave (খোদাই করা) করার যন্ত্র।*

20. VINDICTIVE : MERCY

BSC Senior Officer (3 Banks) 2018; Investment Corporation of Bangladesh Asst. Programmer 2017
উত্তর ঘ

ⓚ Insightful : Hope ⓚ Modest : Dignity
ⓖ Avaricious : Greed ⓖ Skeptical : Credulity

Hints : *Mercy (ক্ষমা, করুণা) বিহীন আচরণ হলো vindictive ক্ষমাহীন, প্রতিহিংসাপরায়ণ এবং credulity (বিশ্বাসপ্রবণতা) বিহীন আচরণ হলো skeptical (অবিশ্বাসী, সন্দেহপ্রবণ)।*

21. If Elucidate : Clarity then—

BSC Officer (5 Banks) 2018
উত্তর খ

ⓚ Mystify : Enlightenment ⓚ Illuminate : Light
ⓖ Aggravate : Problem ⓖ Conceal : Oblivion

Hints : *Clarity (পরিষ্কার ভাব; স্পষ্টতা)-এর জন্য elucidate (ব্যাখ্যা করা) করতে হয় ঠিক তেমনি light (আলো)-এর জন্য illuminate (আলোকিত করা) করতে হয়।*

www.boighar.com

বইঘর.কম

22. NATURAL : SYNTHETIC

ক Cotton : wool খ Fragrance : perfume
গ Boast : Humble ঘ None of these

Hints : *Natural (প্রাকৃতিক) এবং synthetic (কৃত্রিম) একে অপরের বিপরীত শব্দ জোড়া ঠিক তেমনি boast অর্থ অহংকার করা, দম্ভ করা আর humble অর্থ হতগর্ভ/নতজানু করা, দর্পচূর্ণ করা যারা একে অপরের বিপরীত।*

Sonali Bank Ltd. Officer (Cash) 2018 উত্তর খ

23. Wood : Sand

ক metal : burnish খ coal : burn গ brick : lay ঘ oil : polish

Hints : *Sand (বালি) দিয়ে ঘষে যেমন wood মসৃণ করা হয় ঠিক তেমনি burnish দিয়ে metal উজ্জ্বল করা হয়।*

Probashi Kallyan Bank Senior Executive Officer (Cash) 2018 উত্তর ক

24. Yolk : Egg

ক nucleus : cell খ duck : fowl
গ web : spider ঘ rind : melon

Hints : *Egg-এর ভিতর থাকে yolk (কুসুম) এবং cell-এর ভিতর থাকে nucleus (কোষকেন্দ্রক)।*

Probashi Kallyan Bank Senior Executive Officer (Cash) 2018 উত্তর ক

25. PLUMMET : FALL : :

ক radiate : glow খ converge : attract গ flounder : move ঘ swerve : turn

ক maximize খ recombinant গ necessitate ঘ reiterate
Hints : *অপশনগুলোতে maximize অর্থ বর্ধিত করা, recombinant অর্থ পুনঃসন্নিবেশন, necessitate অর্থ আবশ্যিক করে তোলা এবং reiterate অর্থ পুনর্ব্যক্ত করা। 'একটি বিলাসবহুল গাড়ি ব্যবহারের সক্ষমতা তার একটি ভালো বেতনের চাকরি পাওয়াকে অপরিহার্য করে তুলবে।' অর্থে প্রদত্ত বাক্যের শূন্যস্থানে necessitate হবে।*

বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (BPI)-এর সহকারী পরিচালক ২০২০
উত্তর : গ

09. Adhere
ক অভিনয় করা খ জেগে থাকা গ লেগে থাকা ঘ পরিশ্রম করা
Hints : *Adhere শব্দের অর্থ লেগে থাকা, সেঁটে থাকা। অন্য অপশনগুলোর মধ্যে 'অভিনয় করা'র ইংরেজি— Act, 'জেগে থাকা'-এর ইংরেজি Awake এবং 'পরিশ্রম করা'-এর ইংরেজি— Work।*

সুন্দরবন গ্যাস কোম্পানি লি. অ্যাসিস্টেন্ট কো-অর্ডিনেশন অফিসার (লজিস্টিক/ জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন) ২০২০
উত্তর : গ

10. Oppress
ক ঘোলাটে খ নিপীড়ন গ মিথ্যা ঘ মারাত্মক
Hints : *Oppress শব্দের অর্থ 'নিপীড়ন'। অন্য অপশনগুলোর মধ্যে ঘোলাটের ইংরেজি Turbid, মিথ্যা— Lie এবং মারাত্মক— Terrific।*

সুন্দরবন গ্যাস কোম্পানি লি. অ্যাসিস্টেন্ট কো-অর্ডিনেশন অফিসার (লজিস্টিক/ জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন) ২০২০
উত্তর : খ

11. Concise
ক সামঞ্জস্যপূর্ণ খ সংক্ষিপ্ত গ সাধনা ঘ স্বাদহীন
Hints : *Concise শব্দের অর্থ সংক্ষিপ্ত। অন্য অপশনগুলোর মধ্যে সামঞ্জস্যপূর্ণ— Consistent, সাধনা—Worship বা Adoration এবং স্বাদহীন— Tasteless বা Insipid।*

সুন্দরবন গ্যাস কোম্পানি লি. অ্যাসিস্টেন্ট কো-অর্ডিনেশন অফিসার (লজিস্টিক/ জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন) ২০২০
উত্তর : খ

12. It is certain that human beings— latent power of which they are only vaguely aware.
ক exhibit খ possess গ knowledge ঘ impose
Hints : *Possess (অধিকার করা) শূন্যস্থানে verb হিসেবে বসলে বাক্যটি অর্থপূর্ণ হবে। বাক্যটির অর্থ– এটা নিশ্চিত যে মানুষ সুপ্ত ক্ষমতা রাখে, যার ব্যাপারে তারা শুধু ভাসাভাসাভাবে সচেতন। অন্যদিকে exhibit– প্রদর্শন করা, knowledge– জ্ঞান, impose– আরোপ করা।*

জীবন বীমা করপোরেশনের সহকারী ব্যবস্থাপক ২০২০
উত্তর : খ

13. Ocean currents play a— role in setting long-term climate—.
ক vital... date খ important.... variations
গ major..... patterns ঘ unusual.... changes
Hints : *Climate (জলবায়ু)-এর (ক)-তে প্রদত্ত date বা (খ)-তে প্রদত্ত variations হয় না বরং সাথে variability হয়। তাই (ক) ও (খ) ভুল। আবার অপশন (ঘ)ও ভুল; কারণ climate change (জলবায়ু পরিবর্তন) একটি uncount noun এবং একটি term 'climate'-যার সাথে 'pattern' বসতে পারে। তাই সঠিক উত্তর (গ)।*

জীবন বীমা করপোরেশনের সহকারী ব্যবস্থাপক ২০২০
উত্তর : গ

www.boighar.com

14. How many paras are in the paragraph?

ক One খ Two
গ Three ঘ Four

Hints : *একটি paragraph-এ মাত্র একটি para থাকে। কোনো paragraph-এ একাধিক para করা ভুল।*

প্রাণিসম্পদ অধিদপ্তরের ডিএফএ/একএ (এ/আই)/কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান ২০২০
উত্তর : ক

15. Public— of the company's poor financial state could have a very— impact on its share price.

ক enclosure– adverse খ disclaimer–favorable
গ exposure– benign ঘ reversal– clement
ঙ disclosure– detrimental

Hints : *Disclosure অর্থ দৃষ্টিগোচরকরণ বা প্রকাশ এবং detrimental অর্থ ক্ষতিকর। এ শব্দ দুটি শূন্যস্থানে বসালে Sentence টির অর্থ দাঁড়ায়– কোম্পানির অর্থনৈতিক দুরবস্থা জনসম্মুখে প্রকাশ শেয়ার মূল্যের উপর খুব ক্ষতিকর প্রভাব ফেলতে পারত।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের অধীন অডিটর ২০১৯
উত্তর : ঙ

16. If every move you make is being— liberty is—.

ক chronicled–curtailed খ preempted–buoyant
গ obstructed–feted ঘ observed–eminent
ঙ pragmatic–abridged

Hints : *শূন্যস্থানে chronicled এবং curtailed বসবে কারণ শব্দ দুটি ব্যবহার করলে বাক্যটি অর্থপূর্ণ হয়। Chronicle অর্থ ঘটনাপঞ্জিতে লিপিবদ্ধ করা আর curtail অর্থ সংকুচিত হওয়া। বাক্যটির বাংলা : যদি তোমার নেয়া প্রতিটি পদক্ষেপ তুমি ঘটনাপঞ্জিতে লিপিবদ্ধ করতে থাকো তাহলে স্বাধীনতা খর্বিত হবে।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের অধীন অডিটর ২০১৯
উত্তর : ক

17. Amidst all the —, I could hardly — what he was saying.

ক upheaval–encode খ uproar–dissolve
গ commotion–discern ঘ racket–divulge ঙ hush–decipher

Hints : *Commotion (হৈচৈ, উত্তেজনা) এবং discern (শুনতে পাওয়া, উপলব্ধি করা) শব্দদ্বয় ব্যবহার করলে এটি অর্থপূর্ণ হবে। শব্দদ্বয় যোগে বাক্যটির বাংলা : সকল হৈচৈ এর মাঝে সে কী বলছিল তা আমি বুঝতে পারছিলাম না বললেই চলে।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের অধীন অডিটর ২০১৯
উত্তর : গ

18. The— gained further— after the leader of the rebel group was arrested.

ক insurgency-momentum খ revolt–magnanimity
গ hiatus– magnitude ঘ upheaval–infirmity
ঙ accord–gravity

Hints : *নেতা গ্রেফতারের পর সাধারণত আন্দোলন বেগবান হয়। তাই শূন্যস্থানে insurgency (বিদ্রোহ) এবং momentum (গতির মধ্য দিয়ে লব্ধ গতিশক্তি; গতিবেগ) বসবে।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের অধীন অডিটর ২০১৯
উত্তর : ক

19. His inability to resolve the long-standing— put him in a state of— .

ক impasse–euphoria খ dilemma–distress
গ dissonance–affluence ঘ consonance–dismay
ঙ cadence–disarray

Hints : *Blank গুলোতে dilemma এবং distress শব্দদ্বয় বসবে। Dilemma অর্থ উভয়সংকট আর distress অর্থ বেদনা। শব্দদ্বয় যোগে বাক্যটির বাংলা : দীর্ঘমেয়াদি সংকটের সমাধান করার ব্যর্থতা তাকে নিদারুণ বেদনার মাঝে নিমোজ্জিত করেছিল।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের অধীন অডিটর ২০১৯
উত্তর : খ

বইঘর.কম

20. Select the right word to complete the sentence : Doctors — our pulse.

ক See খ Examine
গ Verify ঘ Feel

Hints : *Pulse (নাড়ীর স্পন্দন) অনুভব করতে হয়। তাই শূন্যস্থানে feel বসবে। Feel যোগে বাক্যের বাংলা : ডাক্তাররা আমাদের নাড়ীর স্পন্দন অনুভব করেন।*

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ২০১৯
উত্তর : খ

21. Which one is not a flower?

ক Magnolia খ Cosmos
গ Lily ঘ Cosmic

Hints : *Magnolia, cosmos এবং lily হলো ফুলের নাম কিন্তু cosmic ফুলের নাম নয়। Cosmic শব্দটির অর্থ বিশ্বব্রহ্মাণ্ড সম্পর্কিত।*

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৯
উত্তর : ঘ

22. The letter to a friend ends with —.

ক Affectionately yours খ Yours affectionately
গ Ever yours ঘ Faithfully yours

Hints : *বন্ধুর কাছে চিঠির সমাপ্তিতে লেখা হয় Ever yours বা Yours ever।*

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর ২০১৯
উত্তর : গ

23. To express ownership we use — after a word.

ক coma খ apostrophe
গ colon ঘ semicolon

Hints : *মালিকানা (ownership) প্রকাশ করার জন্য word-এর পর আমরা apostrophe ব্যবহার করি। যেমন Rahim's bicycle (রহিমের বাইসাইকেল)।*

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর ২০১৯
উত্তর : খ

24. The economic offences wing of the police force is continuing its search for the — directors of Home Trade.

ক laxing খ chief
গ adoring ঘ absconding
ঙ None

Hints : *Absconding (পালানো) শব্দটি বাক্যে ব্যবহার করলে বাক্যটি অর্থপূর্ণ হয়। Absconding যোগে বাক্যটির বাংলা : পুলিশ বাহিনীর অর্থনৈতিক অপরাধ শাখা দেশীয় বাণিজ্যের পালানো পরিচালকগণের সন্ধান চালিয়ে যাচ্ছে।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯
উত্তর : ঘ

25. Trends are — by the time you've identified something, it's gone or changed out of all recognition.

ক immutable খ ephemeral
গ indestructible ঘ persistent
ঙ None

Hints : *বাক্যকে সঠিক অর্থ প্রদানের জন্য বাক্যে ephemeral শব্দটি বসবে। Ephemeral শব্দটির অর্থ স্বল্পকাল স্থায়ী। Ephemeral শব্দটি বসিয়ে বাক্যটির বাংলা : প্রবণতাগুলো ক্ষণস্থায়ী; যেই মুহূর্তে তুমি কিছু চিহ্নিত করবে সেই মুহূর্তে এটা হারিয়ে যায় বা শনাক্তকরণ সকল কিছু পরিবর্তন হয়ে যায়।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯
উত্তর : খ

26. Years later, the two women meet at their college and find that they have a natural — for one another.

ক affinity খ fragile
গ warrant ঘ conceal
ঙ None

Hints : *Affinity for অর্থ ঘনিষ্ঠ সম্বন্ধ। Affinity যোগে বাক্যটির বাংলা : অনেক বছর পর দুই মহিলা তাদের কলেজে সাক্ষাত করে এবং দেখে যে, তাদের একে অপরের সাথে ঘনিষ্ঠ মিল রয়েছে।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯
উত্তর : ক

www.boighar.com

27. You should always choose a career that — your interest.

ক piques খ picks গ peaks ঘ peeks
ঙ pecks

Hints : *Pique one's interest অর্থ কারো ঔৎসুক্য জাগিয়ে তোলা। Piques যোগে বাক্যটির বাংলা : তোমার সর্বদা সেই পেশা বেছে নেয়া উচিত যে পেশা তোমার আগ্রহকে জাগিয়ে তোলে।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯
উত্তর : ক

28. A hawk is—

ক an animal খ a reptile
গ an insect ঘ a bird

Hints : *Hawk (বাজপাখি) হলো একটি পাখি (bird)।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯
উত্তর : ঘ

29. Contact lenses are worn in one's —

ক shoes খ clothes
গ cameras ঘ eyes

Hints : *Contact lenses হলো দৃষ্টিশক্তি বাড়ানোর জন্য অক্ষিগোলকের উপর স্থাপিত প্লাস্টিক নির্মিত লেন্স। সুতরাং Contact lenses চোখে পড়া হয়।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯
উত্তর : ঘ

30. The — of radium brought much fame to Madame Curie.

ক detection খ discovery
গ invention ঘ use

Hints : *শূন্যস্থানে discovery বসবে কেননা শব্দটির অর্থ অস্তিত্ববান কিন্তু অজানা কোনো জ্ঞানের মধ্যে আনা। Radium-এর অস্তিত্ব ছিল কিন্তু Madame Curie শুধু আবিষ্কার করেছে। তাই discovery হবে সঠিক option।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯
উত্তর : খ

31. The medicine — my headache.

ক cured খ released গ saved ঘ relieved

Hints : *বাক্যকে সঠিক অর্থ প্রদানের জন্য শূন্যস্থানে relieved বসবে। কেননা relieve অর্থ (কষ্ট, বেদনা, দুশ্চিন্তা ইত্যাদি) লাঘব করা।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯
উত্তর : ঘ

32. A liar is — by all.

ক admired খ disgraced
গ hated ঘ praised

Hints : *বাক্যটিকে সঠিক অর্থ প্রদানের জন্য শূন্যস্থানে hated বসবে।*

তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ২০১৯
উত্তর : গ

33. Does anyone honestly ..... what a politician says nowadays?

ক discover খ believe
গ think ঘ realize

Hints : *বাক্যকে সঠিক অর্থ দেয়ার জন্য believe বসবে। Believe যোগে বাক্যটির বাংলা : একজন রাজনীতিবিদ আজকাল যা বলে কেহ কি তা সত্যি বলতে বিশ্বাস করে?*

তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ২০১৯
উত্তর : খ

34. These will — some rainfall later this morning.

ক bear খ carry গ produce ঘ present

Hints : *Produce অর্থ হাজির করা, সৃষ্টি করা, ঘটানো। আর rainfall এর সাথে produce শব্দটি যায়। সুতরাং শূন্যস্থানে produce বসবে।*

তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ২০১৯
উত্তর : গ

 বইঘর.কম

35. During our walk along the beach we noticed the shifting reflections on the— surface of the water.

ক unflinching খ undiscriminatory
গ undulating ঘ unfaltering

Hints : *শূন্যস্থানে Undulating বসবে কারণ Undulating surface অর্থ তরঙ্গের ন্যায় উঁচু নিচু পৃষ্ঠতল।*

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক ২০১৯
উত্তর : গ

36. There is deadline, I'm afraid so you must not —.

ক dither খ doodle গ dabble ঘ diddle

Hints : *Dither শূন্যস্থানে বসবে। Dither অর্থ কোনো কিছু নিয়ে সিদ্ধান্তহীনতায় ভোগা। তাছাড়া doodle অর্থ অন্য মনস্কভাবে হিজিবিজি কাটা, dabble অর্থ পানি ছিটানো আর diddle অর্থ প্রতারণা করা।*

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক ২০১৯
উত্তর : ক

37. If you want to follow your argument, I suggest you use less— words.

ক conspicuous খ complicated
গ confused ঘ concerned

Hints : *Less complicated words অর্থ– কম দুর্বোধ্য শব্দ। বাক্যটির যথাযথ অর্থ প্রদানের জন্য complicated শব্দটি বসাতে হবে।*

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক ২০১৯
উত্তর : খ

38. If it is a genuine picture, it is—.

ক perfect খ false গ real ঘ copied

Hints : *যদি এটি genuine (আসল) ছবি হয় তাহলে এটি–, অর্থাৎ বাক্যের অর্থানুসারে বোঝা যাচ্ছে যে বাক্যটিতে real (অকৃত্রিম; নির্ভেজাল) শব্দটি বসবে।*

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক ২০১৯
উত্তর : গ

39. I believe we meet for lunch in an expensive restaurant and you— the priciest item on the menu.

ক opted খ choose গ tested ঘ entered

Hints : *Choose বসালে বাক্যটি সঠিক হবে কারণ Choose অর্থ কেউ যা চায় তাই বেছে নেয়া বা পছন্দ করা।*

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক ২০১৯
উত্তর : খ

40. At the — of the crime, police officers interviewed eye witnessed.

ক seen খ seem গ scenic ঘ scene

Hints : *Scene শব্দটির অর্থ ঘটনাস্থল। Scene যোগে বাক্যটির বাংলা : অপরাধ সংঘটনের স্থানে পুলিশ অফিসাররা প্রত্যক্ষদর্শীদেরকে জেরা করলেন।*

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক ২০১৯
উত্তর : ঘ

41. — of the canola fields in the prairies made the whole world look like a golden blanket.

ক Roams খ Rose গ Rows ঘ Raids

Hints : *বাক্যটিকে যথাযথ অর্থ প্রদানের জন্য rows (সারি; এক লাইনে সারিবদ্ধ ব্যক্তি বা বস্তুসমূহ) শব্দটি বসবে।*

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক ২০১৯
উত্তর : গ

42. His speech was articulate and I asked him to— his ideas.

ক make bigger খ spread out গ expand on ঘ clear out

Hints : *Expand on something অর্থ কোনো কিছু সম্পর্কে আরও কিছু বলা বা কোনো কিছু আরও বিস্তারিত করা। Expand on যোগে বাক্যটির বাংলা তার বক্তব্য ছিল স্পষ্ট এবং আমি তাকে তার ধারণাগুলো আরও বিস্তারিত করতে বললাম।*

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক ২০১৯
উত্তর : গ

www.boighar.com

43. He brought ruin upon himself by — office funds.

ক embezzling খ embellishing গ plagiarzing ঘ polarizing
ঙ reimbursing

Hints : *Embezzling শূন্যস্থানে বসবে কেননা Embezzle অর্থ (কারো জিম্মায় রক্ষিত থাকা) আত্মসাৎ করা। Embezzling যোগে বাক্যটির বাংলা অফিস তহবিল আত্মসাৎ করে সে নিজেই নিজের ধ্বংস ডেকে নিয়ে আসলো।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের জুনিয়র অডিটর ২০১৯
উত্তর ক

44. If you didn't — so much, you would get more work done.

ক procrastinate খ ameliorate গ enervate ঘ intercede
ঙ precipitate

Hints : *শূন্যস্থানে procrastinate বসবে কারণ শব্দটির অর্থ কালক্ষেপণ/ দীর্ঘসূত্রতা/গড়িমসি করা। Procrastinate যোগে বাক্যের অর্থ : তুমি যদি এতো বেশি গড়িমসি/ কালক্ষেপণ না করতে তাহলে আরও বেশি কাজ করিয়ে নিতে পারতে।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের জুনিয়র অডিটর ২০১৯
উত্তর ক

45. The manager sternly — us for submitting work of inferior quality.

ক recognized খ redeemed গ reverberated ঘ reprimanded
ঙ reverted

Hints : *For submitting work of inferior quality (নিম্নমানের কাজ পেশ করার জন্য) থাকাতে বোঝা যায় খারাপ কাজের জন্য অবশ্যই তিরস্কার বা শাস্তি প্রদান করবেন। সুতরাং শূন্যস্থানে reprimanded (কাঠোর তিরস্কার করা) বসবে। তাছাড়া recognize অর্থ চিনতে পারা, redeem অর্থ ক্ষতিপূরণ করা, প্রায়শ্চিত্ত করা, reverberate অর্থ বারবার প্রতিধ্বনিত হওয়া এবং revert অর্থ প্রত্যাবর্তন করা।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের জুনিয়র অডিটর ২০১৯
উত্তর খ

46. Marketers often — illusory stories to get more products sold.

ক segregate খ fabricate গ venerate ঘ permeate
ঙ exhilarate

Hints : *Fabricate something অর্থ মিথ্যা কিছু উদ্ভাবন করা বা রচনা করা। Fabricate বসিয়ে বাক্যের বাংলা; বিপণনকারীরা মাঝেমাঝে অধিক পণ্য বিক্রয়ের জন্য অলীক গল্প নির্মাণ করে। তাছাড়া segregate অর্থ পৃথক করা, venerate অর্থ শ্রদ্ধা করা, permeate অর্থ প্রবেশ করানো বা প্রভাবিত করা আর exhilarate অর্থ উল্লসিত করা।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের জুনিয়র অডিটর ২০১৯
উত্তর খ

47. Following his illness, he was kept under close — for a week.

ক turbulence খ surveillance গ severance ঘ perusal
ঙ exigence

Hints : *শূন্যস্থানে surveillance বসবে কেননা surveillance অর্থ নজরদারি, পাহারা, ভালোভাবে দেখাশুনার কাজ। Surveillance যোগে বাক্যের অর্থ: তার অসুস্থতার পর তাকে এক সপ্তাহ কড়া নজরদারির মধ্যে রাখা হলো।*

48. The technological revolutions of the 21st century — from entirely new sectors, based on micro-processors, tele-communications, bio-technology/and nano-technology. However, the most remarkable breakthroughs will come from the interaction of insights and applications arising when these technologies—

ক are emerging — converse খ emerging — conversing
গ are emerging — converge ঘ are emerging — converging
ঙ emerges — converges

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB)-এর সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৯
উত্তর গ

 বইঘর.কম

Hints : *চলমান ঘটনা বোঝাতে প্রথম clauseটি present continuous tense-এ হবে এবং সাধারণ ঘটনা বোঝাতে বাক্যের শেষে when দ্বারা যুক্ত clause টি present indefinite tense-এ হবে। সুতরাং শূন্যস্থানে are emerging (উদ্ভূত হচ্ছে) এবং converge (একই বিন্দু অভিমুখী হওয়া) বসবে।*

49. Unfortunately, trade unions and organizations of various denominations have failed to realize that — understanding; positive attitude and constructive approach are basic requirements to make unions work along — lines.

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB)-এর সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৯
উত্তর খ

ⓚ compromised, true ⓚ mutual, sound
ⓖ general, deviated ⓖ cooperative, better
ⓓ None

Hints : *শূন্যস্থানে mutual এবং sound বসবে বাক্যটিকে যথাযথ অর্থ প্রদানের জন্য। Mutual এবং sound বসিয়ে বাক্যটির বাংলা : দুর্ভাগ্যবশত বিভিন্ন নিয়ন্ত্রণ আওতাধীন শ্রমিক ইউনিয়ন এবং সংগঠনসমূহ অনুধাবন করতে ব্যর্থ হয়েছে যে, ইউনিয়নগুলোকে সঠিক পন্থায় কাজ করিয়ে নেয়ার মৌলিক শর্তগুলো পারস্পরিক বোঝাপড়া, ইতিবাচক দৃষ্টিভঙ্গি এবং গঠনমূলক সুসম্পর্ক স্থাপন।*

50. The Athenians on the whole were peaceful and prosperous; they had — to sit at home and think about the universe and dispute with Socrates, or to travel abroad and — the world.

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB)-এর সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৯
উত্তর ক

ⓚ leisure, explore ⓚ time, ignore
ⓖ ability, suffer ⓖ temerity, understand
ⓓ None

Hints : *বাক্যটি পড়লে বোঝা যায় যে, শূন্যস্থানে leisure এবং explore বসবে। Leisure (অবসর সময়) এবং explore (অনুসন্ধান করা) যোগে বাক্যটির বাংলা : এথেন্সবাসী সর্বাগ্রে ছিল শান্তিপ্রিয় এবং সমৃদ্ধশীল; আরামে বসে থাকার, মহাবিশ্ব নিয়ে ভাবার, সক্রেটিস নিয়ে বিতর্ক করার, বিশ্বভ্রমণ এবং মহাবিশ্ব নিয়ে গবেষণা করার মতো তাদের হাতে অবসর সময় ছিল।*

51. Restlessness among the students of colleges and universities has — from their deep rooted feeling that their views and aspirations are — by their elders.

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB)-এর সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৯
উত্তর গ

ⓚ arose, humiliated ⓚ followed, disregarded
ⓖ stemmed, ignored ⓖ started, favored
ⓓ None

Hints : *Stem from something/somewhere অর্থ কোনো কিছু বা কোনো জায়গা থেকে উদ্ভূত হওয়া বা আবির্ভূত হওয়া এবং be ingored by somebody অর্থ কারো কর্তৃক উপেক্ষিত হওয়া। সুতরাং বাক্যের অর্থানুসারে শূন্যস্থানে stemmed এবং ingored বসবে।*

52. Healthcare in certain G7 countries — very high-cost diagnostic equipment and surgical interventions in order to enable older wealthy people longevity and better quality of life — public healthcare budgets and lowers service quality in poor neighborhoods.

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB)-এর সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৯
উত্তর ঙ

ⓚ have demanded — overstretching
ⓚ demanding — overstretching
ⓖ has been demanding — overstretching
ⓖ demanding — have overstretched
ⓓ demands — overstretches

www.boighar.com

Hints : *In order to phrase-এর পূর্বের clause-এর জন্য finite verb প্রয়োজন এবং and-এর পরের অংশ lowers থাকাতে বোঝা যাচ্ছে যে lowers verb-টির sub হলো better quality। সুতরাং lowers-কে follow করে শূন্যস্থানে verb-এর present form-এর সাথে es যুক্ত verb লাগবে। সুতরাং শূন্যস্থানে demands এবং overstretches বসবে।*

53. I cannot — to pay such high prices.
ক but খ try গ afford ঘ able
Hints : *প্রদত্ত বাক্যে modal auxiliary-এর পর verb প্রয়োজন। বাক্যকে সঠিক অর্থ প্রদানের জন্য শূন্যস্থানে afford বসবে যার অর্থ সময় বা অর্থব্যয়ের সামর্থ্য থাকা।*
প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় ধাপ) ২০১৯
উত্তর গ

54. The professor was given — to materials in the research laboratory.
ক allusion খ access গ excess ঘ time
Hints : *Access to অর্থ প্রবেশাধিকার; কাছে যাওয়ার অধিকার সুযোগ বা সামর্থ্য। সুতরাং শূন্যস্থানে access বসবে। Access বসিয়ে বাক্যের বাংলা অধ্যক্ষকে গবেষণাগারের উপাদানের কাছে যাওয়ার অধিকার প্রদান করা হয়েছে।*
প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় ধাপ) ২০১৯
উত্তর খ

বইঘর.কম

55. Bangladesh has a good — in cricket. Choose the right expression for the gap.
ক prospective খ prospect গ prospectus ঘ prosperous
Hints : *Good-এর পরে noun প্রয়োজন হওয়ায় এবং বাক্যকে সঠিক অর্থ প্রদানের জন্য ফাঁকা স্থানে prospect (সম্ভাবনা) বসবে। তাছাড়া prospective এবং prosperous শব্দদ্বয় adjective, যাদের অর্থ যথাক্রমে প্রত্যাশিত এবং সফল আর prospectus অর্থ প্রস্তাবিকা বা বিবরণপত্র।*
পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৯
উত্তর খ

56. Which of the folloiwing words is not related to 'crying'?
ক lamenting খ screaming গ weeping ঘ stinking
Hints : *Crying-এর সাথে সম্পর্কিত নয় এমন word হলো stinking (তীব্র ও কটু দুর্গন্ধ যুক্ত)। তাছাড়া অন্য শব্দগুলো crying-এর সাথে সম্পর্কিত।*
পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৯
উত্তর ঘ

57. Which of the following words can be used as a verb?
ক green খ orange গ red ঘ blue
Hints : *Optionগুলোর মধ্যে যে wordটি verb হিসেবে ব্যবহৃত হতে পারে সেটি হলো blue। Verb হিসেবে blue অর্থ নীলবর্ণে রঞ্জিত করা।*
জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা ২০১৯
উত্তর ঘ

58. When we alleviate something, we—
ক make it worse খ make it outstanding
গ elevate it ঘ make it less severe
Hints : *Alleviate অর্থ (যন্ত্রণা, কষ্ট ইত্যাদি) লাঘব করা। যখন আমরা কোনো কিছু উপশম করি বা লাঘব করি তখন আমরা এটাকে কম তীব্র করে তুলি অর্থাৎ make it less severe।*
জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা ২০১৯
উত্তর ঘ

59. When we ostracize someone, we—
ক severely reprimand him খ bitterly criticize him
গ refuse to meet or talk to him ঘ punish him severly
Hints : *যখন আমরা কাউকে সমাজ-বিচ্ছিন্ন করি বা একঘরে করি তখন আমরা তার সাথে দেখা করা বা কথা বলা বন্ধ করে দেই। সুতরাং শূন্যস্থানের জন্য সঠিক expression হলো refuse to meet or talk to him।*
জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা ২০১৯
উত্তর গ

60. Alexander Fleming— penicillin.
ক inventing খ discovered গ invented ঘ made
Hints : *Discover অর্থ অস্তিত্ববান কিন্তু অজানা কিছু জ্ঞানের মধ্যে আনা। যেহেতু penicillin-এর অস্তিত্ব আগেই ছিল, তাই শূন্যস্থানে discovered শব্দটি যথাযথ।*
সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১৯
উত্তর খ

 বইঘর.কম

61. **Dogs bark, what do horses do?**
ক Hum খ Neigh গ Hiss ঘ Croak
Hints : *কুকুরের ডাক হলো bark (ঘেউ ঘেউ করা) আর ঘোড়ার ডাক হলো neigh (হ্রেষাধ্বনি করা)। অন্যদিকে hum অর্থ গুনগুন করা বা মৌমাছির গুঞ্জন, hiss অর্থ ফোঁসফোস করা বা সাপের ডাক আর croak অর্থ ব্যাঙ অথবা দাঁড়কাকের কর্কশ ডাক।*

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১৯
উত্তর : খ

62. **Which one of the following does not mean 'a road'?**
ক alley খ boulevard গ track ঘ lagoon
Hints : *অপশনগুলোর মধ্যে যেটা দ্বারা road (রাস্তা; সড়ক) নির্দেশ করে না সেটি হলো lagoon (অগভীর লবণাক্ত জলের হ্রদ; উপহ্রদ)। বাকি তিনটি শব্দ দ্বারা road নির্দেশ করে। Alley অর্থ সরু গলি, boulevard অর্থ প্রশস্ত প্রধান সড়ক আর track অর্থ যানবাহন, মানুষ অথবা পশুর চলাচলের ফলে সৃষ্ট পথচিহ্ন বা দুর্গম পথ।*

সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১৯
উত্তর : ঘ

63. **Fill in the blank. Many men, many—**
ক Faces খ Lives গ Minds ঘ Thoughts
Hints : *'Many men, many minds' একটি প্রবাদ বাক্য, যার অর্থ নানা মুনির নানা মত। সুতরাং প্রবাদ বাক্যটি পূর্ণাঙ্গ করতে শূন্যস্থানে minds বসবে।*

ডাক অধিদপ্তরের এস্টিমেটর ২০১৮
উত্তর : গ

64. **Fill in the blank with the right word. The students have free — to the teachers.**
ক excess খ excees গ access ঘ axcess
Hints : *Access to somebody অর্থ কারো কাছে যাওয়ার অধিকার। বাক্যে access বসিয়ে বাক্যটির বাংলা : শিক্ষকদের কাছে যাওয়ার ছাত্রছাত্রীদের উন্মুক্ত অধিকার রয়েছে।*

ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার ২০১৮
উত্তর : গ

65. **Our school building has a good—**
ক sight খ side গ cite ঘ site
Hints : *শূন্যস্থানে site বসবে যার অর্থ কোনো কিছুর নির্ধারিত স্থান। তাছাড়া sight অর্থ দৃষ্টিশক্তি, side অর্থ কোনো বস্তু, ক্ষেত্র, স্থান ইত্যাদির পার্শ্ববর্তী অংশ আর cite অর্থ উদ্ধৃতি।*

ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার ২০১৮
উত্তর : ঘ

66. **'Pay careful attention to something' is meant by word :**
ক look খ see গ feel ঘ heed
Hints : *'Pay careful attention to something' অর্থ কোনো কিছুর প্রতি সতর্ক দৃষ্টি রাখা বা মনোযোগ দেয়া। অন্যদিকে heed অর্থও মনোযোগ দেয়া, সাবধান হওয়া অর্থাৎ প্রদত্ত expressionটি দ্বারা heed-এর অর্থ প্রকাশ পায়।*

পরিবার পরিকল্পনা অধি. পরিবার কল্যাণ পরিদর্শিকা ২০১৮
উত্তর : ঘ

67. **Engineers are still trying to successfully— the power of sunlight for efficient production of electricity.**
ক harness খ control গ generate ঘ regulate
Hints : *শূন্যস্থানে harness বসবে, কেননা harness অর্থ বিদ্যুৎ শক্তি উৎপাদনের জন্য নদী, জলপ্রপাত, সৌরশক্তি ইত্যাদি ব্যবহার করা। তাছাড়া control অর্থ নিয়ন্ত্রণ করা, generate অর্থ উৎপাদন করা আর regulate অর্থ প্রণালিবদ্ধভাবে নিয়ন্ত্রণ করা।*

বিভিন্ন মন্ত্রণা./বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) ২০১৮
উত্তর : ক

68. **The sparrows were—.**
ক chattering খ chirping গ screaming ঘ cooing
Hints : *Sparrow (চড়ুই পাখি)-এর ডাককে বলে chirp, যার অর্থ কিচিরমিচির শব্দ করা।*

বিভিন্ন মন্ত্রণা./বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) ২০১৮
উত্তর : খ

69. **I wanted a red shirt. But they only had—**
ক a one orange খ one orange
গ an orange one ঘ an orange

বিভিন্ন মন্ত্রণা./বিভাগ/অধি. প্রশা. কর্মকর্তা (মুক্তিযোদ্ধা) ২০১৮
উত্তর : গ

www.boighar.com

Hints : *এখানে শার্টের এবং শার্টের colour-এর কথা বলা হচ্ছে। আর vowel এর পূর্বে an বসে। সুতরাং an orange one হবে সঠিক উত্তর কারণ an orange one বলতে একটি কমলা শার্টকে বোঝানো হয়েছে। An orange one যোগে বাক্যটির বাংলা অর্থ : আমি একটি লাল শার্ট চেয়েছিলাম কিন্তু তাদের একটিমাত্র কমলা রঙের শার্ট ছিল।*

70. Stockings are— socks.

ক long খ small গ big ঘ short

Hints : *Stocking– আঁটসাঁট হাঁটু পর্যন্ত লম্বা মোজা; stock–ছোট মোজা। Socks-এর পূর্বে long শব্দটি বসালে stockings-এর সমার্থক অর্থ প্রকাশ করে। অর্থাৎ পূর্ণ বাক্য– Stockings are long socks।*

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন সহ. জেনারেল ম্যানে. (অর্থ-হিসাব/অর্থ-বাজেট ২০১৮
উত্তর ক

71. She has— her hair a beautiful shade of brown.

ক colored খ given গ dried ঘ dyed

Hints : *Dye/color + sth – কোনো কিছু রং করা। চুল রং করার ক্ষেত্রে verb হিসেবে dye হয়। পূর্ণ sentenceটি হলো– She has dyed her hair a beautiful shade of brown।*

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন সহ. জেনারেল ম্যানে. (অর্থ-হিসাব/অর্থ-বাজেট ২০১৮
উত্তর খ

72. Choose the right work to fill the blank :
It will be your task to make sure the— of traffic is maintained without interruption

ক circulation খ flow গ current ঘ procession

Hints : *The flow of traffic—যাতায়াতের প্রবাহ। এটা নিশ্চিত করা তোমার কাজ, কোনো বাধা ছাড়া যাতায়াতের প্রবাহ বজায় রাখা।*

73. The camel is the— of the desert.

ক Hurdle খ Friend গ Ship ঘ Guide

Hints : *The camel is the ship of the desert। এটি একটি প্রচলিত বাক্য যার বাংলা—উট হলো মরুভূমির জাহাজ।*

স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌ. অধি. এস্টিমেটর ২০১৮
উত্তর গ

74. Antibiotics— the growth of bacteria.

ক inhabit খ jolt গ inhibit ঘ gruesome

Hints : *প্রদত্ত বাক্যের শূন্যস্থানে inhibit বসবে, কেননা inhibit অর্থ বাধাগ্রস্ত করা; সংযত করা। আর inhibit বসিয়ে প্রদত্ত বাক্যটির অর্থ অ্যান্টিবায়োটিক ব্যাকটেরিয়া বৃদ্ধিকে প্রতিহত বা বাধাগ্রস্ত করে। অন্যদিকে inhabit অর্থ বসবাস করা, jolt অর্থ ঝাঁকি দেয়া, আর gruesome অর্থ ভয়াবহ; বিভীষিকাময়।*

বিভিন্ন মন্ত্রণা/বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা ২০১৮
উত্তর গ

75. Put a correct word in the gap : Man is the— of his own fate.

ক architecture খ architectural গ architect ঘ archer

Hints : *Architect অর্থ স্থপতি; নির্মাতা।*

গণপূর্ত অধি. উপ-সহ. প্রকৌ. ও প্লানিংম্যানপদবি ২০১৮
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তরে পরিসংখ্যান কর্মকর্তা ২০১৭
উত্তর গ
১২তম সহকারী জজ ২০১৮
উত্তর খ

76. A cock crews but a crow—

ক coos খ caws গ lows ঘ bleats

Hints : *Crew হলো মোরগের ডাক ঠিক তেমনি crow (কাক)-এর ডাক হলো caw (কা-কা ধ্বনি)। অন্যদিকে ঘুঘু বা কবুতরের ডাক coo, গরুর ডাক হলো low বা moo আর ভেড়া বা ছাগলের ডাক হলো bleat।*

77. If we want concrete proof, we are looking for—

ক clear evidence খ building material
গ a cement mixer ঘ something to cover a parth

Hints : *Concrete proof অর্থ বাস্তব বা সুনির্দিষ্ট প্রমাণ যা clear evidence দ্বারা প্রকাশ পায়। Clear evidence বাক্যে বসিয়ে বাক্যটির বাংলা : যদি আমরা concrete proof চাই তাহলে আমরা clear evidence খুঁজছি।*

প্রা. সহ. শিক্ষক ২০১৮ (স্থগিত ২০১৪) ১৫ জেলা
উত্তর ক

 বইঘর.কম

78. Choose the appropriate options to complete the sentence.
Today— people who enjoy cricket is bigger than that of thirty years ago.
ক a great deal of খ many গ the number of ঘ number of
Hints : *বাক্যে than-এর পর that of থাকাতে বোঝা যাচ্ছে যে এখানে জনগণের সংখ্যা নির্দেশ করছে। সুতরাং শূন্যস্থানের জন্য সঠিক expression হলো the number of।*

প্রা. সহ. শিক্ষক ২০১৮ (স্থগিত ২০১৪) ২০ জেলা
উত্তর : গ

79. The sentence 'Empty vessels sound much' refers to—
ক A little learning is a dangerous thing খ Pride goes before destruction
গ Haste makes waste ঘ Barking dog seldom bites

প্রা. সহ. শিক্ষক ২০১৮ (স্থগিত ২০১৪) ১২ জেলা
উত্তর : ঘ

80. As a last—, he appealed to the President for mercy.
ক resource খ resort গ solution ঘ force
Hints : *As a last resort phraseটির অর্থ শেষ অবলম্বন হিসেবে। Phrase-টি নিয়ে বাক্যটির বাংলা হলো : শেষ অবলম্বন হিসেবে, সে রাষ্ট্রপতির কাছে ক্ষমা ভিক্ষা চাইল।*

CJDF কার্যালয়ের অডিটর ২০১৭
উত্তর : খ

81. The students— a protest march against the college authorities.
ক carried on খ staged
গ caused ঘ walked out

CJDF কার্যালয়ের অডিটর ২০১৭
উত্তর : খ

82. This coat is— taka five thousand.
ক bought খ worth গ sell ঘ available
Hints : *Worth taka five thousand অর্থ পাঁচ হাজার টাকা মূল্যের। শূন্যস্থানে অন্য wordগুলো যথাযথ নয়।*

CJDF কার্যালয়ের অডিটর ২০১৭
উত্তর : খ

83. Please— the matter and bring it to an end.
ক expedite খ support গ appease ঘ dilute
Hints : *Expedite the matter অর্থ বিষয়টি ত্বরান্বিত করা। শূন্যস্থানে অন্য শব্দগুলো যথাযথ নয়। Support অর্থ সমর্থন করা; appease অর্থ সন্তুষ্ট করা এবং dilute অর্থ হালকা বা লঘু করা।*

CJDF কার্যালয়ের অডিটর ২০১৭
উত্তর : ক

84. In today's fast changing world, it is very difficult to — what will happen in the future.
ক present খ predict গ prefix ঘ pretend
ঙ precinct
Hints : *Option-এর শব্দগুলোর অর্থ Present—উপস্থাপন করা; predict—ভবিষ্যদ্বাণী করা; prefix—পূর্বে যুক্ত করা; pretend—ভান করা; precinct—প্রাঙ্গণ; পরিসর। শূন্যস্থানে predict বসালে বাক্যটি অর্থপূর্ণ হবে।*

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সহকারী প্রশাসনিক কর্মকর্তা ২০১৭
উত্তর : খ

85. The economists — reach an agreement on the — causes of the recession.
ক cannot — probable খ tried to — nonexistent
গ could not — underlying ঘ strived to — threadbare
ঙ None
Hints : *Could not—underlying শব্দ দুটি বসালে বাক্যটির অর্থ : অর্থনীতিবিদরা মন্দার অন্তর্নিহিত কারণ সম্পর্কে একমত হতে পারল না। এছাড়া probable—সম্ভাব্য; nonexistent—অবাস্তব; strive—সংগ্রাম করা; threadbare— মামুলী।*

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সহকারী প্রশাসনিক কর্মকর্তা ২০১৭
উত্তর : গ

86. Please pay — to the doctor's — if you want to get well soon.
ক respect — prescription খ attention — advise
গ Interest — advice ঘ heed — advice
ঙ None

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সহকারী প্রশাসনিক কর্মকর্তা ২০১৭
উত্তর : ঘ

www.boighar.com

Hints : *Pay heed to something or somebody অর্থ কাউকে বা কোনো কিছুতে মনোযোগ দেয়া। Heed—advice যোগে বাক্যটির অর্থ যদি তাড়াতাড়ি সুস্থ হতে চাও তাহলে দয়া করে ডাক্তারের উপদেশ মনোযোগ দিয়ে শোনো।*

87. The reality show participants were — by the positive response they got from the crowd.
ক disheartened খ petrified গ overwhelmed ঘ pained
ঙ enraged
Hints : *বাক্যে positive response থাকাতে বোঝা যাচ্ছে যে বাক্যের শূন্যস্থানে positive word বসবে। Option-এ একমাত্র positive word হলো overwhelmed (অভিভূত)। বাকি চারটি শব্দের অর্থ হতাশ (disheartened); আতঙ্কিত (pretified); বেদনাগ্রস্ত (pained); রাগান্বিত (enraged)।*

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সহকারী প্রশাসনিক কর্মকর্তা ২০১৭
উত্তর গ

88. Choose the correct option : After three months of investigations, the — the accident was still unclear.
ক cause of খ reason of গ demand for ঘ because of
Hints : *Cause of the accident অর্থ দুর্ঘটনার কারণ। তিনমাস তদন্তের পরও দুর্ঘটনার কারণ অস্পষ্ট ছিল। আর reason for বসে reason of না। Because of-এর পর phrase বসে clause না।*

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অধীন বিআরটিএ'র মোটরযান পরিদর্শক ২০১৭
উত্তর ক

89. The load is light enough —
ক to carry খ to measure গ to handle ঘ to feel
Hints : *বোঝাটি বহন করার জন্য (to carry) যথেষ্ট হালকা।*

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিসংখ্যান কর্মকর্তা ২০১৭
উত্তর ক

90. The number of letters in the English alphabet are—
ক 22 খ 24
গ 27 ঘ 26
Hints : *English বর্ণমালায় letter সংখ্যা 26।*

গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (নির্ভিল) ২০১৭
উত্তর ঘ

91. Use the correct phrase/word : A stitch in time saves—
ক ten খ five গ seven ঘ nine
Hints : *A stitch in time saves nine— একটি ইংরেজি প্রবাদ, যার অর্থ– সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়।*

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিসংখ্যান কর্মকর্তা ২০১৭
উত্তর ঘ

92. One swallow does not make a —
ক quarrel খ summer গ autumn ঘ treaty
Hints : *One swallow does not make a summer— একটি ইংরেজি প্রবাদ বাক্য, যার বাংলা অর্থ– এক মাঘে শীত যায় না।*

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিসংখ্যান কর্মকর্তা ২০১৭
উত্তর খ

93. The bag is too heavy — to carry.
ক for him খ to him
গ by him ঘ on him

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৬
উত্তর ক

94. Which of the following is informal?
ক Mother খ Father গ Mummy ঘ Parent
Hints : *উপরোক্ত প্রশ্নে Mother অর্থ মা। Father অর্থ বাবা, Parent অর্থ মা অথবা বাবা। এ তিনটি শব্দই Formal। কিন্তু Mummy শব্দের অর্থ মা হলেও তা informal। তাই প্রদত্ত প্রশ্নের উত্তর হবে (গ) Mummy।*

সাধারণ পুলিশ অ/তত্ত্ব বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার, উপসহকারী প্রকৌশলী, প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা ২০১৬
উত্তর গ

95. Milk is— food.
ক nutritional খ nutrient গ nutritious ঘ nutritive
Hints : *প্রদত্ত শূন্যস্থান পূরণের জন্য দেয়া চারটি options এর মধ্যে (গ) nutritious বা পুষ্টিকর বুঝায়। বাক্যটির অর্থ সম্পূর্ণ করতে (গ) বসবে।*

স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন সেবা অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স ২০১৬
উত্তর গ

 বইঘর.কম

96. **— eggs were served to the players.**
ক Boiled খ Boil গ To boil ঘ Boiling
Hints : *প্রদত্ত চারটি options এর মধ্যে (ক) Boiled হচ্ছে Past participle যার অর্থ সিদ্ধ (খ) Boil অর্থ ফোটা, (গ) To boil অর্থ ফোটানো এবং (ঘ) Boiling অর্থ ফুটন্ত। বাক্যের শূন্যস্থানে (ক) Boiled হবে। সুতরাং (ক)-ই সঠিক উত্তর।*

স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন সেবা অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স ২০১৬
উত্তর : ক

97. **Cricket enjoys a huge — in Bangladesh.**
ক follow on খ fall out গ follow ঘ following
Hints : *এখানে follow শব্দটি object হিসেবে আসায় noun করতে হবে। সুতরাং follow এর সাথে ing যোগ করে gerund/noun করা হলো। সঠিক উত্তর (ঘ)।*

বাংলাদেশ ডাক বিভাগ (মেট্রোপলিটন সার্কেল) পরিদর্শক ২০১৬
উত্তর : ঘ

98. **A sentence is a—**
ক group of words খ collection of words
গ group of words that make a complete sense
ঘ part of paragraph
Hints : *প্রদত্ত প্রশ্নের সঠিক উত্তর (গ)। অর্থাৎ দুই বা ততোধিক শব্দ দ্বারা যদি একটি পূর্ণ অর্থ বুঝায় তবে তাকে বাক্য বা Sentence বলে। (ক) group of words, (খ) collection of words এবং (ঘ) part of paragraph সঠিক উত্তর নয়।*

সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা ২০১৬
উত্তর : গ

99. **We had tasty and — meals.**
ক nutritious খ nutritional গ nutritive ঘ nutrient
Hints : *ইংরেজি Grammar-এ 'parallelism' বলে একটি term রয়েছে। বাক্যে প্রথমে tasty একটি adjective তাই পরবর্তীতে adjective-ই (nutritious) শূন্যস্থানে বসবে। সুতরাং এখানে সঠিক উত্তর (ক)।*

সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা ২০১৬
উত্তর : ক

110. **Which is not a grammatical unit?**
ক Clause খ Morpheme গ Paragraph ঘ Phrase
Hints : *চারটি option-এর মধ্যে (ক) clause অর্থ বাক্যাংশ, (খ) morpheme অর্থ শব্দের ক্ষুদ্রপূর্ণ অর্থপূর্ণ অংশ (গ) paragraph অর্থ অনুচ্ছেদ এবং (ঘ) phrase কয়েকটি শব্দের সমষ্টি। এখানে clause, morpheme এবং phrase তিনটি শব্দই 'grammatical unit কিন্তু 'Paragraph' grammatical unit নয়, এটি writing portion।*

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিভিলিয়ান স্টাফ অফিসার এবং সহকারী পরিচালক ২০১৬
উত্তর : গ

101. **A review of the patient's eating habits showed that her diet was — in vitamin B.**
ক lacking খ absorb গ overly ঘ suffering
Hints : *প্রদত্ত বাক্যের জন্য দেয়া চারটি options এর মধ্যে lacking অর্থ অভাব, absorb অর্থ শুষে নেয়া, overly অর্থ অতিমাত্রায়। বাক্যে lacking বা অভাব শব্দটিই প্রযোজ্য। সুতরাং (ক) ই সঠিক উত্তর।*

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার ২০১৬
উত্তর : ক

102. **Today the world is passing through— Juncture.**
ক minimum খ a lot of গ limited ঘ critical
Hints : *Critical Juncture-মানে সংকটময় মুহূর্ত বা কঠিন সন্ধিক্ষণ। বাক্যটির অর্থ— 'বিশ্ব আজ এক কঠিন সময় পার করছে। উল্লেখ্য critical শব্দটির পূর্বে article 'a' প্রয়োজন ছিল।*

১৩তম শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়) ২০১৬
উত্তর : ঘ

103. **What is the steering of a car used for?**
ক Speeding খ Stopping গ Changing speed ঘ Directing
Hints : *একটি গাড়ির Steering–এর কাজ গাড়ি নিয়ন্ত্রণ/ পরিচালনা করা অর্থাৎ Directing করা। অন্য তিনটি options-এর মধ্যে Speeding– গতি বাড়ানো, Stopping– থামানো, Changing speed–গতি পরিবর্তন করা এবং Directing– পরিচালনা করা।*

সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO) ২০১৬
উত্তর : ঘ

www.boighar.com

Govt. & Private Bank Questions

01. Although he never learns to read, his exceptional memory and enquiring mind eventually made him a very— man.

Sonali and Janata Bank Ltd. Officer (IT) 2020
উত্তর খ

ⓚ dedicated ⓚ erudite ⓖ pragmatic ⓖ benevolent

Hints : *অপশনে dedicated অর্থ—নিবেদিত। erudite অর্থ— পাণ্ডিত্যপূর্ণ, pragmatic অর্থ— প্রয়োগবাদী, benevolent অর্থ—হিতৈষী। প্রদত্ত বাক্য erudite শব্দটি দ্বারা অর্থপূর্ণ হয়। কারণ লেখাপড়া না জেনে, অসাধারণ স্মৃতিশক্তি এবং অনুসন্ধিৎসু মানসিকতার জন্য জ্ঞানী হওয়া সম্ভব।*

02. Man is still a — in the labour market.

Janata Bank Ltd. Officer (Cash) 2020
উত্তর গ

ⓚ glut ⓚ possibility ⓖ commodity ⓖ provision

Hints : *প্রদত্ত বাক্যে 'still' দ্বারা আগেও ছিল এখনও আছে এমন কিছুকে বোঝাচ্ছে। শ্রমবাজারে আগের মত এখনও মানুষকে পণ্য (commodity) হিসেবে দেখা হয়। অন্যদিকে অনেক দেশেই শ্রমবাজারে মানুষের এখনও স্বল্পতা আছে তাই glut (অধিক) হবে না। possibility (সম্ভাবনা) এবং provision (সরবরাহ) এ বাক্যের সাথে সঙ্গতিপূর্ণ নয়। তাই সঠিক উত্তর (গ)।*

03. The miscreants must be found and tried as this has gone beyond the usual— that can happen in school.

Janata Bank Ltd. Officer (Cash) 2020
উত্তর ক

ⓚ Shenanigans ⓚ Wreckage ⓖ Vandalism ⓖ Sabotage

Hints : *বাক্যে ব্যবহৃত key phrase হলো beyond the usual (স্বাভাবিকের উর্ধ্বে), যা দ্বারা বোঝায় এমন কোনো কাজ যা স্বাভাবিক মাত্রায় গ্রহণযোগ্য কিন্তু সীমা লঙ্ঘন বা মাত্রাতিরিক্ত হলে বিচারের আওতায় আনতে হয়। Option-এ প্রদত্ত shenanigans (দুষ্টুমি) ছাড়া বাকি wreckage (ধ্বংসস্তূপ), vandalism (ধ্বংসোন্মাদনা), sabotage (নাশকতা বা অন্তর্ঘাত) সর্ব অবস্থায় বিচারযোগ্য ও শাস্তিযোগ্য। তাই সঠিক উত্তর (ক)।*

04. The show this weekend promises to attract— than the last one.

Janata Bank Ltd. Officer (Cash) 2020
উত্তর গ

ⓚ an even greater amount of people
ⓚ an ever larger amount of people
ⓖ an even greater number of people
ⓖ a number of people even larger

Hints : *Even একটি adverb। Comparative degree-এর বাক্যে even ব্যবহার করার structure-টি হলো : (a/an) even + adj/adv. (comparative degree)+ noun। Option (ক) তে সংখ্যা বোঝাতে 'amount' ব্যবহৃত হয়েছে যা হওয়া উচিত ছিল 'number'। কারণ এখানে countable noun 'people' ব্যবহৃত হয়েছে। পরিমাণ বোঝাতে 'amount' ব্যবহৃত হয় non countable noun-এর সাথে। তাই সঠিক উত্তর (গ)।*

05. It comes as no surprise that societies have codes of behavior, the character of the codes, on the other hand, can often be .....

Rupali Bank Ltd. Senior Officer (Financial Analyst) 2020
উত্তর খ

ⓚ predictable ⓚ unexpected
ⓖ admirable ⓖ explicit

Hints : *প্রদত্ত বাক্যটিতে Connector হিসেবে On the otherhand থাকায় প্রথম অংশের সাথে দ্বিতীয় অংশের অর্থ বিপরীত হবে। প্রথম অংশে 'no surprise' থাকায় দ্বিতীয় অংশে আচরণের রীতি অপ্রত্যাশিত হতে পারে অর্থে unexpected সঠিক উত্তর।*

 বইঘর.কম

06. The two countries have begun talks on a landmark investment agreement, a positive move — between the two sides.

United Commercial Bank Ltd. Probationary Officer 2020
উত্তর : খ

ক through lingering trade tension খ amid lingering trade tensions
গ sparking lingering trade tensions ঘ accentuating lingering trade tensions
ঙ None

Hints : *মধ্যে বা মাঝখানে বোঝাতে 'amid' preposition টি ব্যবহৃত হয়। বাক্যটিতে amid lingering trade tensions বসালে বাক্যটি সঠিক হবে।*

07. — the *Ready Made Garment* industry back from the drastic fall shortly after the global economic downturn were innovative product design and very low cost of production.

United Commercial Bank Ltd. Probationary Officer 2020
উত্তর : ঘ

ক What was brought খ Bringing
গ The thing that brought ঘ What brought
ঙ None

Hints : *প্রদত্ত বাক্যের verb were plural হওয়ায় singular sub বসানো যাবে না আর what + verb + extension নিয়মটি follow করতে হবে। সুতরাং বাক্যের জন্য সঠিক উত্তর হলো অপশন (ঘ) what brought।*

08. — is a belief that all beliefs can be proven false, thus, to avoid the frustration of being wron.g, it is best to believe nothing.

United Commercial Bank Ltd. Probationary Officer 2020
উত্তর : গ

ক Satisfaction খ Confidence গ Skepticism ঘ Penetration
ঙ None

Hints : *বাক্যের অর্থ অনুসারে শূন্যস্থানে skepticism (সন্দেহবাদ; সংশয়বাদ) বসালে বাক্যটি সঠিক হবে। অন্যদিকে satisfaction অর্থ সন্তুষ্টি, confidence অর্থ আস্থা আর penetration অর্থ প্রবেশ।*

09. It is commonly thought that a tree standing alone is more frequently struck, though in some forest areas, lightning — can be seen on almost every tree.

United Commercial Bank Ltd. Probationary Officer 2020
উত্তর : ঘ

ক Deliberately খ Astonishingly গ Predictably ঘ Scars
ঙ None

Hints : *Lightning scars অর্থ বজ্রের কারণে সৃষ্ট ক্ষতচিহ্ন। সুতরাং বাক্যটিকে সঠিক অর্থ প্রদানের জন্য scars বসাতে হবে।*

10. Great earthquakes usually begin with slight tremors but rapidly take the form of one or more violent shocks, and end in vibrations of gradually — force called aftershocks.

United Commercial Bank Ltd. Probationary Officer 2020
উত্তর : খ

ক Desperately খ Diminishing গ Abundantly ঘ Considerately
ঙ None

Hints : *বড় বড় ভূমিকম্পের দিকে তাকালে দেখা যায় প্রথমে কম্পন কম থাকে, তারপর দ্রুত কম্পনটা বাড়তে থাকে এবং 'ছোট কম্পন' নামে ধীরে ধীরে শক্তি কম হওয়া কম্পনের মাধ্যমে এটার সমাপ্তি ঘটে। সুতরাং বাক্যকে সঠিক অর্থ প্রদানের জন্য বাক্যে diminishing (হ্রাস পাচ্ছে এমন) বসবে।*

11. The vast majority of Namibia's inhabitants live in the Rodent valley and delta, and the rest of the country is — populated.

United Commercial Bank Ltd. Probationary Officer 2020
উত্তর : ক

ক Sparsely খ Remarkably গ Exclusively ঘ Considerately
ঙ None

www.boighar.com

Hints : *And পূর্ববর্তী clause-এ 'vast majority' থাকায় and পরবর্তী 'the rest' clause টিতে বিপরীত ধারণাযুক্ত word প্রয়োজন। তাই sparsely (পাতলাভাবে ছড়ানো; বিরলভাবে) শব্দটি বসালে বাক্যটি সঠিক হবে। অন্যদিকে, Remarkably অর্থ–উল্লেখযোগ্যভাবে, Exclusively অর্থ-একচেটিয়াভাবে, Considerably অর্থ সুবিবেচিত ভাবে।*

12. Country X will never stabilize its economy if it does not — its disastrous inflationary spending practices.

Southeast Bank Ltd. Probationary Officer 2020 উত্তর: খ

ⓚ exacerbate ⓚ curtail ⓖ strengthen ⓖ maximize

Hints : *অপশনে exacerbate অর্থ বর্ধিত করা, curtail অর্থ হ্রাস করা, strengthen অর্থ শক্তিশালী করা, maximize অর্থ বৃদ্ধি করা। প্রদত্ত বাক্যেটিকে curtail শব্দটি দ্বারা অর্থপূর্ণ করা যায়।*

13. A slight — of the soil's settling rate caused the building's foundation to —, which led to the building being deemed unusable.

Southeast Bank Ltd. Probationary Officer 2020 উত্তর: গ

ⓚ estimation, settle ⓚ deviation, budge
ⓖ miscalculation, shift ⓖ permutation, stabilize

Hints : *মাটির দেবে যাওয়ার হার হিসাব করতে হয়। তাই প্রদত্ত বাক্যের প্রথম শূন্যস্থানে estimation (প্রাক্কলন) ও permutation (বিন্যাস) শব্দ দুটি সঙ্গতিপূর্ণ হবে না এবং deviation (বিচ্যুতি)-এর প্রথম শূন্যস্থানের পর from বসে। সুতরাং প্রথম শূন্যস্থানে miscalculation (হিসাবের ত্রুটি) ও দ্বিতীয় শূন্যস্থানে shift (বদল) শব্দ দুটি বসলে বাক্যটি অর্থপূর্ণ হয়।*

14. Although it — often buy, sell and operate subsidiaries outside of their home locations, it is important to try to understand how industries — particular localities.

Exim Bank Ltd. Trainee Officer 2020 উত্তর: ঘ

ⓚ is also true that firms, function within ⓚ is true that firms, function at
ⓖ is true that firms, functions within ⓖ is true that firms, function within
ⓖ None of these

Hints : *Though/although থাকলে বাক্যের প্রথম অংশের সাথে দ্বিতীয় অংশ বৈপরীত্য প্রকাশ করে। এখানে অপশন (ক) সঠিক হতো যদি also না থাকত। Also এখানে পূর্বের কোনো প্রেক্ষাপট নির্দেশ করে। অপশন (খ)-তে preposition-এর ব্যবহার অর্থের সাথে খাপ খায় না। অপশন (গ) হবে না, কারণ Subject Plural হওয়াতে verb টি function হবে। অপশন (ঘ) dependent clause-এ outside দ্বারা কোনোকিছুর বাইরে বুঝায়, তাই independent clause-এ ভিতরে প্রকাশ করতে within হবে। তাই এটি সঠিক।*

15. Although the leader's life was both — and painful, it was not without —, for he had accomplished many of his goals.

Exim Bank Ltd. Trainee Officer 2020 উত্তর: ঘ

ⓚ magnificent, success ⓚ thrilling, ambition
ⓖ happy, frustration ⓖ arduous, satisfaction
ⓖ good, damage

Hints : *Though/although থাকলে বৈপরীত্য প্রকাশ করে। প্রশ্নোক্ত sentence টির অর্থ– 'যদিও একজন নেতার জীবন শ্রমসাধ্য এবং কষ্টের, তবুও তার অনেকগুলো লক্ষ পূরণ হওয়ায় তা তৃপ্তিহীন নয়।' অপশন (ঘ)-এর শব্দগুলো যথার্থ অর্থ প্রদান করে।*

16. Since the lady's face was free of — there was no way to — if she appreciated what had happened.

Exim Bank Ltd. Trainee Officer 2020 উত্তর: গ

ⓚ scars, understand ⓚ emotion, diagnose
ⓖ expression, ascertain ⓖ make-up, realize
ⓖ None of these

 বইঘর.কম

Hints : *যেহেতু মহিলাটির চেহারায় কোনো অভিব্যক্তি ছিল না, তাই যা ঘটেছিল সে ব্যাপারে তার মনোভাব অনুধাবন করার উপায় ছিল না। বাক্যটি এরূপ অর্থ প্রদান করে। তাই অপশন (গ) এর শব্দগুলো যথার্থ।*

17. Sakib's — background has made him so docile.

Exim Bank Ltd. Trainee Officer 2020 উত্তর ক

ⓚ humble ⓚ rich ⓖ advanced ⓖ lucrative
ⓚ sound

Hints : *উত্তর হবে humble background। কেননা এটি একটি collocation অর্থাৎ দুই বা ততোধিক শব্দের natural combination যা ভাষাকে শ্রুতিমধুর করে। এখানে humble অর্থ হলো নিচু বা গরিব। সাকিবের humble background তাকে শান্ত বা অনুগত করেছে। আর বাকি অপশনগুলো Collocation নয়।*

18. — my insistence to the contrary, Samrin — pursued her preferred line of action.

Exim Bank Ltd. Trainee Officer 2020 উত্তর ক

ⓚ Despite, doggedly ⓚ According to, obligingly
ⓖ Following, otherwise ⓖ In spite, nonetheless
ⓚ None of these

Hints : *'আমার জিদের সত্ত্বেও সামরিন জিদ করল'–বাকটি এভাবে হবে। তাই Despite এবং doggedly শব্দ দুটি অর্থপূর্ণ হয়। এছাড়া অপশন (খ) ও (গ) অর্থপূর্ণ নয়। আর অপশন (ঘ)-তে Inspite-এর পরে of নেই।*

19. Four independent — testified to seeing him at the scene of the crime.

Premier Bank Ltd. trainee junior Officer (general) 2020 উত্তর খ

ⓚ Person ⓚ Witnesses ⓖ Spectator ⓖ Attestant

Hints : *অপরাধ সংঘটিত হওয়ার সময়ে অন্য কেউ যদি তা দেখে ফেলে এবং সবকিছু জেনে ফেলে তবে তাকে সাক্ষী বা প্রত্যক্ষদর্শী বলা হয়। তাই অপরাধ প্রমাণ করার জন্য প্রত্যক্ষদর্শী বা সাক্ষীর প্রয়োজন হয়।*

20. — by people's perception it seems that democracy has succeeded in Bangladesh.

Premier Bank Ltd. trainee junior Officer (general) 2020 উত্তর খ

ⓚ Following ⓚ Going ⓖ Making ⓖ Planned

Hints : *কোনো কিছু অনুসারে বুঝাতে phasal verb হিসেবে Go by ব্যবহৃত হয়। এখানে by preposition-এর পুবে going শব্দটি ব্যবহার করলে বাক্যটি অর্থপূর্ণ হয়।*

21. I will write a letter to you tentatively — the dates of the program.

